

করোনার এ সংকটেও প্রথম আলো উত্তর আমেরিকা আছে আপনাদের পাশে। সবাই সুস্থ ও নিরাপদ থাকুন। সংক্রমণরোধে নিয়মকানুন মেনে চলুন।

প্রথম আলো

Prothom Alo North America

23 December 2021, Thursday, 5th Year, Issue 249 40 Pages



নিউইয়র্ক নগরে পাঁচ নারী ডেপুটি মেয়র
পৃষ্ঠা: ১৫

২৩ ডিসেম্বর ২০২১, ৮ পৌষ ১৪২৮, ১৯ জমাদিউল আউয়াল ১৪৪৩, বৃহস্পতিবার, বর্ষ ৫, সংখ্যা ২৪৯, পৃষ্ঠা: ৪০

বাইডেনকে নিয়ে হতাশ ডেমোক্র্যাটরাই

ইব্রাহীম চৌধুরী

মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতা গ্রহণের এক বছর পূর্তির আগেই হতাশ দলীয় লোকজন। ডেমোক্র্যাট দলের উদারনৈতিক পক্ষ, বেশ কয়েকমাস ছাড় দেয়ার পর তাঁদের যেন অপেক্ষার অবসান ঘটেছে।

ডেমোক্র্যাট দলের পক্ষ থেকে জাতীয় রাজনীতিতে যে পরিবর্তনের প্রত্যাশা করা হয়েছিল, তা এখন অনেকটাই উবে গেছে। ট্রাম্পের সময় থেকে বেরিয়ে আসার জন্য যেসব কর্মসূচির দ্রুত বাস্তবায়ন দেখার প্রত্যাশা ছিল, তাঁর কোনো কিছুই অর্জন না হওয়ায় সর্বত্র ক্ষোভ আর হতাশা বিরাজ করছে।

এমনকি প্রেসিডেন্ট জো বাইডেনের সর্বশেষ ‘বিশ্ব ব্যাক বেটার আমেরিকা’ প্রস্তাবের বিরোধিতায় দাঁড়িয়ে পড়েছেন খোদ দলেরই একজন সিনেটর।



২০২২ সালের মধ্যবর্তী নির্বাচনে প্রতিনিধি পরিষদ ও সিনেটে ডেমোক্র্যাট দলের ভরাডুবি এখন মার্কিন রাজনীতিতে প্রধান আলোচনার বিষয়।

গত বছরের জানুয়ারি মাসে প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতা গ্রহণ

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেলের বিরুদ্ধে ট্রাম্পের মামলা

জাহিদা আলম

সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবার মামলা করেছেন নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল ল্যাটিসিয়া জেমসের বিরুদ্ধে। তাঁর বিরুদ্ধে নিউইয়র্কে পরিচালিত মামলা ও তদন্ত বন্ধ করার জন্য এ উদ্যোগ নেয়া হয়েছে।

২০ ডিসেম্বর নিউইয়র্কের রাজধানী আলবানীতে নর্দার্ন ডিসট্রিক্ট আদালতে দায়ের করা এ মামলায় রাজনৈতিকভাবে প্রভাবিত তদন্ত কাজ বন্ধ রাখার জন্য



ডোনাল্ড ট্রাম্প

আদালতে আবেদন জানানো হয়েছে।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

অভিজিৎ হত্যা খুনিদের তথ্য চেয়ে ৫০ লাখ ডলার পুরস্কার ঘোষণা

রোকেয়া দীপা

বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন নাগরিক ব্লগার ও লেখক অভিজিৎ রায়কে হত্যার মূল পরিকল্পনাকারীদের বিষয়ে তথ্য প্রদান করলে ৫০ লাখ ডলার পুরস্কার ঘোষণা করেছে মার্কিন পররাষ্ট্র দপ্তর। এই হত্যার পরিকল্পনাকারী হিসেবে সৈয়দ জিয়াউল হক (মেজর জিয়া) এবং আকরাম হোসেনের নাম এসেছিল। মার্কিন পররাষ্ট্র দপ্তর তাদের ব্যাপারে তথ্য চেয়ে এ পুরস্কার ঘোষণা করেছে। ২০ ডিসেম্বর মার্কিন পররাষ্ট্র দপ্তরের রিওয়ার্ডস ফর জাস্টিস কর্মসূচির এক টুইট বার্তায় এই



অভিজিৎ রায়

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

রোহিঙ্গা হত্যাকাণ্ডে ‘আরসা’ জড়িত: জাতিসংঘ

ঢাকা অফিস

কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পে আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মির (আরসা) উপস্থিতি নিয়ে ভিন্ন ভিন্ন বক্তব্য দিচ্ছে জাতিসংঘ ও বাংলাদেশ। জাতিসংঘ বলছে, রোহিঙ্গা নেতা মুহিবুল্লাহকে আরসার সদস্যরা হত্যা করেছে। অন্যদিকে বাংলাদেশ বলছে, রোহিঙ্গা

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১



বড়দিন

আমেরিকার উত্তর পূর্বাঞ্চলে পেনসিলভেনিয়ার পেডেলার্স ভিলেজ। বড়দিন উপলক্ষে আলোর বিন্যাসে সাজানো এই গ্রামকে দেখতে আসছেন বহু ভ্রমণপিপাসু। পেডেলার্স ভিলেজ থেকে ১৯ ডিসেম্বর রোববার ছবিটি ক্যামেরাবন্দী করেছেন আলোকচিত্রী ঈশরা চৌধুরী

ওমিক্রনের কবলে আমেরিকা

যুক্তরাষ্ট্রে করোনাভাইরাস

রওশন হক

দ্রুত বিস্তার লাভ করেছে ওমিক্রন। আট লাখ চড়াইয়ে যাওয়া আমেরিকায় এখন ওমিক্রনই হয়ে উঠেছে আধিপত্যশীল ধরন। এরমধ্যে ওমিক্রনে প্রথম ব্যক্তির মৃত্যু নিশ্চিত হওয়া গেছে। প্রতিদিন ছ ছ করে বাড়ছে সংক্রমণটি।

২০ ডিসেম্বর সোমবার ফেডারেল স্বাস্থ্য কর্মকর্তারা বলেছেন, আগের সপ্তাহে যেসব মানুষ নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন

তার মধ্যে শতকরা ৭৩ ভাগই ওমিক্রন সংক্রমিত। মাত্র এক সপ্তাহে এর কারণে সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের (সিডিসি) জানিয়েছে। সিডিসি জানায়, গত শনিবার শেষ হওয়া সপ্তাহে দেশটিতে নতুন শনাক্ত করোনা রোগীদের মধ্যে ৭৩ দশমিক ২ শতাংশই ওমিক্রন ধরনে সংক্রমিত। যুক্তরাষ্ট্রের বেশির ভাগ স্থানে সংক্রমণ ৬ গুনেরও বেশি।

নিউইয়র্ক, সাউথইস্ট, শিল্লাঞ্চল মিডওয়েস্ট এবং প্যাসিফিক নর্থওয়েস্ট

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৫

বড়দিন ঘিরে সংক্রমণ বৃদ্ধির আশঙ্কা ফাউসির

উত্তর আমেরিকা ডেস্ক

বড়দিন ও এর আগে-পরে মানুষের যাতায়াত বেশি হওয়ায় ওমিক্রনের সংক্রমণ বাড়বে। পূর্ণ ভোজ টিকাগ্রাস্তদেরও অনেকে

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

বড়দিনের শুভেচ্ছা

বড়দিন উপলক্ষে আমাদের সব পাঠক, বিজ্ঞাপনদাতা, শুভানুধ্যায়ীসহ সবাইকে শুভেচ্ছা। - সম্পাদক

Marks Home Care

মার্কস হোম কেয়ার

FOLLOW US ON
Facebook Instagram
@marks.homecare
FOR LATEST EVENTS,
PRIZES AND GIVEAWAYS

E-mail : info@markshhc.com
www.markshhc.com

আমরা নতুন গ্রাহক এবং
এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।
We Welcome Agency Transfers
and New Clients.

✓ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
✓ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
✓ আকর্ষণীয় সাপ্তাহিক আয়ের নিশ্চয়তা

বিস্তারিত জানতে কল করুন
718-697-7707

Bronx	Brooklyn	Queens	Hicksville	Buffalo
1232 Virginia Ave Bronx, NY 10472	413 Bay Ridge Ave Brooklyn, NY 11220	40-04 Junction Blvd Corona, NY 11368	217 Bethpage road Hicksville, NY 11801	1049 Broadway St. Suite # 4 Buffalo, NY 14212
1514 Castle Hill Ave Bronx, NY 10462	219 Church Ave Brooklyn, NY 11218	37-20 74th Street Jackson Hts, NY 11372		
	1122 Coney Island Ave Suite 220 (2nd fl.) Brooklyn, NY 11230	148-37 Hillside Ave Jamaica, NY 11435		

CHISHTI CPA PC

Trusted Accounting and Tax Services.

Over 13 years of Accounting and Taxation Experience.

ইনকাম ট্যাক্স আমাদের সেবাসমূহ

- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিজনেস ট্যাক্স রিটার্ন
- সেফ-এম্প্লয়েড ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return
- Corporate Tax Return
- Small Businesses Tax Return
- Self-employed (Uber/Lyft/Cab drivers)

একাউন্টিং ও বুককিপিং

- Payroll
- W2s, 1099s
- Financial Statements
- Sales Tax Quarterly and year end filings

আমাদের অফিস জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে

Mohammed K. Chishti, CPA, MBA

Call/email/make appointment at www.chishtiaccounting.com T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY11372



Queens Social Adult
Day Care Center Inc

কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরনের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রাহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- ▶ নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ▶ ফিন্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ▶ ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- ▶ নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- ▶ চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ▶ ওজু ও নামাজের ব্যবস্থা
- ▶ টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ▶ ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- ▶ সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা
- ▶ শিক্ষা কার্যক্রম
- ▶ কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- ▶ গ্রন্থাগার
- ▶ শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ▶ ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ▶ ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- ▶ রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- ▶ পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- ▶ মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- ▶ পিকনিক
- ▶ যাদুঘর ভ্রমণ
- ▶ সমুদ্র সৈকতে পার্টি
- ▶ নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- ▶ শান্ত সময়
- ▶ ধ্যান

অবসর কার্যক্রম

- ▶ কেরাম বোর্ড
- ▶ লুডু
- ▶ দাবা
- ▶ ধাঁধা
- ▶ অধ্যয়ন



For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com



**ACE INSTITUTE
OF TECHNOLOGY**

এইস্ ইন্সটিটিউট অফ টেকনোলজি

২০১৯ সাল বাঙালীদের জন্য দারুন সুখবর!

Where it's all about excellence in education

নিউইয়র্ক স্টেট শিক্ষা অধিদপ্তর কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত

Licensed by New York State Department of Education.

কাউন্সিল অব অকুপেশনাল এডুকেশন (সিওই) কর্তৃক এক্রেডিয়েশনপ্রাপ্ত



**BECOME A
MEDICAL
ASSISTANT**

- EKG Technician & Phlebotomy Technician
- Medical Insurance, Billing & Records

**Diagnostic
Medical
Sonographer**



**BECOME A
COMPUTER
NETWORK
ADMINISTRATOR**

- PC Technician (A+ Cert.)
- Networking Concepts (N+ Cert.)
- Network Security (Security+ Cert.)
- Computer Networking (MCITP/MCTS)

**Web & Graphic
Design**

বিস্তারিত জানতে ভিজিট করুন:

www.acecareer.edu | info@acecareer.edu

সুবিধাজনক ক্লাশসূচি

প্রভাতী ক্লাশ

সকাল ৯টা থেকে দুপুর ২টা

সন্ধ্যাকালীন ক্লাশ

বিকাল ৬টা থেকে রাত ৯টা

সাপ্তাহিক ছুটির দিনেও ক্লাশের
সুযোগ রয়েছে।

আনুষঙ্গিক সুবিধা সমূহ

Financial Aid available for
select program to those
who qualify.

যোগাযোগ: MANHATTAN 212-695-9700, QUEENS 718-575-3223

40-38. 75th Street, Elmhurst, NY 11373

Gehi Associates
ATTORNEYS AT LAW

www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372

104-05 Liberty Ave, Ozone Park, NY-11417

173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

TEL: 718-263-5999

TEL: 718-577-0711

TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোস *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ারনসি ভিসা প্রসেসিং



Naresh Gehi, Esq.



- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

**IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR
DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.**

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING
TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

*তুলনামূলকভাবে কম ফি *সক্ষ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ



Raja Kumar

আমরা বাংলায় কথা বলি

মিথ্যা:

ব্রেকথ্রু কেসের মানে হল, টিকা কাজ করে না।

সত্য:

ভেটা অপ্রতিরোধ্যভাবে দেখায় যে টিকা কার্যকর এবং তা মানুষকে হাসপাতালে ভর্তি হওয়া বা মৃত্যুর হাত থেকে বাঁচায়। ব্রেকথ্রু সংক্রমণ ঘটে থাকে এবং তা যেকোনো টিকার ক্ষেত্রেই সম্ভব। কোন টিকাই সংক্রমণ প্রতিরোধে 100% কার্যকর নয়।

COVID-19 টিকা জীবন বাঁচায়। টিকা নিন।

আরো তথ্যের জন্য, [NYC.GOV/COVIDVACCINE](https://nyc.gov/covidvaccine) ভিজিট করুন।

NYC VACCINE FOR ALL:
SAFE, FREE, EASY



NYC
Health

Bill de Blasio
মেয়র
Dave A. Chokshi, MD, MSc
কমিশনার

সতর্কীকরণ: সীসা থাকতে পারে

দক্ষিণ এশিয়ার দেশগুলিতে কেনা মশলায় সীসা থাকতে পারে, যা শিশুদের মধ্যে শিক্ষা এবং আচরণগত সমস্যা তৈরি করতে পারে, গর্ভবতী মহিলাদের গর্ভপাত, এবং বন্ধ্যাত্ব ঘটতে পারে।

- স্থানীয় মশলা কিনুন।
- আপনি যদি দক্ষিণ এশিয়া থেকে কেনা মশলা ব্যবহার করেন, তাহলে আপনার ডাক্তারকে রক্তে সীসার উপস্থিতি পরীক্ষার জন্য বলুন।

আরো তথ্যের জন্য **311** নম্বরে ফোন করুন বা nyc.gov/leadfree দেখুন।

NYC
Health

Bill de Blasio
মেয়র
Dave A. Chokshi, MD, MSc
কমিশনার

ওমিক্রন ছড়ানোর
আশঙ্কায় কিছু উৎসব
বাতিলের আত্মনা
ডব্লিউএইচওর

উত্তর আমেরিকা
ডেস্ক



করোনার ওমিক্রন ভ্যারিয়েন্ট দ্রুত বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ায় জনস্বাস্থ্য রক্ষার স্বার্থে কিছু উৎসব বাতিলের আত্মনা জানিয়েছেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান ড. টেড্রোস আধানম ঘেব্রেইয়াস। ডেলটা ভ্যারিয়েন্টের চেয়ে ওমিক্রন দ্রুত ছড়ানোর প্রমাণ মিলেছে উল্লেখ করে তিনি এ আত্মনা জানান।

ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির এক প্রতিবেদনে বলা হয়, ডাব্লিউএইচওর প্রধান আধানম বলেন, 'জীবননাশের চেয়ে ইভেন্ট বাতিল করা বা বিলম্বিত করা ভালো। এখনই উদযাপন করা এবং পরে শোক করার চেয়ে এখন বাতিল করা এবং পরে উদযাপন করা ভালো। তাই কিছু ক্ষেত্রে অনুষ্ঠান বাতিল করা বা বিলম্বিত করার মতো 'কঠিন সিদ্ধান্ত' নিতে হবে। আমাদের নিজস্বের জন্য এবং অন্যদের রক্ষা করার জন্য অবশ্যই এই সিদ্ধান্ত নিতে হবে।

ওমিক্রন ভয়াবহ আকার ধারণের আশঙ্কায় এরই মধ্যে ফ্রান্স, জার্মানিসহ বেশ কয়েকটি দেশ কোভিড বিধিনিষেধ কঠোর করেছে, ভ্রমণ নিষেধাজ্ঞা আরোপ করেছে। নেদারল্যান্ডস ক্রিসমাসের সময়কালে কঠোর লকডাউন চালু করেছে। যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি) এবং স্টেট ডিপার্টমেন্ট আমেরিকানদের স্পেন, ফিনল্যান্ড, চাদ, লেবাননসহ আটটি জায়গায় ভ্রমণ না করার পরামর্শ দিয়েছে। দেশটির শীর্ষস্থানীয় সংক্রামক রোগ বিশেষজ্ঞ ডা. অ্যান্টনি ফার্সি এর আগে সতর্ক করেছিলেন যে, ক্রিসমাসে ভ্রমণ পূর্ণ ডোজ টিকাগ্রহণের মধ্যেও ওমিক্রনের বিস্তার বাড়িয়ে দেবে। স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলেন, ওমিক্রন মার্কিন যুক্তরাষ্ট্রে প্রভাবশালী হয়ে উঠেছে। এর মাঝেও সোমবার হোয়াইট হাউস বলেছে, প্রেসিডেন্ট জো বাইডেন 'দেশ লক ডাউন' করার পরিকল্পনা করেন না। একই দিন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন বলেন, ইংল্যান্ডে ওমিক্রনের সংক্রমণ বেড়েছে। নতুন বিধিনিষেধ দিতে হবে।

বাংলাদেশি বংশোদ্ভূত আশিকুলের দায় স্বীকার!

রহমান মাহবুব

টাইমস স্কয়ারে হামলা পরিকল্পনার অভিযোগে নিউইয়র্কে গ্রেপ্তার বাংলাদেশি বংশোদ্ভূত আশিকুল আলম আদালতে দায় স্বীকার করেছেন। নিজে থেকেই অপরাধ স্বীকার করে নেয়ার বিচারিক সমঝোতা অনুযায়ী আশিকুলকে পাঁচ বছরের দণ্ড ভোগ করতে হবে। দণ্ড ভোগ শেষে কারামুক্তির পর তাকে আমেরিকা থেকে করে বাংলাদেশে পাঠিয়ে দেয়া হবে।

১৭ ডিসেম্বর শুক্রবার ব্রুকলিনের ফেডারেল আদালতে ইউএস ম্যাজিস্ট্রেট রবার্ট এম লেভির আদালতে আশিকুল জ্ঞাতসারে সিরিয়াল নম্বরহীন আগ্নেয়াস্ত্র নিজের মালিকানা নিয়ে আসার অপরাধ স্বীকার করেছেন। একই আদালতে তাকে আমেরিকা থেকে বিতাড়নের জন্য নির্দেশ প্রদানের শাস্তির বিষয়ও মেনে নিয়েছেন আশিকুল আলম।

টাইমস স্কয়ারে হামলা পরিকল্পনার অভিযোগে ২০১৯ সালের জুন মাসে আশিকুল আলমকে গ্রেপ্তার করা হয়। এর পর আদালতে তার বিরুদ্ধে হামলা পরিকল্পনার অংশ হিসেবে অবৈধভাবে আগ্নেয়াস্ত্র রাখার অভিযোগ আনা হয়। গ্রেপ্তারের পর প্রসিকিউশন থেকে দাবি করা হয় বেশ কিছুদিন ধরেই আশিকুলকে নজরদারিতে রাখা হয়েছিল। ২২ বছর বয়সী আশিকুল তখন বাংলাদেশি বহুল জ্যাকসন হাইটসেই বসবাস করতেন। অভিযান সূত্রে তিনি যুক্তরাষ্ট্রের গ্রীন কার্ডধারী বলে তখন বলা হয়েছিল। ২০১৯ সালের ৬ জুন গ্রেপ্তারের একদিন পর ব্রুকলিনের ইউএস ডিস্ট্রিক্ট কোর্টে আশিকুলকে হাজির করা হয়। আইনজীবী জেমস ডারো তাঁর মক্কেলকে দুই লাখ ডলার মুচলেকা নিয়ে ছেড়ে দিতে আবেদন জানান। অনুরোধ করেন, কারাগারে না রেখে তাকে গৃহবন্দী করে পর্যবেক্ষণে রাখার জন্য। ডারো আরও জানান, আশিকুল তার মা-বাবার সঙ্গেই থাকেন এবং তারা বন্ডে স্বাক্ষর করার জন্য প্রস্তুত আছেন। তবে আদালতে সংক্ষিপ্ত শুনানির পর বিচারপতি চেরিল পোলাক আশিকুলকে জামিন না দিয়ে আটক রাখার নির্দেশ দেন।

ব্রুকলিনের ফেডারেল আদালতে দায়েরকৃত অভিযোগ থেকে জানা যায়, আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকর্তাদের কাছ থেকে ছিনিয়ে নেয়া দুটি গ্লক ১৯ আধা



আশিকুল আলম

স্বয়ংক্রিয় পিস্তল উদ্ধার করা হয়েছে আশিকুলের কাছ থেকে। এরপরই তাকে গ্রেপ্তার করা হয়। এক কর্মকর্তা জানান, আশিকুলকে কড়া নজরদারিতে রাখা হয়েছিল। একজন গোয়েন্দা ছদ্মবেশে তাকে অনুসরণ করছিলেন। ওই গোয়েন্দার সঙ্গে কথাও হয়েছিল আশিকুলের। দু'জনের সাক্ষাতে সে (আশিকুল) নাইন ইলেভেন হামলাকে সমর্থন জানিয়েছিল। হামলায় সুইসাইড ভেস্ট ও হাতবোমা ব্যবহার নিয়েও আলোচনা করেছিল সে। যুক্তরাষ্ট্রের আর্টিন রিচার্ড ডোনোথুয়ে এক বিবৃতিতে বলেন, 'অভিযোগ অনুযায়ী, আশিকুল আলম আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকর্তাদের হত্যা ও টাইমস স্কয়ারে বেসামরিকদের ওপর হামলা পরিকল্পনার অংশ হিসেবে অবৈধ অস্ত্র কিনেছিল।' সে টাইমস স্কয়ার কিংবা এক মার্কিন সরকারী কর্মকর্তাকে হত্যার জন্য ওয়াশিংটনে হামলার প্রস্তাব দিয়েছিল বলেও উল্লেখ করা হয়েছে অভিযোগে। দায়েরকৃত অভিযোগ থেকে আরও জানা গেছে, ২০১৯ সালের এপ্রিলে পেনসিলভানিয়ায় ছদ্মবেশী ওই গোয়েন্দা কর্মকর্তার সঙ্গে সাক্ষাৎ হয়েছিল আশিকুলের। সে জানিয়েছিল, হামলার আগে চোখে লেজার চিকিৎসা করাবে যেন সেসময় চশমা পরতে না হয়। মিডিয়া যেন তাকে 'অন্ধ সন্ত্রাসী' নাম না দিতে পারে।

মামলার রায় ঘোষণার পর ইউএস অ্যাটর্নি ব্রিয়ন পিস বলেন, আমেরিকার লোকজনকে দেশে ও দেশের বাইরে নিরাপত্তার মধ্যে রাখা তাঁদের সর্বোচ্চ অগ্রাধিকার। সন্ত্রাসী অভিযোগে অভিযুক্ত আশিকুল আলম স্বেচ্ছায় অপরাধ স্বীকার করেছেন বলে ব্রিয়ন পিস তাঁর বিবৃতিতে উল্লেখ করেন।

IMMIGRATION LAW OFFICE

ইমিগ্রেশন'ল অফিস

Dilli R. Bhatta
Attorney at Law

Shamim Shahed
Certified Paralegal

- Immigration
- Asylum & Defence from Deportation
- Family Law
- Accident & Injury
- Business Law
- Any Kind of Visa Processing

BHATTA LAW & ASSOCIATES

(631) 805 1051

37-07 74th Street, Suite # 3
Jackson Heights, NY-11372

Parkchester + Medical

PARKCHESTER MEDICAL

পার্কচেস্টার মেডিক্যাল

WE WELCOME WALK INS

MEDICAL CENTER

1211 WHITE PLAINS ROAD, BRONX, NY 10472
TEL: 718-828-6610

WE ARE OPEN:

MONDAY & THURSDAY 8:30AM-8:00PM | TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM | SATURDAY 9:00AM-3:00PM

WE ACCEPT ALL MEDICAID / MEDICARE MOST INSURANCES ACCEPTED INCLUDING WORKERS COMP. NO-FAULT, SLIP AND FALL.

আমরা বাংলায় কথা বলি

মেডিক্যাল সময়সূচি:

সোমবার এবং বৃহস্পতিবার সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৮:০০টা

মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৬:০০টা

শনিবার সকাল ৯:০০ মিঃ থেকে দুপুর ৩:০০টা

আমরা সকল প্রকার মেডিকেইড ও মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি। সাথে আরো আছে: • কর্মস্থলের ক্ষতিপূরণ • নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া

শারীরিক অভ্যন্তরীণ সমস্যা
শ্বাসকষ্ট, ডায়বেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র

প্রথম আলো

Prothom Alo North America

৫০তম বিজয়ের দিন

বাঙালির স্বাধীন স্বদেশের ৫০তম বিজয়ের দিন পালন করেছে ১৬ ডিসেম্বর। যে রক্তক্ষয়ী যুদ্ধ শুরু হয়েছিল একাত্তরের মার্চে, তার অবসান হয়েছিল ৩০ লাখ শহীদের রক্তের বিনিময়ে। ১৯৭১ সালে যে জাতীয় ঐক্য গড়ে উঠেছিল, আমাদের জাতীয় ইতিহাসে সে রকম ঐক্য আর কখনওই দেখা যায়নি। এই ঐক্যের কারণেই নয় মাস যুদ্ধের পর পাকিস্তানি বাহিনীকে হটিয়ে দিতে পেরেছিল মুক্তিবাহিনী ও মিত্রবাহিনী। বিধ্বস্ত পাকিস্তানি নেতা নিয়াজী আত্মসমর্পণ করা ছাড়া আর কোনো উপায় খুঁজে পাননি। রেসকোর্স ময়দানে যৌথ কমান্ডের কাছে আত্মসমর্পণ করে পাকিস্তানিরা বিদায় নিল বাংলাদেশ থেকে। এখানে বলে রাখা দরকার, শুধু পাকিস্তানিদের হটিয়ে দেয়াই স্বাধীনতা বা মুক্তির লক্ষ্য ছিল না; লক্ষ্য ছিল একটি অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক এবং ন্যায়ভিত্তিক রাষ্ট্র প্রতিষ্ঠা। জাতি-ধর্মনির্বিশেষে সবার থাকবে সমান অধিকার।

এখানে বলে রাখা দরকার, শুধু পাকিস্তানিদের হটিয়ে দেয়াই স্বাধীনতা বা মুক্তির লক্ষ্য ছিল না; লক্ষ্য ছিল একটি অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক এবং ন্যায়ভিত্তিক রাষ্ট্র প্রতিষ্ঠা। জাতি, ধর্ম নির্বিশেষে সবার থাকবে সমান অধিকার। বিজয়ের ৫০ বছরে এসে দেখতে পাচ্ছি, অর্থনীতির নানা সূচকে আমরা এগিয়েছি অনেক। স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে পরিণত হয়েছি। কিছু ক্ষেত্রে আবার পিছিয়েছিও। গণতন্ত্র এখনও শক্তিশালী ভিত্তি পায়নি। এখনও দেশ অসাম্প্রদায়িক হয়ে ওঠেনি। ধর্ম ব্যবসায়ীদের পরিপূর্ণভাবে রুশে দেয়া সম্ভব হয়নি। ঘৃষাখোর, দুর্নীতিবাজরা সমাজে সন্মান পাওয়া শুরু করেছে, নানাভাবে সং মানুষেরা জায়গা খুঁজে পাচ্ছেন না সমাজে। এই জায়গাগুলোয় আরও অনেক কাজ করার প্রয়োজন রয়েছে। দাম দিয়ে কেনা বাংলাকে সত্যিকার অর্থে সোনার বাংলায় রূপান্তরিত করতে হলে যে ত্যাগ, নিষ্ঠা ও মেধার প্রয়োগ প্রয়োজন, তারই প্রত্যাশা থাকল নতুন প্রজন্মের কাছে।

সবাইকে বিজয় দিবসের শুভেচ্ছা।

আন্তর্জাতিক অভিবাসী দিবস এবং বাংলাদেশের অভিবাসীরা

১৮ ডিসেম্বর আন্তর্জাতিক অভিবাসী দিবস। দিবসটি দিবসটি উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে বলেন, বৈশ্বিক শ্রম বাজারে কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব পড়ায় অনেক অভিবাসী ইতিমধ্যে দেশে প্রত্যাবর্তন করেছেন। আমরা তাদের জন্য স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণ এবং পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করেছি।

করোনাভাইরাস মহামারির প্রভাব কাটিয়ে উঠতে শুরু করেছে বৈদেশিক কর্মসংস্থান খাত। গত বছরের চেয়ে দ্বিগুণের বেশি কর্মী গেছে বিভিন্ন দেশে। আগের বছরের তুলনায় ছয় মাস ধরে প্রতি মাসেই কর্মী পাঠানো বেড়েছে। কিন্তু একই সময়ে কমেছে রেমিট্যান্স বা প্রবাসী আয়। এটি বাড়াতে হলে আনুষ্ঠানিক বাতে টাকা পাঠানো আরও উৎসাহী করতে হবে বলে মনে করেন সংশ্লিষ্ট ব্যক্তারা।

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) তথ্য বলছে, গত বছর কাজ নিয়ে বিদেশে যান ২ লাখ ১৭ হাজার ৪৬৯ জন। এর মধ্যে এপ্রিল থেকে জুন পর্যন্ত তিন মাস পুরোপুরি বন্ধ ছিল বিদেশে যাওয়া। এ বছরের শুরু থেকে বাড়তে থাকলেও মাঝে করোনার দ্বিতীয় ঢেউয়ের প্রভাবে এপ্রিল-মে ও জুলাই-আগস্টে কমে যায় প্রবাসে কর্মসংস্থান। সব মিলে প্রথম ১১ মাসে বিভিন্ন দেশে গেছেন ৪ লাখ ৮৫ হাজার ৮৯৩ জন। বছর শেষে এটি সাড়ে ৫ লাখ ছাড়তে পারে। বিএমইটি ও বাংলাদেশ ব্যাংকের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, গত বছরের জুন থেকে নভেম্বর পর্যন্ত ৬ মাসে বিভিন্ন দেশে গেছেন ৮ হাজার ৫৩ জন। একই সময়ে দেশে প্রবাসী আয় এসেছে ১ লাখ ৭ হাজার ৯৫৬ কোটি টাকা। এ বছর একই সময়ে গেছেন ২ লাখ ৯০ হাজার ৬৫৩ জন। এবারের ছয় মাসে কর্মসংস্থান ব্যাপক বাড়লেও প্রবাসী আয় এসেছে ৮৯ হাজার ৮৫৭ কোটি টাকা। অর্থাৎ ছয় মাসে ২ লাখ ৮২ হাজার ৬০০ কর্মী পাঠানো বাড়লেও প্রবাসী আয় কমেছে ১৮ হাজার ৯৯ কোটি টাকা। গত বছর প্রবাসীর সংখ্যা আনুপাতিক হারে বাড়েনি। এর প্রভাবে আয় কিছুটা কমতে পারে। এ বছর যাওয়া বাড়লেও তার সুফল পেতে সময় লাগবে। ২ শতাংশ প্রণোদনার চেয়েও খোলাবাজারে বেশি পাওয়া যাচ্ছে ডলারের দাম। প্রণোদনা বাড়ানোর কথা ভাবতে পারে সরকার।

বিদেশে কর্মী পাঠানোর সঙ্গে সংশ্লিষ্ট সরকারী-বেসরকারী সূত্র বলছে, বিদেশের শ্রমবাজার ঘিরে নানা শঙ্কার মধ্যে নতুন সম্ভাবনাও দেখা যাচ্ছে। এ সম্ভাবনা কাজে লাগাতে দক্ষ কর্মী তৈরির বিকল্প নেই। অভিবাসন খরচ শূন্যের কোঠায় নামিয়ে আনতে হবে। এতে করে বৈধ পথে বা নৈতিক অভিবাসনের বিস্তৃতি বাড়বে। নভেম্বরে যে প্রবাসী আয় এসেছে, তা গত ১৮ মাসের মধ্যে সর্বনিম্ন। বৈধ পথে প্রবাসী আয় এলে অতিরিক্ত ২ শতাংশ প্রণোদনা বহাল আছে। তবে অবৈধ পথে এলে আরও বেশি অর্থ পাওয়া যাচ্ছে। ব্যাংকিং চ্যানেলে ডলারের মূল্য ৮৫ টাকা ৮০ পয়সা হলেও খোলাবাজারে ডলার ৯০ টাকা ছাড়িয়ে গেছে। প্রবাসী আয় কমে যাওয়ার এমন শঙ্কা থেকেই চলতি বাজেটের আগে প্রবাসী আয়ে প্রণোদনা ২ থেকে বাড়িয়ে ৪ শতাংশ করার প্রস্তাব দিয়েছিল প্রবাসী মন্ত্রণালয়, যা আমলে নেয়নি অর্থ মন্ত্রণালয়। ব্যাংক কর্মকর্তারা বলেনছেন, করোনা মহামারি শুরুর পর উড্ডোজহাজ যোগাযোগ বন্ধ হয়ে যায়। ফলে অবৈধ পথে আয় অসহ্য ও বন্ধ হয়। এতে প্রবাসী আয়ে নতুন নতুন রেকর্ড হয়। এখন যোগাযোগ ব্যবস্থা চালু হয়েছে, কর্মী যাওয়া বাড়ছে। প্রবাসী আয়ও কমেতে শুরু করেছে।

বেসরকারী খাতে কর্মী পাঠানোর সঙ্গে জড়িত রিক্রুটিং এজেন্সির মালিকেরা বলেনছেন, বিদেশে মাত্র ২ শতাংশ কর্মী গেছেন সরকারী ব্যবস্থাপনায়। বেসরকারী খাতেও নতুন কর্মীদের জন্য অধিকাংশ ভিসা সরবরাহ করেন প্রবাসী কর্মীরা। রিক্রুটিং এজেন্সি প্রক্রিয়াগত কাজ করে। এতে প্রতিটি ভিসা নিয়ে একটি বাণিজ্য হয়। মধ্যপ্রাচ্য থেকে একটি ভিসা নিতে অন্তত ৫০০ মার্কিন ডলার বা ৪৫ হাজার টাকা লেনদেন হয়। বৈধ পথে বিদেশে টাকা পাঠানোর সুযোগ না থাকায় এ টাকা বিদেশে যায় ছুটির (অবৈধ লেনদেন) মাধ্যমে। তাই বৈধ পথে টাকা পাঠানোর সুযোগ দিতে হবে; না হলে ভিসা-বাণিজ্য বন্ধ করতে হবে।

আন্তর্জাতিক অভিবাসী দিবসের এসব ভাবনার মধ্য দিয়েই বিশ্বজুড়ে বাংলাদেশের অভিবাসী শ্রমিকদের সমস্যা ও সমাধানকে গুরুত্ব দেয়া হোক।

নাসিমা আক্তার

সৃষ্টির আদি থেকে শিশু পৃথিবীতে ভূমিষ্ঠ হবার পর থেকেই নিজের অস্তিত্ব সম্পর্কে সচেতন হতে থাকে। যেমন তার ক্ষুধা তৃষ্ণা মেটানোর জন্য তাকে কিছু সংকেত দিতে হয়, হোক সেটি কামা রাগ বা ক্ষোভের মাধ্যমে। এভাবে সে তার সকল অনুভূতি প্রকাশ করে। তখন থেকেই সে তার স্বাতন্ত্র্য স্বভার বিকাশ ঘটায়। ধীরে ধীরে সে পূর্ণাঙ্গ ব্যক্তি হয়ে ওঠে এবং তার ব্যক্তিত্বের বিকাশে ঘটে। এই ব্যক্তিত্বের বিকাশের মাধ্যমেই সে নিজের পরিচয়কে তুলে ধরে। ব্যক্তিত্ব বিষয়টি হলো Identity এবং ব্যক্তিস্বাতন্ত্র্য হলো Individuality. ব্যক্তিস্বাতন্ত্র্যতা হলো নিজস্ব অধিকার, আর Identity সার্বজনীন। যেটিকে অন্য কেউ মান নির্ধারণ করার সুযোগ থাকে।

তাহলে আমরা কোনটির মান আগে নির্ধারণ করব? ব্যক্তিস্বাতন্ত্র্যের নাকি ব্যক্তিত্বের? এই ব্যক্তিত্বের বিকাশই কি তার ব্যক্তি স্বাতন্ত্র্যতা? নাকি তার স্বাতন্ত্র্যতাই ব্যক্তিত্ব? ধরে নেয়া যাক, একজন মানুষ যখন কোনো কাজ করে বা যেকোনো বিষয়ে তার অনুভূতি বা ভাবনা-চিন্তা, চাওয়া-পাওয়া নির্ধারণ বা প্রত্যাশা করে সেটিই তার স্বাতন্ত্র্যতা। তাহলে তার ব্যক্তিত্ব কোনটি? মোক্ষা কথা ব্যক্তি যে কাজটি করল সে কাজ করাটি তার স্বাতন্ত্র্যতা। আর তিনি ঐ কাজটি সম্পন্ন করার জন্য যে প্রকৃতির মেধা বা যোগ্যতা বিনিয়োগ করে বা প্রয়োগ করে কাজটি সম্পন্ন করেছেন সেটিই তার ব্যক্তিত্ব।

মন এবং মানসিকতা যেমন দুটো অঙ্গাঙ্গিভাবে জড়িত একটি স্বভার দুটি ভিন্ন রূপ। তেমনি স্বাতন্ত্র্যতা এবং ব্যক্তিত্বও একে অপরের পরিপূরক। একই ব্যক্তির দুটো ভিন্ন প্রকাশ। ব্যক্তিস্বাতন্ত্র্য হলো ‘ব্যক্তি স্বাধীনতা।’ ব্যক্তিস্বাতন্ত্র্য এমনই একটি ব্যক্তিত্বের মাপকাঠি যা তাকে আলাদাভাবে ভিন্ন একটি ইউনিট বা ব্যক্তিস্বত্বা রূপে চিনতে সাহায্য করে। সব মানুষসেই মাঝে কিছু না কিছু স্বাতন্ত্র্য বোধ কাজ করে। কারণ সৃষ্টির আদি থেকে মানুষ একজন আলাদা মানুষ হিসেবেই নিজেকে চিহ্নিত করতে ভালোবাসে। তার কাজ-কর্ম, চাওয়া-পাওয়া, চিন্তার স্বাধীনতা, চলার স্বধীনতা, মত প্রকাশের স্বাধীনতা, এসব কিছুর মধ্য দিয়ে নিজেকে সে ভিন্নভাবে তুলে ধরতে স্বাচ্ছন্দ্য বোধ করে। যদি এমন হয় যে সালেহা যখন তার বাবার

বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কের এক যুগ সন্ধিক্ষণে যোগদানের অপেক্ষায় নতুন রাষ্ট্রদূত পিটার হাস

দেলোয়ার জাহিদ

কূটনীতিক পিটার হাস বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কের এক যুগ সন্ধিক্ষণে পরবর্তী মার্কিন রাষ্ট্রদূত হিসেবে যোগদানের অপেক্ষায় রয়েছেন। যিনি বিদায়ী রাষ্ট্রদূত আর্ল আর মিলারের স্থলাভিষিক্ত হবেন। মার্কিন যুক্তরাষ্ট্র গত ১০ ডিসেম্বর বাংলাদেশের রাষ্ট্রটি অ্যাকশন ব্যাটালিয়ন এবং পুলিশের বর্তমান মহাপরিদর্শক বেনজীর আহমেদসহ সংস্থারটির কর্মকর্তা ও একজন সাবেক শীর্ষ কর্মকর্তার ওপর যে নিষেধাজ্ঞা আরোপ করেছে এতে দুদেশের কূটনৈতিক সম্পর্কে একধরনের টানাপোড়েন চলছে। বাংলাদেশ সরকারের মন্ত্রীমণ্ডলী ও আওয়ামী লীগের নীতি-নির্ধারকদের মধ্যে প্রভাবশালী কয়েকজন রাজনীতিবিদ তাঁদের তীব্র প্রতিক্রিয়ায় এ নিষেধাজ্ঞাকে ভেতর ও বাইরের ষড়যন্ত্রের অংশ হিসেবে বর্ণনা করছেন।

আন্তর্জাতিক অঙ্গনে সম্পর্কের দ্রুত পরিবর্তন এবং যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রে একটি চিত্তাকর্ষক উন্নয়ন ও অর্জনের মধ্য দিয়ে এগিয়ে যাচ্ছে আজকের বাংলাদেশ। বৈশ্বিক রাজনীতিতে বাংলাদেশ এখন একটি গুরুত্বপূর্ণ অংশীদার হয়ে উঠেছে। সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে জাতিসংঘ সাধারণ পরিষদে বাংলাদেশ ঊষাপিত ‘শান্তির সংস্কৃতি’ রেজুলেশন। বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারির নজিরবিহীন ও বহুমুখী চ্যালেঞ্জগুলো বাংলাদেশও সমভাবে মোকাবিলা করে চলেছে।

জানা গেছে, বাংলাদেশে পরবর্তী মার্কিন রাষ্ট্রদূত হিসেবে কূটনীতিক পিটার হাসকে নিয়োগের চূড়ান্ত অনুমোদন দিয়েছে সিনেট। যোগদানের অপেক্ষায় থাকা ওয়াশিংটনের এ কূটনীতিক মরক্কোর মার্কিন দূতাবাসে কূটনীতিক হিসেবে তাঁর কর্মজীবন শুরু করেন। ব্রিটেন ও ভারতে মার্কিন

বড়দিন : ভেদাভেদ ভুলে সবাইকে আপন করে নেয়

আফতাব চৌধুরী

শুভ বড়দিন। খ্রিষ্টান সম্প্রদায়ের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব। শত শত বছর ধরে ২৫ ডিসেম্বর দিনটি খ্রিষ্টগ্নিষ্টের জন্মদিন হিসাবে সারাবিশ্বে উৎসব মুখর পরিবেশে উদ্‌যাপিত হয়ে আসছে। ধর্মীয় উৎসব হলেও দিবসটি ইতিমধ্যে খ্রিষ্টান অধ্যুষিত দেশে, সাংস্কৃতিক জীবনের অবিচ্ছেদ্য অংশে পরিণত হয়েছে। বড়দিন এলেই মনে হয় এটা সব দেশের সব ধর্ম ও বর্ণের এক আন্তর্জাতিক ছুটির দিন। আর কোনো ধর্মের প্রবর্তক বা ধর্মগুরুকে ঘিরে, তাঁর জন্মদিন নিয়ে লাগামছাড়া হই-ছল্লাড় করে আন্তর্জাতিকভাবে ছুটি কাটানো হয় না। হই-ছল্লাড়ই সীমাহীন বেপরোয়ার নিদর্শন পাওয়া যায় বড়দিনের পরের দিন খবরের কাগজের পাতায় দেশ-বিদেশের গাড়ি দুর্ঘটিনায় নিহত-আহতদের বিবরণে।

বেথেলহেমের আন্তাবলে জন্ম নেয়া সেই পরম ধর্মগুরু খ্রিষ্টগ্নিষ্ট বোধহয় কোনোদিন ভাবতেও পারেননি যে তাঁর জন্মদিন ২৫ ডিসেম্বর দিনটি তার ধর্মের অনুসারী ছাড়াও বিভিন্ন ধর্মাসূসারী এমনভাবে ছুটি কাটানোর জন্য বেছে নেবে।

বলাবাহুল্য যে, দিবসটির তাৎপর্য শুধু উৎসব-আনুষ্ঠানিকতার মধ্যেই সীমাবদ্ধ নয়। দুই সহস্রাধিক বছর আগে মহান এক ধর্মীয় নেতার আর্বিভাব পৃথিবীর জন্য বহন করে এনেছিল অসাধারণ এক মঙ্গলবার। বাকিএল অনুযায়ী খ্রিষ্টগ্নিষ্টের জন্ম হয়েছিল জেরুজালেমের বেথলেহেমের একটি গোয়ালঘরে। ভক্ত ও অনুসারীরা গভীরভাবে বিশ্বাস করেন যে, অতি সাধারণ পরিবেশে নিঃস্ব অবস্থায় তাঁর এই জন্মেরও বিশেষ প্রতীকী তাৎপর্য রয়েছে। তিনি নিঃস্ব, রিক্ত,

বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কের এক যুগ সন্ধিক্ষণে যোগদানের অপেক্ষায় নতুন রাষ্ট্রদূত পিটার হাস

দূতাবাসেও গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন তিনি অভিজ্ঞতা অর্জন করেছেন। বলা বাহুল্য বিদায়ী রাষ্ট্রদূত আর্ল আর মিলার বাংলাদেশে তাঁর কর্মকালে এদেশের রাজনৈতিক সংস্কৃতির সাথে অনেকটা খাপ খাইয়ে নিয়েছিলেন।

জাতিসংঘ বাংলাদেশকে একটি উন্নয়নশীল দেশ হিসেবে স্বীকৃতি দিয়েছে। বাংলাদেশে ১০০টি অর্থনৈতিক জোন প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হচ্ছে। দেশের প্রতিটি ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার অঙ্গীকার সাফল্যের পথে। শিশুদের টিকাদান কর্মসূচিসহ নারীর ক্ষমতায়নে সাফল্যের জন্য বাংলাদেশ বিশ্বে অন্যতম আদর্শ দেশ হিসেবে অবস্থান নিয়েছে। বাংলাদেশের অবস্থান অত্যন্ত সুদৃঢ় দক্ষিণ এশিয়ায় কূটনৈতিক ক্ষেত্রে। এমন একটি সময়ে মার্কিন এ নিষেধাজ্ঞায় বাংলাদেশ সরকার নিঃসন্দেহে বিব্রত।

যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক মোটেই বৈরী নয়, তা পারিপার্শ্বিক মুসলিম দেশগুলোর দিকে তাকালেই বোঝা যাবে। এ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক তৈরি করতে এবং তা টিকিয়ে রাখতে বঙ্গবন্ধু নজিরবিহীন উদারতার পরিচয় দিয়েছেন। যার কারণে বাংলাদেশের পররাষ্ট্র নীতি সকলের কাছেই সমাদৃত: বাংলাদেশের পররাষ্ট্র নীতি বাংলাদেশের স্ববিধানের নিম্নলিখিত বিধানগুলো থেকে উদ্ভূত হয়। অনুচ্ছেদ ২৫: আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা এবং সংহতি ১[***] রাষ্ট্র তার আন্তর্জাতিক সম্পর্কের ভিত্তি করবে জাতীয় সার্বভৌমত্ব এবং সমতার প্রতি শ্রদ্ধার নীতির উপর ভিত্তি করে, অন্যান্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ, আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ নিষ্পত্তি, এবং আন্তর্জাতিক আইনের প্রতি শ্রদ্ধা এবং জাতিসংঘের সনদে বর্ণিত নীতিগুলির প্রতি শ্রদ্ধা, এবং সেই নীতিগুলির ভিত্তিতে- (ক) ব্যবহার ত্যাগ করার প্রচেষ্টা করা আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি এবং সাধারণ ও সম্পূর্ণ নিরস্ত্রীকরণের জন্য; (খ) প্রতিটি

বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কের এক যুগ সন্ধিক্ষণে যোগদানের অপেক্ষায় নতুন রাষ্ট্রদূত পিটার হাস

জনগণের নিজস্ব স্বাধীন পছন্দের উপায় ও উপায়ে নিজস্ব সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থা নির্ধারণ ও গড়ে তোলার অধিকারকে অবাধে সমুন্নত রাখা; এবং (গ) সাম্রাজ্যবাদ, ঔপনিবেশিকতা বা বর্ণবাদের বিরুদ্ধে ন্যায্য সংগ্রামে সারা বিশ্বের নিপীড়িত জনগণকে সমর্থন করা। গত ১৬ ডিসেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যে প্রতিবেদনটি প্রকাশ করা হয়েছে, এতে বাংলাদেশও রয়েছে। প্রতিবেদনটির কাজের ভিত্তি আরও এক বছর আগের প্রেক্ষাপটে তৈরি। জানা গেছে ২০২০ সালে বাংলাদেশে সংঘটিত সন্ত্রাসী হামলার তথ্য ও দেয়া হয়েছে মার্কিন ওই প্রতিবেদনে। মার্কিন যুক্তরাষ্ট্র এমন পর্যবেক্ষণমূলক কার্যক্রম অন্যান্য দেশেও চালিয়ে থাকে। প্রতিবেদনে বাংলাদেশ সম্পর্কে নেতিবাচকতার উৎস নিমূল করতে পরবর্তী মার্কিন রাষ্ট্রদূতকে কূটনীতিক পিটার হাসকে সুযোগ দিতে হবে। সন্ত্রাসবাদের বিরুদ্ধে সরকারের শূন্য চিকিয়ে রাখতে বঙ্গবন্ধু নজিরবিহীন উদারতার পরিচয় দিয়েছেন। যার কারণে বাংলাদেশের পররাষ্ট্র নীতি সকলের কাছেই সমাদৃত: বাংলাদেশের পররাষ্ট্র নীতি বাংলাদেশের স্ববিধানের নিম্নলিখিত বিধানগুলো থেকে উদ্ভূত হয়। অনুচ্ছেদ ২৫: আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা এবং সংহতি ১[***] রাষ্ট্র তার আন্তর্জাতিক সম্পর্কের ভিত্তি করবে জাতীয় সার্বভৌমত্ব এবং সমতার প্রতি শ্রদ্ধার নীতির উপর ভিত্তি করে, অন্যান্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ, আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ নিষ্পত্তি, এবং আন্তর্জাতিক আইনের প্রতি শ্রদ্ধা এবং জাতিসংঘের সনদে বর্ণিত নীতিগুলির প্রতি শ্রদ্ধা, এবং সেই নীতিগুলির ভিত্তিতে- (ক) ব্যবহার ত্যাগ করার প্রচেষ্টা করা আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি এবং সাধারণ ও সম্পূর্ণ নিরস্ত্রীকরণের জন্য; (খ) প্রতিটি

মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয় সাম্প্রতিক এক প্রতিবেদনে জানিয়েছে, যে বাংলাদেশে সন্ত্রাসী কর্মকাণ্ড কমেছে। জঙ্গিবাদ ও সন্ত্রাস দমনে বাংলাদেশের র‍্যাব ও পুলিশ বাহিনীর প্রশংসা করে মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বশেষ মূল্যায়নকে যথার্থ বলেছেন তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। মন্ত্রী

বড়দিন : ভেদাভেদ ভুলে সবাইকে আপন করে নেয়

রুগ্ন ও হতদরিদ্র মানুষের কাণ্ডারি। এ যেন তারই পূর্বাভাস। সার্বোপরি, এমন একটি সময়ে তিনি জন্মগ্রহণ করেছিলেন যখন পৃথিবী অজ্ঞতা, কুসংস্কার, লোভ, ঘৃণা ও ভঙামিতে ভরে গিয়েছিল। মানুষ শুদ্ধতার পথ থেকে দূরে সরে গিয়েছিল। পরিত্যক্ত হয়েছিল সবপ্রকার নীতি ও নৈতিকতা। চরম হতশািপূর্ণ এই অন্ধকারে শিশু মানুষকে প্রেম ও আশার বাণী শুনিয়েছিলেন। তাদের উজ্জীবিত করেছিলেন পাপকে ঘৃণা করতে ও পাপিকে ক্ষমা করতে। নিজে ক্রুশগ্নি হয়েছেন সর্বশ্রেষ্ঠ ধর্ম। ঈশ্বরকে কাছে টানবার সেরা উপায় হলো এই মানবতা। দুর্গত ও দুর্দশাগ্রস্তদের পাশে দাঁড়বার তাগিদে তিনি বলেছেন, আমরা এখন নিজেকে নিয়েই ব্যস্ত থাকি। সবটুকু সময় ব্যয় করি নিজের জন্য। অপরের পাশে দাঁড়বার কথা আমাদের মনেই থাকে না।

পোপের এই বক্তব্যে সমকালীন নির্মম বাস্তবতাই শুধু নয়, দারিদ্রপীড়িত বিশ্ব প্রেক্ষাপটে এর গুরুত্ব নিঃসন্দেহে অপূরিসিমা। বড়দিন মানেই বড়ো রকমের আনন্দের দিন। কেক, কমলালেবু, জাতীয় বিজাতীয় সুরার সমাহার। আনন্দে আব্বহারা, ছুটি উপভোগে মাতোয়ারা অনেকই জানে না কার জন্মদিন বা কেউবা তিনি। জানারও দরকার নেই। গির্জায় গির্জায় আলোয় আলোকিত ধর্মগুরুকে স্মরণ করা হয় বটে, কিন্তু নানাভাবে ছুটি কাটানোর কাছে সে সমস্ত নিহায়তই গৌণ হয়ে যায়। স্বাধীনতার আগে বড়দিনের সময় সাহেবদের বড়দিনের আনন্দ উৎসব দেখতে ভিড় করত ঘরকুনো বাঙালিসহ অন্যান্য জাতি। কিন্তু স্বাধীনতার পর সেই ঘরকুনো বাঙালি আজ পরম উৎসাহে তোড়জোড় করে

ব্যক্তিত্ব এবং স্বাতন্ত্র্যবোধ

হারিয়ে যায়। এখানে নিজের সুন্দর মত প্রকাশ করেও সে কাজটি করতে পারে তাহলেই তার ব্যক্তিস্বাতন্ত্র্য এবং ব্যক্তিত্বের চমৎকার একটি দিক ফুটে ওঠে। একজন মানুষ যদি তার মত প্রকাশের স্বাধীনতা চায় তাহলে সেটি কি তার ব্যক্তিত্বের পরিপন্থী? মোটেই নয়, বরং এটিই তার ব্যক্তিত্ব। তবে নিঃসন্দেহে তা সুন্দরভাবে উপস্থাপন করতে হবে।

মানুষের দক্ষতা এবং যোগ্যতার বহিঃপ্রকাশ, চাওয়া-পাওয়া, সর্বাপরি সবার কাছে নিজেকে সন্তুষ্ট করার য়ে সাবলীলতা সেটিই তার ব্যক্তিত্ব। এটি এ কারণে বলছি, কারণ মানুষ সুন্দরকেই গ্রহণ করে। যদিও সাধারণভাবে বলা হয়ে থাকে, ব্যক্তি যেভাবেই নিজেকে প্রকাশ করে সেটিই তার ব্যক্তিত্ব। যেমন একজন পাগল যে পাগলামী করে সেটিই তার ব্যক্তিত্ব। ভিক্ষুক যেভাবে ভিক্ষাবৃত্তি করে সেটিও তার ব্যক্তিত্ব। অর্থাৎ মানুষের চিন্তা-চেতনা, অনুভূতি, চাওয়া-পাওয়ার প্রকাশের রূপগুলো বা ধরনগুলোই তার হলো ব্যক্তিত্বের প্রকাশ। আর ঐ চিন্তা-চেতনা বা চাওয়া-পাওয়াগুলো হলো তার ব্যক্তিস্বাতন্ত্র্যতা। ব্যক্তিত্বের দ্বারা এক ব্যক্তিকে অন্য ব্যক্তি থেকে আলাদা করে চেনা যায়। আর ব্যক্তিস্বাতন্ত্র্যতা হলো নিজস্বতা বা ভিন্ন স্বত্বা। মানুষ প্রথমত

প্রথম আলো

Prothom Alo North America

বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কের এক যুগ সন্ধিক্ষণে যোগদানের অপেক্ষায় নতুন রাষ্ট্রদূত পিটার হাস

বলেন, ‘... মার্কিন পররাষ্ট্র দপ্তর বলেছে, র‍্যাব এবং পুলিশের কাউন্টার টেররিজম ও কমিউনিটি পুলিশ ব্যবস্থার কারণে বাংলাদেশে জঙ্গিবাদ ও সন্ত্রাস কমেছে। এটিই আসল চিত্র এবং মার্কিন যুক্তরাষ্ট্রের এই মূল্যায়ন সঠিক। সেই প্রতিবেদনে তারা র‍্যাবের ভূমিকার প্রশংসা করেছে এবং বলেছে যে, ২০২০ সালে মাত্র তিনটি সন্ত্রাসী ও জঙ্গিবাদী ঘটনা ঘটেছে এবং সেখানে কোনো মৃত্যু ঘটেনি।’

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, ‘একটা খুনিকে তারা (যুক্তরাষ্ট্র) আটকে রেখেছে (আশ্রয় দিয়েছে)। তারাই আবার আইনের কথা বলে। যে ব্যক্তি (রোশেদ চৌধুরী) মানবতা ভঙ্গ করল, এতগুলো মানুষকে মেরে ফেলল, তাকে আশ্রয় দিয়ে রেখেছে যুক্তরাষ্ট্র।’

সম্প্রতি র‍্যাব এবং এর বর্তমান ও

সাবেক কয়েকজন কর্মকর্তার ওপর যুক্তরাষ্ট্র নিষেধাজ্ঞা জারির পর মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যাঙ্কনি ব্লিন্কেনের সঙ্গেও টেলিফোনে আলাপ করেন ড. মোমেন। বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক এক যুগ সন্ধিক্ষণের মধ্য দিয়ে চলছে। নতুন রাষ্ট্রদূত পিটার হাস যোগদানের অপেক্ষায় রয়েছেন। পিটার ডি হাসকে গত জুলাই মাসে বাংলাদেশে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসেবে মনোনয়ন দেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সন্ত্রাসবাদ সম্পর্কে বাংলাদেশ তার শূন্য সমবেদনালতা এবং শৈশের ভূখণ্ডকে সন্ত্রাসীদের নিরাপদ আশ্রয় হিসেবে ব্যবহার হতে না দেয়ার নীতি পুনর্ব্যক্ত করছে। প্রতিরোধমূলক কূটনীতিতে নতুন কূটনৈতিক দক্ষতা এবং পদ্ধতিগত চর্চার সাথে সাথে শান্তির চূড়ান্ত উদ্দেশ্য অর্জনের জন্য উদ্ভাবনী কৌশল গ্রহণ করতে হয়। দ্বিপাক্ষিক আলাপ-আলোচনার ভিত্তিতে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কে একটি নতুন উচ্চতার গিল্ডিয়ে ওঠে হবে। নতুন মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসকে বাংলাদেশে স্বাগতম।

লেগে যায় বড়দিনের ছুটি উপভোগ করতে। বাড়িতে বাড়িতে চলে কেক, কমলার কাড়াকাড়ি। শহরাঞ্চলের কেকের দোকানের বিরাট লাইনে ক্রেতাদের ধৈর্য্য দেখার মতো। এ তো গেল শহরের কথা। মফস্বল এলাকায় থমকে দাঁড়িয়ে থাকে না। মফস্বলের অফগিল্ডিয়ে গিল্ডিয়ে ওঠে অস্থায়ী কেকের দোকান রঙবেরং আর নানা আকারের পসরা নিয়ে।

বস্তুত মনুষ্যত্বের কল্যাণ সাধনই হলো সকল ধর্মের মর্মকথা। মানুষ যখন পথভ্রষ্ট হয়েছে তখনই ঈশ্বর-প্রেরিত দূতেরা আবির্ভূত হয়েছেন। মানবতার পথ দেখাতে যাঁরা ধরাধামে জন্ম নেন তাঁরা মহান সৃষ্টিকর্তার কৃপাধন্য আধ্যাত্মিক সাধক। তাঁরা আমাদেরকে মানবতার কল্যাণবার্তাই শুনিয়ে গেছেন। বলে গেছেন লোভ, লালসা, হিংসা, হানাহানির পথ পরিহারের কথা। বিশ্বে শান্তি প্রতিষ্ঠার এই নির্ভরযোগ্য পথে যে আমরা চলতে চাই না, তা বলায় অপেক্ষা রাখো না। আমরা মনীষীদের সুপরামর্শ অনুসরণ করি না। আবেগের বেশে হিসেপা ও বিবেধতাভিৃত হয়ে আমরা বিপথে চালিত হই। এর পরিণাম ভালো হবার কথা নয়।

দুই সহস্রাধিক বছর আগে খ্রিষ্টগ্নিষ্ট মানুষের অন্তঃকরণে যে আধ্যাত্মিকতার আলো প্রজ্জ্বলন করেছিলেন একবিধা শতাব্দীর এই বিজ্ঞানমনস্ক সময়েও তাঁর গুরুত্ব এতটুকু কমেনি। বরং যতদিন যাচ্ছে এসবের গুরুত্ব আরও বাড়ছে। বর্তমান হিসা, হানাহানি ও স্বেচ্ছাতময় বিশ্বে ক্ষমা ও ভালোবাসাপূর্ণ আলোকিত অন্তঃকরণই যে ভবিষ্যত পৃথিবীর শান্তি ও নিরাপত্তার জন্য সর্বাপেক্ষা বড় রক্ষাকবচ তা অঙ্গীকার করার উপায় নেই।

মহামানব যিশুর এই পবিত্র জন্মদিবসে আসুন, আমরা তাঁর প্রতি সম্মান জানিয়ে আন্তঃধর্মীয় সস্ত্রীতি জোরদার করি ও মানবতার পতাকাতে ঊর্ধ্বে তুলে ধরি।

নিজেকে ভিন্ন সত্ত্বা বা আলাদা একজন মানুষ বলে তৈরি করে। দ্বিতীয়ত, তার নিজেকে ভিন্ন একটি সত্ত্বা হিসেবে তুলে ধরতে চায়। তেমনি ব্যক্তিত্বের বিচারেও তিনি ততটাই সৃষ্টিশীল বা গঠনমূলক থাকবেন। তাহলে আপাদমস্তক ব্যক্তিত্বটি কি? যদিও কথায় বলা হয় মানুষ যে যেমন সেটিই তার ব্যক্তিত্ব। খুব সাদাসিধে এবং কেমন যেন অতৃপ্তি রয়ে গেলা। মানে আমরা কি চাই? আমরা চাই প্রত্যেকটি বিষয়ের সুন্দর বা সাবলীল প্রকাশ। অবশ্যই যে যেমন তেমনটাই তার ব্যক্তিত্ব। কিন্তু সমাজ পরিবর্তনের ক্ষেত্রে আমরা এটুকুতে

সীমাবদ্ধ থাকতে চাই না। তাহলে চোর, চেনতা বা চাওয়া-পাওয়াগুলো হলো তার ব্যক্তিস্বাতন্ত্র্যতা। ব্যক্তিত্বের দ্বারা এক ব্যক্তিকে অন্য ব্যক্তি থেকে আলাদা করে চেনা যায়। আর ব্যক্তিস্বাতন্ত্র্যতা হলো নিজস্বতা বা ভিন্ন স্বত্বা। মানুষ প্রথমত

ব্যক্তিত্বকে কলুষিত করতে পারে না। যেমন সে নিজেকে ভিন্ন একটি সত্ত্বা হিসেবে তুলে ধরতে চায়। তেমনি ব্যক্তিত্বের বিচারেও তিনি ততটাই সৃষ্টিশীল বা গঠনমূলক থাকবেন। তাহলে আপাদমস্তক ব্যক্তিত্বটি কি? যদিও কথায় বলা হয় মানুষ যে যেমন সেটিই তার ব্যক্তিত্ব। খুব সাদাসিধে এবং কেমন যেন অতৃপ্তি রয়ে গেলা। মানে আমরা কি চাই? আমরা চাই প্রত্যেকটি বিষয়ের সুন্দর বা সাবলীল প্রকাশ। অবশ্যই যে যেমন তেমনটাই তার ব্যক্তিত্ব। কিন্তু সমাজ পরিবর্তনের ক্ষেত্রে আমরা এটুকুতে সীমাবদ্ধ থাকতে চাই না। তাহলে চোর, চেনতা বা চাওয়া-পাওয়াগুলো হলো তার ব্যক্তিস্বাতন্ত্র্যতা। ব্যক্তিত্বের দ্বারা এক ব্যক্তিকে অন্য ব্যক্তি থেকে আলাদা করে চেনা যায়। আর ব্যক্তিস্বাতন্ত্র্যতা হলো নিজস্বতা বা ভিন্ন স্বত্বা। মানুষ প্রথমত

এ কোন স্বদেশ!

গোপেন দেব

শিক্ষাদীক্ষা জ্ঞানবিজ্ঞানে উন্নত হচ্ছে বাংলাদেশ। একই সাথে আয়- উন্নতিতেও আশাতীত অগ্রগতি। উন্নয়নের বৈশ্বিক মাপকাঠির নানা সূচকে বাংলাদেশের এগিয়ে যাওয়ার বিষয়টিও বেশ উৎসাহব্যঞ্জক। বহুদিন আগে ছেড়ে এসেছি সেই স্বদেশ। স্থায়ী বসতিও এখন বহুদূরের অন্য এক মহাদেশে। এখান থেকে আবার সেই ফেলে আসা নীড়ে ফিরে যাবার সম্ভাবনাও একেবারেই ক্ষীণ। প্রায় আড়াই দশকের বেশি পরবাসী জীবন। এই জীবনটাকে এখন আর পরবাসী জীবন বলে মনে হয় না। এই মাটির মায়াও এখন গভীর মমতায় আঁকড়ে আছে হৃদয়ে। আক্ষরিক অর্থেই এখন এই দেশও আমার স্বদেশ। তবু আমার জন্মভূমির স্বদেশটি আমাকে বারবারই পিছু টানে। সেখানের ভালো খবরে আপন অর্জনের আনন্দ অনুভূত হয়। আবার সেখানের কোনো খারাপ খবরে মনটা বিষন্নতায় ভেঙ্গে পড়ে।

একটা সময় ছিল যখন বাংলাদেশের মানুষ শিক্ষাদীক্ষায় অনেক পেছনে ছিল। বিগত দুই দশকে উচ্চশিক্ষায় শিক্ষিত জনসংখ্যা অনেক বেড়েছে। শিক্ষার উন্নতিতে জাতি উদার, প্রগতির দিকে এগিয়ে যায়। আলোর পথযাত্রী হয়। কিন্তু নানা কার্যকলাপে মনে হচ্ছে সেই সরলীসূত্রের পথে এগুতে পারছে না বাংলাদেশ! বিগত বছরগুলোতে বিশাল বাজেটের বিরাট বিরাট উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। কিন্তু রাজনৈতিক দুর্বৃত্তায়ণ, দুর্নীতি করে হাজার হাজার কোটি টাকা পাচার। বারবার সংখ্যালঘুদের ওপর হামলা-নির্যাতন এবং বিচার ব্যবস্থার দীর্ঘসূত্রিতা দেশের অভূতপূর্ব সকল অবকাঠামো উন্নয়নকে স্নান করে দিচ্ছে। ধর্মনিরপেক্ষ হিসেবে দাবি করা আওয়ামী লীগ, যে দলটি মুক্তিযুদ্ধে নেতৃত্ব দেয়, তারা এখন রাষ্ট্রীয় ক্ষমতায়। অথচ এই সরকারের আমলেই ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘু জনগোষ্ঠীর ওপর বারবার হামলা হচ্ছে! একটি হামলা, লুটপাট, অগ্নিসংযোগের ঘটনারও স্তুতি বিচার হয়নি। এমনকি ২০০১ সালে হিন্দু সম্প্রদায়ের ওপর সংঘটিত ভয়াবহ হামলা, নির্যাতনের বিচার পর্যন্ত বুলে আছে এখনও। অথচ নৌকায় ভোট দিয়েছিল এই ‘অপরোধ’-এ তাদের ওপর ঝাঁপিয়ে পড়েছিল নৌকারিরোধী একদল সন্ত্রাসী।

আওয়ামী লীগ ক্ষমতায় থাকার পরও এতদিনে এর বিচার হয়নি। জানা যায়, সন্ত্রাসীরা দাপটের সাথেই ঘুরে বেড়াচ্ছে! এই আওয়ামী লীগ, এই নৌকার জন্য হিন্দুরা কত নির্যাতন, অপবাদ সহ্য করেছে। কিন্তু আওয়ামী সরকার সংখ্যালঘুদের নিরাপত্তা দিতে বারবারই ব্যর্থ হচ্ছে অথবা বলা যেতে পারে উদাসীনতা দেখাচ্ছে। পাঠ্যপুস্তকে অনেক হিন্দু লেখকের লেখা বাদ দেয়া হয়েছে। বিস্ময়ের ব্যাপার, আর এসব হচ্ছে আওয়ামী লীগ সরকারের আমলে। আগে নির্বাচনের সময়টায় মোটা অঙ্কে সংখ্যালঘুদের ওপর নানা উচ্ছ্রািয় হামলা হত। বিগত বছরগুলোতে শুরু হয়েছে দুর্গাপূজার সময়টায়ও।

অসহায় মানুষগুলো বারবারই নির্যাতনে বিপর্যস্ত হয়। অনেক জায়গায় হামলাকারীদের মূল তালিকায় আওয়ামী লীগের অনেক নেতাকর্মীর নামও পাওয়া যায়। বাংলাদেশের সংখ্যালঘু সম্প্রদায় এসব কারণে চরম আত্মহীনতা ও মানসিক অস্থিরতায় দিন কাটাচ্ছে। দেশের মানুষের



সাথে কথা বললেই তাদের এই অনুভূতির কথা স্পষ্ট বোঝা যায়। নিজ দেশে পরবাসী জীবনের বেদনা কত কষ্টকর ভুক্তভোগী ছাড়া কারও বোঝার কথা নয়। মুক্তিযুদ্ধের মূলনীতিতে তো এই ধর্মান্ধতার স্থান ছিল না। ক্রমশ বেড়ে যাওয়া এই ধর্মান্ধতা শুধু সংখ্যালঘুঘদের জন্য নয়, পুরো দেশ ও জাতির জন্য একটি অশনিসংকত। অথচ একসময় এরকম ছিল না দেশটির সাম্প্রদায়িক পরিবেশ। পেছনের দিকে তাকালে অনেক কথাই মনে পড়ে। আইয়ুব চাচার কথা মনে পড়ে। মনে পড়ে ঈদের সময়টার কথা। আইয়ুব চাচা আর ইহজগতে নেই। বহু বছর আগেই গত হয়ে গেছেন। চারপাশ জানাশোনার বোধশক্তি হবার পর থেকেই জেনে আসছি তিনি এলাকার চেয়ারম্যান। চেয়ারম্যান চাচা বাবাকে নাম ধরেই ডাকতেন। কিন্তু মানুষজনের সামনে নামের পেছনে ‘বাবু’ বলে আদব করতেন। যদিও বাবার চেয়ে বয়সে ছিলেন অনেক বড়।

তখনকার মানুষজনের পারস্পরিক আদব-কায়দা এরকমই উন্নত ছিল (ধরে নিলাম এখনও আছে)। যাহোক, যা বলছিলাম, কেনো আইয়ুব চাচার কথা মনে হয় ঈদে? এই আইয়ুব চাচা আমাদের ছাড়া ঈদে সেমাই খেতেন না। ঈদের নামাজ শেষ করেই বসতেন তাঁর বৈঠক ঘরে। আত্মীয়-স্বজন, পরিবারের লোকজন, পাড়া-পড়শী, নিজের বন্ধুবান্ধব, ছেলেমেয়ে সবাইকে ডাকতেন সেখানে। আমাদের বাসা থেকে চাচার বাড়ি হেঁটে যেতে আধা ঘণ্টা। দেরি যাতে না হয়, প্রায় ঈদেই তাঁর ছেলে কিংবা ভতিজারা মোটরসাইকেল করে নিয়ে যেতেন। আমরা প্রায় ১০-১৫ জন হিন্দু ছেলে। সবাই না পৌঁছানো পর্যন্ত বৈঠকঘরে সেমাই ও অন্যান্য খাবার আসত না। হিন্দু-মুসলিম মিলেমিশে একসাথে ঈদের দিন প্রথম খাবার খেতাম চাচার বাড়িতে। এরপর দলবঁধে এবাড়ি- ওবাড়ি ঈদের দাওয়াত রক্ষা। ঈদের জন্য অধীর আগ্রহ থাকত আমাদের। পূজা-পার্বণের মতোই ঈদের দিন খুব সকালে ঘুম থেকে উঠেই স্নান। ভালো কাপড়চোপড় পরা। মুসলিম

বন্ধুদের আনন্দে একাত্ম হওয়া। বিকেলে ঈদপ্রীতি ফুটবল প্রতিযোগিতায় ব্যস্ত হয়ে পড়া। একমাত্র নামাজ ও রোজা ছাড়া অনিবার্য অংশগ্রহণ ছিল সবকিছুতেই। আইয়ুব চাচার আমল নেই এখন। দূরপ্রবাসে এখানেও এখন সেমাই খাই ঈদে। সেমাইর প্লেটটি সামনে এলেই ভেসে ওঠে আইয়ুব চাচার মুখ। মনে পড়ে দাড়ি, টুপি, লুঙ্গি-পাঞ্জাবিতে আপাদমস্তক ধর্মপরায়ন অথচ অসাম্প্রদায়িক এই হাজী সাহেবের কথা। সুদূর আটলান্টিকের ওপারে বসে টেলিভিশন, সংবাদপত্রে অধুনা বাংলার নানা অশুভ কর্মকাণ্ড দেখে ভাবি আইয়ুব চাচাদের সময়কাল। মেলাতে কষ্ট হয়, শিক্ষাদীক্ষায় অনগ্রসর সেই চাচাদের আমল কী তাহলে অধিক মানবিক ছিল এখনকার তুলনায়! আমাদের পার্শ্ববর্তী গ্রামের বাউল শাহ আবদুল করিম হয়ত সেই উপলব্ধি থেকেই লিখেছিলেন, ‘আগে কী সুন্দর দিন কাটাইতাম আমরা, গ্রামের নওজোয়ান হিন্দু মুসলমান মিলিয়া বাউল গান আর মুশিদি গাইতাম...’। রমজান মাসে একেক দিন দুই-তিন বাসায় ইফতার খেতে হতো। নয়া জামাইর বাড়িতে স্বশ্রুতবাড়ি থেকে ইফতার পাঠানোর ট্রাভিশন আছে সিলেটে। ১৫-২০ পদের মুখরোচক খাবারের বিরাট আয়োজন। বাড়ির মুরক্দিরা ডেকে আনতেন আমাদের এতে যোগ দিতে।

সেদিন বহু বছর পর মন্দির্যলে এরকম এক জামাই ইফতারিতে যোগ দিয়ে ফেলে আসা সেসব দিনের কথা খুব মনে পড়ছিল। আমরা যেমন মুসলিম ধর্মীয় অনুষ্ঠানের আনন্দপর্বে যোগ দিতাম, তেমনি তারাও আমাদের পূজা-পার্বণে সেভাবে অংশ নিত। পূজার প্রসাদ খাওয়া, সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ, পৌষ সংক্রান্তিতে পিঠা উৎসবে যোগ দেয়া— সবই ছিল প্রাণের টানের সম্মিলিত উৎসব। পৌষ সংক্রান্তির রাত্তে হিন্দু-মুসলিম বন্ধুরা মিলে ধানের খড় দিয়ে ঘর বানাতাম। ওই ঘরে রান্না করে যেতাম। ভায়ে আশুন দিয়ে জ্বালিয়ে দিতাম খড়ের ঘরটি। মুসলিম বন্ধুদের বাবা-মা বাধা দেননি ছেলেদের হিন্দু পার্বণে একাত্ম হতে। সকালে হিন্দু-

মুসলিম সবাই মিলে বের হতাম প্রতিটি হিন্দু বাড়িতে পিঠা খেতে।

ফাগুন মাসের প্রথম সপ্তাহে আমাদের এখানে তিন দিন তিন রাত (চক্ৰিশ প্রহর) নাম সংকীর্তন উৎসব হতো (এখনও হয়)। এ উপলক্ষে দূর-দূরান্ত থেকে শত শত লোকের আগমনে মেলার মতো এক জমজমাট পরিবেশ বিরাজ করত সেখানে তখন। হিন্দু কিংবা মুসলমান পড়াশোনা অথবা চাকরি যে যেখানেই থাকতেন কীর্তন উপলক্ষে মিলিত হতেন সবাই। মুসলিম বন্ধুটিও বলত কীর্তনে দেখা হবে। নাম সংকীর্তনে বহু অর্থ ব্যয় হয়। বস্তা বস্তা চাল, ডাল ও নগদ অর্থ অনুদান আসত এলাকার ধনাঢ্য মুসলিম ব্যক্তিদের কাছ থেকেও। স্থানীয় ক্লাবের উদ্যোগে মিলাদ মাহফিল ও সরস্বতী পূজা হতো। পূজা ও মিলাদের চাঁদা হিন্দু-মুসলিম তরুণেরা একত্রে উঠাত। কখনও দেখা গেছে মিলাদের চাঁদা উঠাতে গেছে সমীরণ আবার পূজার চাঁদা মাসুক। দুর্গাপূজা ও নাম সংকীর্তনে এলাকার ছেলেরা চাঁদার বই পাঠাত বিদেশে। মধ্যপ্রাচ্য, ইউরোপ ও আমেরিকার বিভিন্ন দেশে ছড়িয়ে আছে এলাকার লোক। আমি কানাডায় আসার পর একবার এলাকা থেকে ফোন পেলাম সজলের। বলল পূজার জন্য পারলে কিছু টাকা পাঠিও। সজল জানাল, লন্ডনে শাহীনের কাছে একটি চাঁদার বই পাঠিয়েছিল তারা। শাহীন নিজে এবং অন্যদের কাছ থেকে তুলে মোটামুটি বড় অংকের টাকা পাঠিয়েছে। বলা বাহ্য়্য যে, লন্ডনপ্রবাসী এলাকার মুসলিম যুবকদের কাছ থেকেই এই টাকা সংগ্রহ করা হয়েছে। তবে সকল কালে সকল ভালোর মাঝেও যে কিছু মন্দ প্রকৃতির লোক থাকে তা একটি ঘটনা দিয়ে বলি। একবার আমাদের এক সাংস্কৃতিক সংঘের এক অনুষ্ঠানে স্থানীয় মাদ্রাসার মাইকটি আনা হয়েছিল। অনুষ্ঠান শুরুর পূর্ব মুহূর্তে মাদ্রাসার প্রিন্সিপাল মৌলভী সাহেব এসে আমাদের বললেন, বাবারা তোমরা গান বাজানয় এই মাইক ব্যবহার করবে এতে ধর্মীয় দিক থেকে আমাদের সমস্যা হবে। মাইকটি তোমরা

ফেরত দিয়ে দাও। কাছাকাছি কোনো মাইকের দোকান নেই। আমরা তখন মহা সমস্যায়। চেয়ারম্যান চাচার ছেলে মালেক ভাই তখন সংঘের সভাপতি। তিনি প্রিন্সিপাল সাহেবকে বোঝালেন। খুবই নিরিবিলি আর সজ্জন প্রকৃতির এই প্রিন্সিপাল বললেন, ঠিক আছে। তিনি জানালেন কয়েকজন লোক তাঁকে বলেছে মাইক নাপাক হয়ে যাবে। শুধুই হিন্দু-মুসলিম হিসেবে নয়, মানুষ হিসেবে যে আমরা ছিলাম (বিশ্বাস করতে চাই এখনও আছি) জীবন চলার পথের আরও কিছু ঘটনায় বারবার তা প্রতিভাত হয়েছে।

একবার আমার এক আত্মীয় মুরক্দি সিলেট পৌর কমিশনার পদে প্রার্থী হয়েছিলেন। এলাকার প্রভাবশালী মুসলিম নেতৃবর্গই তাঁকে দাঁড় করিয়েছিলেন। দলবঁধে আমরা যেতাম নির্বাচনী প্রচারণায়। এলাকার এক মুসলিম পরিবারের আত্মীয় এসেছেন বেড়াতে। তিনি যোগ দিলেন প্রচারণা টিমে। এলাকায় তাঁকে কেউ চিনে না। একদিন গোলাম হিন্দু অধ্যুষিত এক পাড়ায়। টিমে ওই ব্যক্তি ছাড়া আমরা সবাই হিন্দু। এক হিন্দুবাড়িতে গিয়ে তিনি বললেন, আমরা যারা হিন্দু (তিনি কিন্তু হিন্দু নই। নির্বাচনী কৌশলে যাকে যেভাবে পটানো যায় সেই চেষ্টায়) তাদের উচিত হিন্দু লোককে ভোট দেয়া। কথাটা শুনে বাড়ির এক বৃদ্ধা উত্তর দিলেন, হিন্দু হলেই ভোট দেবে কেন? যে আমাদের কাজ করতে পারবে, বিপদে-আপদে সামনে আসবে তাঁকে আমরা ভোট দেব। বৃদ্ধার কথা শুনে সবাই অপ্রস্তুত। কথাগুলো আমাদের চেতনাকে দারুণভাবে উজ্জীবিত করল। পরে আর হিন্দু ভোটারদের কাছে হিন্দু বলে ভোট চাইবার আগ্রহ পায়নি আমাদের কেউই।

শিক্ষাদীক্ষা, প্রযুক্তি প্রগতিতে অগ্রসর হয়ে আলোর পথযাত্রায় কোনো কুপমুন্ডকতা স্থান পাবার কথা ছিল না। রামুর সেই বৌদ্ধ যুবকের ফেসবুকের ট্যাগ করার ঘটনা নিয়ে বৌদ্ধ ধর্মাবলম্বীদের মন্দির কিংবা শাল্লা বা অন্যান্য স্থানে একই কায়দায় ব্যবসা প্রতিষ্ঠান, বাসাবাড়িতে যে ধ্বংসযজ্ঞ চালানো হলো, কী কোনো ভাবে মুন্সী চাচাকে তো এটি প্রতিরোধে এগিয়ে আসতে দেখা গেল না। সাম্প্রতিক সময়ে কোনো কারণ ছাড়াই নানা উচ্ছ্রিা তৈরি করে হিন্দু বাড়িঘর, মন্দির আক্রমণ, লুটপাট হলো অথবা হচ্ছে। সবার সামনেই ঘটছে ঘটনাগুলো। কেউ এগিয়ে এলো না বলতে, সাবধান যুগযুগের অহংকার মিলেমিশে থাকার ইতিহাসকে ধুলোয় লুটিয়ে দিতে দেব না কাউকে। কেন বাপ-দাদাদের আমলের সেই প্রীতিময় অসাম্প্রদায়িক ভ্রাতৃত্ব দিন দিন হারিয়ে যাচ্ছে!


‘ধর্ম যার যার, রাষ্ট্র সবার’— এ শ্লোগান উচ্চারণ করার দরকার পড়েনি তখন। এটি ছিল সকলের বোধে, চেতনায়, বিশ্বাসে ও কর্মে। হীন রাজনৈতিক কিংবা অতি ধর্মীয় বিষয়াপ্পে গাঙ্গ্রেয় ব-দ্বীপের প্রিয় বাংলাদেশ কি তাহলে ক্ষতিবিক্ষত, বিবর্ণ হয়ে যাবে? হ্যাঁ, এরকম এক প্রকট আশংকার মাঝেও স্বপ্ন দেখি আমাদের আইয়ুব চাচা, তত্ত্ব মুন্সী চাচাদের উত্তরসূরি বিশাল একদল মানবিক মানুষ আবার জেগে উঠবেন। নানা বরণ গাভিরে ভাই, একই বরণ দুধ, জগৎ ভরমিয়া দেখলাম একই মায়ের পুত্র— কবির এই অতি সত্যি প্রতীতি প্রতিভূ হবে মানব অন্তরে। তরুণ প্রজন্ম গাভিরে নব জাগরণের গান, সায়ের আর ঐক্যের গান। সংখ্যাগুরু আর সংখ্যালঘু ভেদাভেদহীন এক সমবিকশিত সমাজ গঠনে নিমগ্ন হবে শিশু-কিশোর, যুব-বৃদ্ধ-শ্যামল বাংলার সকল বাঙালি। হাতে হাত ধরে সমকণ্ঠে গাইবে—‘শুন হে মানুষ ভাই, মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান’।

কোসাইন


মোস্তফা তানিম

কোসাইন একটা সুস্প্ষ কোণ, যেটা ত্রিভুজের ভূমিকে অতিভুজ দিয়ে ভাগ দিলে পাওয়া যায়। কোসাইনকে সংক্ষেপে ‘কস’ (cos) বলে। কিন্তু সেই কোসাইনের কথা এখানে বলছি না। এই কোসাইন হলো কোনো একটি কাগজে মূল আবেদনকারীর সঙ্গে সাইন করা, যে আমি কথা দিচ্ছি, সে ওয়াদা ভঙ্গ করবে না। আমার গাটের জোর একটু বেশি বলে কথাটা কর্তৃপক্ষ শুনবে। শুধু একটা কাগজে সাইন বই কিছু নয়। সব কিছু পাস হয়ে গেলে অর্থাৎ লোন হোক অথবা বাড়ি ভাড়া হোক, এইসব হয়ে গেলে ওই কাগজটার আর পাণ্ডাই থাকবে না। কে খবর রাখে এতসব। এমন কোসাইন দেয়ার জন্য বহুজনে আবদার করে। এই দেশে আসার পর থেকেই দেখে আসছি। আতিক নামের হায়দ্রাবাদের ছেলেটি কোসাইন ছাড়া গাড়ি কিনতে পারছিল না। তাকে কোসাইন করল চন্ডিগড়ের জাজবির সিং। তারা দু’জনেই আমার কলিগ ছিল। পরে আতিক কাজ হারিয়ে অন্য স্টেটে চলে গেল। গাড়ির লোনের কিস্তি দিতে পারে না। জাজবিরকে তা দিতে হয়। তবে দু’জনের খুব ভালো সম্পর্কের কারণে এ নিয়ে কোনো বচসা হয়নি।

একটি সিগনেচারে কারও কোনো উপকার হলে কেন নয়? মানুষের জন্যই তো মানুষ! কিন্তু যার এই কোসাইন প্রয়োজন, তাকে আশপাশের লোকরা বলে যে, “সামান্য একটা সিগনেচার, ওই তালিককে বল না? এ দিলেই তো হয় যায়!” ঘটনা একটু বিলি। অনেক আগের কথা। আমার এক নিকটাত্মীয়ের পুত্র কলেজে যাবে, স্টুডেন্ট লোন পাচ্ছে না। সে বলল, খুব সামান্যই কিস্তি দিতে হবে, সেটা সে দিতে পারবে। আমাকে বলল কোসাইন করতে। আমি কালবিলম্ব না করে কোসাইন করলাম। তাকে পই পই করে বললাম, কোনোদিন যদি পেমেন্ট দিতে না পার, আমাকে জানিও। আমি দিয়ে দেব। একটা পেমেন্ট মিস হলে আমার অনেক অসুবিধা হবে। পাঁচ বছর আগের একটা পেমেন্ট মিস হওয়ার জন্য বাড়ি ভাড়া পাচ্ছে না, সেই নিয়ে সেইন্ট লুইসের জর্জের সে কি নাকানিচুঝনি আমার সামনেই। যাহোক, সে বুঝল। নিয়মিত পেমেন্ট দেয়। কয়েক বছর পার হলো। এদিকে



আমেরিকান নাগরিক, চাকুরীরতা B.S in applied mathematics (UMD), MS in Project Management (UMD) এবং বর্তমানে MBA পাঠরত া(UMD) ধার্মিক মেয়ের জন্য সমমানের শিক্ষিতা মুসলিম পাত্র চাই। অনুগ্রহ পূর্বক ছবি ও বায়োডাটাসহ যোগাযোগ করুন: nazir.ullah@longandfoster.com

পাত্র চাই

নিউইয়র্কে জন্মগ্রহণকারী বয়স ৩২ ব্যাংকে উচ্চপদে কর্মরত লম্বা, সুন্দরী পাত্রীর জন্য পাত্র চাই। পাত্রের বায়োডাটা ছবিসহ যোগাযোগ করুন। mhpatwa@gmail.com

পাত্রী চাই

কানাডিয়ান সিটিজেন, ৪৩ বৎসর বয়সী, ইলেকট্রিক্যাল ডিপ্লোমা - কানাডা, MBA-লন্ডন, Uk & DU, ডিভোর্স পাত্রের জন্য সমমনা পাত্রী চাই। যোগাযোগ- 13475538417

পাত্রী চাই

পাত্র সিটিজেন ৫/৬ ইঞ্চি,ধার্মিক মধ্যবিত্ত পরিবারের ধার্মিক হিজাব পড়া সুন্দরী পাত্রী চাই। যোগাযোগ: 929-422-8642

Groom wanted

US citizen,Bangladeshi Muslim girl,35 Optometrist, looking for someone residing in US, 35-38, good education/career. Tel:202-386-5401

Help Wanted

Looking for employee's for an ice cream parlor located at Gaithersburg, MD. looking to hire: CSR, Manager, Ice cream maker and Young/energetic individuals with/without experience. In house training will be available for reliable employees. If anyone is interested contact the following numbers: +1-347-499-9427, +1-917-687-5248

অ্যাটিক ভাড়াঃ

ব্রঙ্ক্সের পার্ক চেম্বার এলাকায় জেমেগা সাবওয়ে থেকে মাত্র ২ ব্লকের মধ্যে ১ বেডরুম, ১বাথরুম, লিভিং, ডাইনিং ও কিচেন স্পেসসহ ভাড়া দেওয়া হবে। ১ ব্লকের মধ্যে মসজিদ, বাংলাদেশী গ্রোসারি, স্কুল।
যোগাযোগ: 347-340-6474

চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।

যারা বার বার ড্রাইভিং টেস্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।

যোগাযোগ সান্দ-৯১৭-৮০৭-৪৮৫১

বাসা ভাড়া

জ্যামাইকা হলিসে, ২য় তলা ১ সেপ্টেম্বর মাস থেকে ২টা বেডরুম, বড় বাথরুম, লিভিং ও কিচেন একসাথে। সম্পূর্ণ নতুন ও বড় এটিকসহ ভাড়া দেওয়া হবে। নিরিবিলি ও মনোরম পরিবেশ। রাস্তা গাড়ি পার্কিং সুবিধা আছে। মসজিদ, দোকান, লন্ড্রি, স্কুল ও বাস বাসার কাছে। Q3, Q2, Q83 ভাড়া আলোচনাসাপেক্ষে। বিস্তারিত জানতে কল করতে পারেন ৯১৭-৭১৭-৮৫৮২

সেমিবেসমেন্ট ভাড়া

ইস্ট নিউইয়র্ক ব্রুকলিন নতুন সেমিবেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ 347-575-1913

পাত্র চাই

আমেরিকান সিটিজেন, ২৯ বছর বয়সী কর্মরত রেজিষ্টার ফার্মাসিস্ট পাত্রীর জন্য পাত্র চাই। Doctor, Eng. Pharmacist, IT professional অগ্রাধিকা-রযোগ্য। যোগাযোগ: 718-902-7200

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777 , everlybrown@yahoo.com

আবশ্যিক

ম্যানহাটানে পিজা স্টোরে পুরুষ লোক আবশ্যিক। পূর্ব অভিজ্ঞতার প্রয়োজন নাই। ফোন:929-398-0617

আবশ্যিক

কুইন্স কাউন্টিতে অবস্থিত একটি মসজিদে ধর্মভীরু, সং ও যোগ্য স্বেচ্ছাসেবী (ভলান্টিয়ার) প্রয়োজন। মার্জিত, শিক্ষিত এবং উদার প্রকৃতির মুসলমান ভাইবোনদের দৃষ্টি আকর্ষণ করছি। সবার কাছ থেকে কিছুটা সময় ও সার্বিক সহযোগীতা পেলে মসজিদটির অস্তিত্ব টিকে থাকবে। সত্ত্বর যোগাযোগ করুন: (646) 684-8762, (917) 722-1405, (718) 524-9777

লোক আবশ্যিক

জ্যাকসন হাইসের প্রানকেন্দ্রে সেলভেল ফোনের দোকানে সেলস পার্সন ও টেকনিশিয়ান আবশ্যিক। কাজ জানা এবং ইংরেজী জানাদের অগ্রাধিকার দেয়া হবে। ভাল বেতন আলোচনা সাপেক্ষে দেয়া হবে। 718-478-8100

অফিস ভাড়া

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে ফার্নিচার, ইন্টারনেট, বিদ্যুৎসহ একটি অফিস ভাড়া দেওয়া হবে। ভাড়া: 700 যোগাযোগ: 646-645-9830

হাউস কীপার আবশ্যিক

জ্যামায়কার হিলসাইড ও ১৬৯ স্ট্রীটে একজন বয়স্ক মহিলাকে সপ্তাহের ৬ দিন দেখাশুনার জন্য একজন অভিজ্ঞ মহিলা হাউস কীপার আবশ্যিক। থাকা-খাওয়া ফ্রি + আকর্ষণীয় বেতন। দীর্ঘমেয়াদী চিন্তায় বিশ্বাসী শুধুমাত্র সিরিয়াস প্রার্থীগণ কল করুন।
ফোন: ৩৪৭-৪৪৫-৫০৯৩, ৯১৭-৪৩৫-৯৪১৬

জ্যাকসন হাইটসে প্রিন্টিং স্টোর বিক্রয়

জ্যাকসন হাইটসে অবস্থিত একটি প্রিন্টিং স্টোর সম্পূর্ণ চালু অবস্থায় অতিসত্ত্বর বিক্রয় করা হবে শুধুমাত্র আগ্রহীরা যোগাযোগ করুন
Ph: 201-884-0513



বিএসজের খাদ্য সহায়তা কর্মসূচি। ছবি : সংগৃহীত

বাংলাদেশের বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষে বিএসজের খাদ্য সহায়তা

স্বরত চৌধুরী, আটলান্টিক সিটি

যুক্তরাষ্ট্রের নিউজার্সি অঙ্গরাজ্যের আটলান্টিক সিটিতে বাংলাদেশের বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষে ফুড ব্যাংক কার্যক্রমের আওতায় খাদ্য সহায়তা দেয়া হয়েছে। স্থানীয় সময় ১৬ ডিসেম্বর বৃহস্পতিবার আটলান্টিক সিটির ফেয়ারমার্স এভিনিউর বাংলাদেশ কমিউনিটি সেন্টারে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সি এ খাদ্য সহায়তা প্রদান করে। এদিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত এই সহায়তা দেয়া হয়। আটলান্টিক সিটির বিভিন্ন কমিউনিটির বিপুল সংখ্যক

লোক এই খাদ্য সহায়তা কার্যক্রমে অংশ নেয়। খাদ্য সহায়তা কার্যক্রমে দুধ, মাছ, তাজা শাকসবজি, ফলসহ বিভিন্ন ধরনের খাদ্য বিতরণ করা হয়। এ প্রসঙ্গে বিএসজের সভাপতি জহিরুল ইসলাম বাবুল জানান, বাংলাদেশের বিজয়ের সুবর্ণজয়ন্তীর আনন্দ এই দূরপ্রবাসে সবার সাথে ভাগ করে নেয়াই তাদের এই প্রয়াস। বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সি তাদের নিয়মিত সাংগঠনিক কার্যক্রমের অংশ হিসাবে দীর্ঘদিন ধরে ফুড ব্যাংক কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

ঢাকায় বাড়ি বিক্রয়

(নিকুঞ্জ-২) নিকুঞ্জ ১৪নং রোড, ঢাকা বাংলাদেশ সম্পূর্ণ বাড়ি বিক্রয় হবে। যোগাযোগ: ৭১৮-৬৭৫-০৫৯৯

বাসা ভাড়া

দুটো রুমসহ কিচেন, টয়লেট সম্পূর্ণ পৃথক ১ তালা ভাড়া দেওয়া হবে। Melville, Long Island, Newyork. Half hollow Hills school district. যোগাযোগ: 929-328-5042

বাসা ভাড়া

সাউথ জ্যামাইকা ১৬৪-৬১ ১০৯ এভিনিউ। ৩ বেডরুম, ১বাথরুম, লিভিং, ডাইনিং ও কিচেন ২য় তলায়। ফোন: 646-255-0947

বাসা ভাড়া

ফেব্রুয়ারির ১ তারিখ থেকে জ্যামাইকা 197-20 99th Rd, Jamaica NY 11423, দুই বেডরুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৩৪৭-২৭৯-৯০২৩

বাসা ভাড়া

জানুয়ারি থেকে কুইন্স এর হলিসে ১টি ২ বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৯১৭-৫৪৭-১৫১০

রুমমেট চাই

Jamaica 148 Street 88 Aveতে মনোরম পরিবেশে এপার্টমেন্টে ২ জন অধুমপায়ী নামাজী ব্যাচেলর রুমমেট আবশ্যক। এখন সম্পূর্ণ খালি আছে। লোকেশন: তাজমহল রেস্টুরেন্ট/ কাওরান বাজার এর অপজিটে। এক ব্লকের মধ্যেই F Train. ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: 347-553-4830

রুম ভাড়া

জ্যাকসন হাইটস আপনা বাজারের সামনে এ্যাপার্টমেন্ট বিল্ডিং এ মা মেয়ে সাথের একজন ছাত্রী অথবা কর্মজীবী মহিলার কাছে একটি রুম ভাড়া দেওয়া হবে। কিচেন ও বাথরুম শেয়ার করতে হবে। যোগাযোগ: 347-237-3171

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা হিলসাইড এফ ট্রেনের পাশে ১৮০ স্ট্রীটে ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: 347-639-4571

ডেলিভারি ম্যান আবশ্যক

নিউইয়র্কের পাঁচ বোরোতে নিউজ পেপার ডেলিভারি দেওয়ার জন্য গাড়িসহ দুজন ডেলিভারি ম্যান আবশ্যক। ফোন 518-253-0966

পাত্রপাত্রীর খোঁজে

অভিভাবক বা পাত্রপাত্রী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email: drmah007@gmail.com, ফোন: ৫৭১-৪৮৯-৯০১৩

রেস্টুরেন্টে লোক আবশ্যক

উডসাইডের একটি বাংলাদেশী রেস্টুরেন্টে কিচেন হেলপার, কাষ্টমার সার্ভিস ও ক্লিনার পদে জরুরীভিত্তিতে লোক আবশ্যক। যোগাযোগ-347-792-4704

Help wanted

Salon/SPA workers \$900-\$1200 weekly Ayodhay Salon 37-43 76th St, Jackson Heights. 718-433-9616. www.ayodhany.com

MD AHSAN HABIB Esq.

Attorney -at-Law

Real Estate, Immigration , Litigation

AH LAW FIRM PLLC

Address:

164-13 Hillside Ave

Jamaica NY 11432

ahlegaledge@gmail.com

+1 929 294 5772

বৃদ্ধাশ্রমে সাহায্যের আবেদন

ঢাকার উত্তরখান আপন নিবাস বৃদ্ধাশ্রম। বর্তমানে ৮৮ জন কুড়িয়ে পাওয়া মা আছেন। তারা মোটামুটি মানসিকভাবে অসুস্থ। আপনারা সহযোগিতা করে এই ভালো কাজের শরীক হতে পারেন। যোগাযোগ: শেলিনা ইসলাম, ফোন: ০১১-৮৮-০১৮১৬৭৭৯১৬৩ বিকাশ: ০১৮১৬৭৭৯১৬৩

বেসমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটস সংলগ্ন নর্দান বুলেভার্ড ও ৮০ স্ট্রিটে প্রাইভেট বাসার বেসমেন্ট (২ বেডরুম, লিভিং রুম, ডাইনিং, কিচেনসহ) ১ আগস্ট থেকে ভাড়া হবে। ছোট পরিবারকে অগ্রাধিকার দেয়া হবে।
যোগাযোগ: ৯১৭-৪৭৬-৬৮৭৩

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessal4@gmail.com

পাত্রী চাই

সু-প্রতিষ্ঠিত, পেশায় ইঞ্জিনিয়ার, Green Care Holder, USA থেকে উচ্চশিক্ষায় শিক্ষিত ৫’৭ ৩৩ বছর পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ: 732-595-2602। Email: kanalist2020@gmail.com

Career Opportunity!!

Marketing Specialist

We are looking for a Marketing personal who has ability to handle strong data-matching software and develop and submits a yearly forecast, products, market, strategies and business plan.

Education/Experience:

Master of Business Administration Degree (MBA)

Data-entry experience

Required Qualifications/Skills:

Strong working knowledge of Microsoft Suite with focus on MS Excel

Good verbal communication skills.

Proficiency in business systems functions and personal computer use.

Send your up-to-date resume to The CEO

captor.usa@gmail.com

Captor USA, Inc.

3716 73rd Street

Suite # 402

Jackson Heights, NY 11372

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ

Utpal Chowdhury, MD.

Board certified internal medicine

Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn, Jamaica Hospital Medical Center, Queens.

অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়
পরিষেবা/চিকিৎসা

TREATMENT / SERVICES

- ফিজিক্যাল এক্সাম
- স্কুল ও কলেজের জন্য টীকা
- টিএলসি এক্সাম
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা
- চর্মরোগ

- ডায়বেটিস
- উচ্চ রক্তচাপ
- থাইরয়েড
- এজমা
- বাতের ব্যাথা
- যৌন রোগ

Please call for Appointment
At# 917-503-5002

ডাঃ উৎপল চৌধুরী

Tel: 917-503-5002,
Fax: 917-503-5004

Jamaica office

167-02 Highland Ave, 1st Floor, Jamaica, NY 11432

Phone: (718) 297-4444 & (917) 503-5006

Fax: (718) 297-4443 & (917) 503-5005

Office Hours:

Monday & Thursday, 5pm-9pm

Wednesday & Friday, Sunday 9am-3pm

Jackson Heights office

40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373

Phone: (917) 503-5002 & (718) 533-0002

Fax: (917) 503-5004 & (718) 533-0005

Office Hours:

Monday, Tuesday Thursday 9am-3pm

Wednesday & Friday 5pm-9pm

Sunday: Lab. Work only. 9am-1pm

We accept all major insurances including Medicare, Medicaid

True Medical Care P.C.

40-37 76th Street, 1st Floor Elmhurst, NY 11373 167-02 Highland Ave, 1st Floor Jamaica, NY 11432

আমরা প্রায় সব ধরনের ইন্স্যুরেন্স নিয়ে থাকি
যাদের স্বাস্থ্যবীমা নেই তাদের ত্রাসকৃত মূল্যে চিকিৎসা করে থাকি

বাংলাদেশ হেরিটেজ এবং এথনিক সোসাইটি অব আলবার্টার বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপন

উত্তর আমেরিকা ডেস্ক

বাংলাদেশ হেরিটেজ এবং এথনিক সোসাইটি অব আলবার্টা (BHESA) মুক্তিযুদ্ধে বাঙালির বিজয়ের সুবর্ণজয়ন্তীতে বীর সন্তানদের স্মরণ করেছে, স্মরণ করেছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তাঁর জন্মশতবার্ষিকীতে।

১৬ ডিসেম্বর স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে কানাডায় এক ভার্চুয়াল আলোচনা অনুষ্ঠানে সম্মানিত অতিথির ভাষণে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কানাডা ইউনিট কমান্ডের নির্বাহী দেলোয়ার জাহিদ বলেন, বঙ্গবন্ধু আমৃত্যু লড়াই করেছেন বৈষম্যহীন এক সমাজ ব্যবস্থা গড়ে তুলতে। আজো তাঁর সে স্বপ্ন বাস্তবায়ন হয়নি, বাস্তবায়ন হয়নি মুক্তিযুদ্ধে তাঁর চেতনার।

বাংলাদেশ হেরিটেজ এবং এথনিক সোসাইটি অব আলবার্টার সভাপতি আহসান উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনায় অংশ নেন সোসাইটির সাবেক সভাপতি ম. লস্কর, সোসাইটির সহ-সভাপতি আনামুর রহমান, মিজা আলম, সাইফুর হাসান, সোহা ইসলাম, চামেলী লস্কর। সোসাইটির সহ-সভাপতি আনামুর রহমান বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে অগ্রসরমান অর্থনীতি ও



স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে কানাডায় বাংলাদেশ হেরিটেজ এবং এথনিক সোসাইটি অব আলবার্টার ভার্চুয়াল আলোচনা অনুষ্ঠান। ছবি: সংগৃহীত

উন্নয়নে দীর্ঘাঙ্গ সাক্ষরতার তথ্য-উপাত্ত তুলে ধরেন।

সভার সভাপতি আহসান উল্লাহ বলেন, নয় মাসব্যাপী রক্তক্ষয়ী যুদ্ধের পর ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বিশ্ব মানচিত্রে বাংলাদেশ নামে যে একটি নতুন রাষ্ট্রের অভ্যুদয় ঘটেছে একে তিলে তিলে গড়ে তুলতে আমাদের আরও ধৈর্যশীল হতে হবে।

১৬ ডিসেম্বর সন্ধ্যায় বাংলাদেশের

স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে সিটি অব এডমন্টনের সহায়তায় বাংলাদেশ হেরিটেজ এবং এথনিক সোসাইটি অব আলবার্টা লাল-সবুজের বর্ণিল রঙে সাজিয়েছে বৃহৎ হাই লেভেল ব্রিজ। এডমন্টনের হাই লেভেল ব্রিজ লাইটিং হলো ব্রিজটিতে ৬০,০০০ এলইডি বাল্বের প্রজ্জ্বলন দ্বারা লাইট দ্য ব্রিজ ক্যাম্পেইনের মাধ্যমে সাংস্কৃতিক উদযাপনগুলো তোলে ধরা।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্

ট্যাক্স
 ★ পারসোনাল ট্যাক্স
 ★ বিজনেস ট্যাক্স
 ★ সেলস ট্যাক্স
 ★ বিজনেস সেটআপ

AUTHORIZED IRS e-file PROVIDER

ইমিগ্রেশন
 ★ ফ্যামিলি পিটিশন
 ★ সিটিজেনশীপ আবেদন
 ★ গ্রীণকার্ড নবায়ন
 ★ সব ধরনের এফিডেভিট

আলম টুর এন্ড ট্রাভেলস

AIR TICKET

• Emirates • Qatar Airways • Etihad Airways • Turkish Airlines • Saudia & More
 (646) 685-3785, (212) 810-0449
 E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com

Immigrant Elder Home care LLC
 Authorized Homecare Provider Department of Health, State of New York
 নিউইয়র্ক স্টেটের হোম কেয়ার প্রোভাইডার ডিপার্টমেন্টের অধীনে কাজ করে।
 যারা বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
 কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

Jahangir M Alam
 President & CEO

72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
 Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
 E: jmalamms@gmail.com (347) 891-7070

JOY TECH ELECTRONICS & COMPUTER

সেলস এবং রিপেয়ার

Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
 Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
 GSM আনলক সেলফোন বিক্রয়।
 সবধরনের Accesories পাওয়া যায়
 সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।

ultrap SIMPLE h2o T-Mobile UNIVISION mobile Lycamobile

Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733
 37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

ল' অফিস অব এটর্নি মো: গোলাম মোস্তফা

Our Services

- ★ Personal Injury & Workers Compensation (Recovery over 3 million dollar)
- ★ Car Accidents
- ★ Medical Mal Practice
- ★ Accident in Construction
- ★ Lead Poisoning
- ★ Slip and Fall
- ★ Dental Mal Practice
- ★ Immigration all kinds &
- ★ Green Card via employment & Investments
- ★ Real Estate & Business Closings
- ★ Non payment or no over time payment
- ★ Will, Trust and Estate Planning
- ★ Bankruptcy, Landlord-Tenant
- ★ Family Matter-Divorce
- ★ All Civil Matters

"Prior results do not guarantee a similar outcome"

Queens: 146-10 Hillside Ave, 2nd Fl. Jamaica, NY 11432
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Ph# 917-285-6247
 E-mail: abmostofa1@gmail.com

REAL ESTATE SALESPERSONS

Attorney Realty Inc.
 Regulated by Experienced Real Estate Attorney

MOSHARRAF HOSSAIN Cell: 347-307-1406
 ADVOCATE MD NURUZZAMAN Cell: 347-469-9268
 ADVOCATE MOHAMMAD HASHEM Cell: 646-552-2748

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Bangladeshi Foot Specialist

DR. SADI ALAM, DPM

আপনি পায়ের কোন সমস্যায় ভুগছেন?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
 PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218

Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
 Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | Email: dralamdpm@gmail.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS



পিটার ডি হাস

বাংলাদেশে নতুন মার্কিন রাষ্ট্রদূত পিটার ডি হাস

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশে পরবর্তী মার্কিন রাষ্ট্রদূত হিসেবে যোগদান করছেন পিটার ডি হাস। প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতা গ্রহণের পর পিটার হাসকে বাংলাদেশের রাষ্ট্রদূত হিসেবে মনোনয়ন ঘোষণা করেন। এমন মনোনয়ন নিশ্চিত হওয়ার অপেক্ষায় থাকা কূটনীতিক পিটার হাসের নিয়োগের চূড়ান্ত অনুমোদন দিয়েছে সিনেট। ওয়াশিংটনের কূটনৈতিক সূত্র এ তথ্য নিশ্চিত করেছে। গত জুলাইয়ে বাংলাদেশসহ চারটি দেশে যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূতের নাম ঘোষণা করে বাইডেন প্রশাসন। বাংলাদেশে রাষ্ট্রদূত হিসেবে প্রস্তাব করা হয় পিটার ডি হাসকে।

স্টেট ডিপার্টমেন্টের ওয়েবসাইটে প্রদত্ত তথ্য অনুযায়ী পিটার ডি হাস মরক্কোর মার্কিন দূতাবাসে কূটনীতিক হিসেবে কর্মজীবন শুরু করেন। এরপর ব্রিটেন ও ভারতে মার্কিন দূতাবাসে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন তিনি। পিটার ডি হাস রাষ্ট্রদূত আর্ল আর মিলারের স্থলাভিষিক্ত হবেন।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে ফ্লোরিডা স্টেট যুবলীগের বিজয় মেলা

প্রতিবেদক

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্য বর্ণাঢ্য এক বিজয় মেলার আয়োজন করে ফ্লোরিডা স্টেট যুবলীগ। এসময় লাল সবুজে ছেয়ে যায়

অনুষ্ঠানস্থল, যেন এক টুকরো বাংলাদেশ। অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্ম নিয়ে আলোচনা করা হয়। শ্রদ্ধা জানানো হয় মহান এই নেতার প্রতি। মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি স্মরণ করা হয়। ছিল বিশেষ দেয়ার আয়োজন।

১৭ ডিসেম্বর শুক্রবার এ উপলক্ষে এশিয়ান চিলিস রেস্টুরেন্টে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। প্রধান বক্তা ছিলেন যুক্তরাষ্ট্র যুবলীগের আহবায়ক তারিকুল হায়দার চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ এসোসিয়েশন অব ফ্লোরিডার সভাপতি এবিএম গোলাম মোস্তফা, যুক্তরাষ্ট্র যুবলীগের যুগ্ম আহবায়ক বাহার খন্দকার সবুজ, ক্যালিফোর্নিয়া স্টেট যুবলীগের সিনিয়র উপদেষ্টা হাসান রেজা চৌধুরী, ফ্লোরিডা স্টেট আওয়ামী লীগের সহসভাপতি সরকার হারুন, ঢাকার কাফরুল থানার সাবেক যুবলীগ নেতা নাঈম খান দাদন এবং এফবি টিভির সিইও টিটন মালিক। ফ্লোরিডা স্টেট

ট্রাম্পের চিফ অব স্টাফ মার্ক মেডোজ বিপাকে

রহমান মাহবুব

ক্যাপিটাল হিলে এ বছর ৬ জানুয়ারির হামলার সময় মার্ক মেডোজ সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চিফ অব স্টাফ ছিলেন। তবে তিনি এ ঘটনার তদন্তে সহযোগিতা করলে অস্বীকার করেছেন। এজন্য তাঁর বিরুদ্ধে অপরাধমূলক কংগ্রেস অবমাননার অভিযোগ এনে বিচার হবে। এমন প্রস্তাব গ্রহণে পাস হয়েছে। প্রস্তাবটি ২২২-২০৮ ভোটে পাস হয়। যুক্তরাষ্ট্রের বিচার বিভাগে মি. মেডোজের বিরুদ্ধে ক্রিমিন্যাল মামলা পরিচালনার প্রস্তাব পাঠানো হয়েছে। মেডোজ নিজে যুক্তরাষ্ট্র কংগ্রেসের প্রাক্তন সদস্য। ২০০ বছরের কংগ্রেসের ইতিহাসে এই প্রথম বারের মতো কোনো প্রাক্তন সদস্যের বিরুদ্ধে হাউস অবমাননার অভিযোগ আনা হচ্ছে। মেডোজকে বিচারের কাঠগড়ায় দাঁড় করাতে নিজ রিপাবলিকান দলের দু’জন সদস্যও ডেমোক্রাটদের সাথে যুক্ত হয়েছেন। এরা হলেন ওইমিংয়ের এলিজাবেথ চেনি এবং ইলিনয় রাজ্য প্রতিনিধি অ্যাডাম কিনসিনজার। দু’জনেই ৬ জানুয়ারির হামলার ঘটনায় গঠিত যুক্তরাষ্ট্র কংগ্রেসের তদন্ত কমিটির সদস্য।

দ্রুত ছড়াচ্ছে ওমিক্রন

ওমিক্রন যুক্তরাজ্যজুড়ে ছড়িয়ে পড়ছে। এ পর্যন্ত ১৫ হাজারের বেশি মানুষের শরীরে ধরনটির উপস্থিতি মিলেছে। ওমিক্রনে প্রথম মৃত্যুও হয়েছে যুক্তরাজ্যে।

ডেস্ক রিপোর্ট

নিউইয়র্কসহ আমেরিকার সর্বত্র দ্রুতগতিতে ছড়াচ্ছে করোনা ভাইরাসের নতুন ধরন ওমিক্রন। বিভিন্ন দেশে মাত্র দেড় থেকে তিনদিনে ওমিক্রনে সংক্রমণের সংখ্যা দ্বিগুণ হয়ে যাচ্ছে। ১৮ ডিসেম্বর মহামারির হালনাগাদ তথ্য দিতে গিয়ে ডব্লিউএইচও এ কথা জানায়।

করোনা মহামারির প্রথম ধাক্কায় পড়া নিউইয়র্কে নতুন করে সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে। নিউইয়র্কে ১৮ ডিসেম্বর গভর্নর ক্যাথি হকুল জানান, রাজ্যে প্রায় ২২ হাজার জনের মধ্যে সংক্রমণের পজিটিভ ফলাফল পাওয়া গেছে। ৮ লাখের বেশি মানুষের মৃত্যুর দেশ যুক্তরাষ্ট্রে ১৭ ডিসেম্বর শুক্রবারের হিসেবে এক লাখ সত্তর হাজার জনের। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) বলেছে, প্রথমে দক্ষিণ আফ্রিকা গত ২৪ নভেম্বর দেশটিতে ওমিক্রনের সংক্রমণ শনাক্ত হওয়ার ঘটনা তাদের অবগত করে। এর পর থেকে মাত্র তিন সপ্তাহের কিছু বেশি সময়ে বিশ্বের ৮৯টি দেশে করোনার নতুন ধরনটি ছড়িয়ে পড়ার খবর পাওয়া গেছে। আশঙ্কার বিষয়, উচ্চমাত্রায় রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন মানুষের শরীরে ওমিক্রন দ্রুত ছড়াচ্ছে—এমন তথ্য জানিয়ে ডব্লিউএইচও বলেছে,

এমনটি কেন হচ্ছে, তা এখনও পরিষ্কার নয়। তাদের ধারণা, ওমিক্রনের রোগ প্রতিরোধক্ষমতা ভেঙে দেয়া বা অতিমাত্রায় সংক্রমণ ক্ষমতা কিংবা এ দুইয়ের সংমিশ্রণজনিত কারণে এমনটা হতে পারে।

গত মাসের শেষদিকে ওমিক্রনের প্রথম রোগী শনাক্ত হয় দক্ষিণ আফ্রিকায়। অল্প কয়েক দিনে এটি দ্রুত বিশ্বের বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে। ডব্লিউএইচও বলেছে, সংক্রমণের হার বাড়ার সঙ্গে সঙ্গে রোগীদের হাসপাতালে ভর্তি হওয়ার সংখ্যাও বাড়তে পারে। ওমিক্রন ঠেকাতে এখন পর্যন্ত টিকার ওপরই জোর দিচ্ছে সংস্থাটি। ইউরোপ-আমেরিকাসহ বিভিন্ন দেশের নেতারাও কঠোর বিধিনিষেধের সিদ্ধান্ত না নিয়ে টিকা দেয়ার ওপর জোর দিচ্ছে। তবে টিকা বর্টনের ক্ষেত্রে বৈষম্য হচ্ছে এবং মহামারি মোকাবিলায় নেয়া পদক্ষেপে সমন্বয় খুব প্রয়োজন উল্লেখ করে জাতিসংঘের মহাসচিব বলেছেন, সমন্বয়হীন পদক্ষেপ নিলে মহামারি মোকাবিলা করা সম্ভব নয়। ফরাসি প্রধানমন্ত্রী জাঁ ক্যাসটেক্স বলেছেন, ইউরোপে করোনা বিদ্যুৎগতিতে ছড়াচ্ছে। বছরের শুরুতে এটি ফ্রান্সে পড়াবে বিস্তার শুরু করবে বলে তিনি আশঙ্কা করেছেন। যুক্তরাজ্যে ভ্রমণ ও সে দেশ থেকে লোকজনের আসা ঠেকাতে ভ্রমণ নিষেধাজ্ঞা শুরু হওয়ার কয়েক ঘণ্টা আগে এ মন্তব্য করেন তিনি।

যুক্তরাজ্যের একদল গবেষক বলছেন, ওমিক্রনে সংক্রমিত ব্যক্তির দেহে ভেন্টার চেয়ে মৃদু উপসর্গ দেখা দেয়ার প্রমাণ পাননি তাঁরা। গবেষকেরা আরও বলছেন, এ অবস্থায় নতুন ধরনটি ততটা মারাত্মক নাও হতে পারে এবং

স্বাস্থ্যসেবার ওপর তেমন চাপ নাও তৈরি করতে পারে—বিশেষজ্ঞদের ইতিপূর্বে করা এমন আশাবাদ নিয়ে সংশয় দেখা দিয়েছে।

ইম্পেরিয়াল কলেজ লন্ডনের সমীক্ষায় দেখা গেছে, ওমিক্রনে পুনরায় সংক্রমণের আশঙ্কা ডেল্টার চেয়ে পাঁচ গুণ বেশি। তবে এখনই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার মতো পর্যাপ্ত তথ্য-উপাত্ত নেই বলে জানিয়েছেন গবেষকেরা। স্থানীয় সময় গত শুক্রবার ইম্পেরিয়াল কলেজ লন্ডনের সমীক্ষা প্রতিবেদনটি প্রকাশিত হয়। এমন এক সময় প্রতিবেদনটি প্রকাশিত হলো, যখন যুক্তরাজ্যে করোনার সংক্রমণ নতুন করে বাড়তে শুরু করেছে। টানা তিন দিন দেশটিতে দৈনিক সংক্রমণের সংখ্যা রেকর্ড ছাড়িয়েছে। শুক্রবার দেশটিতে নতুন করে ৯৩ হাজার ৪৫ জনের শরীরে করোনা শনাক্ত হয়। করোনা মহামারি শুরুর পর গত বুধবার যুক্তরাজ্যে সংক্রমণ শনাক্তের সংখ্যা সর্বোচ্চ পৌঁছায়। পরের দুদিনে তা আরও বাড়়ে। এ প্রবণতা অব্যাহত থাকতে পারে বলে আশঙ্কা করছেন যুক্তরাজ্যের স্বাস্থ্যসংশ্লিষ্ট কর্মকর্তরা।

অতিসংক্রমক ধরণ ওমিক্রন এরই মধ্যে যুক্তরাজ্যজুড়ে ছড়িয়ে পড়ছে। এ পর্যন্ত দেশটিতে ১৫ হাজারের বেশি মানুষের শরীরে ধরনটির উপস্থিতি মিলেছে। ওমিক্রনে প্রথম মৃত্যুও হয়েছে দেশটিতে।

ওই সমীক্ষা প্রতিবেদনে বলা হয়, ওমিক্রনের সংক্রমণে ভেন্টা থেকে ভিন্নমাত্রায় রোগের তীব্রতা থাকার প্রমাণ পাওয়া যায়নি। তবে এখন পর্যন্ত পাওয়া তথ্যমতে, ওমিক্রনে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়ার হার তুলনামূলক কম।

সেন্ট্রাল ফ্লোরিডায় বিজয় উৎসব

জুয়েল সাদাত

১৮ ডিসেম্বর শনিবার সেন্ট্রাল ফ্লোরিডার আপনা ইভেন্ট সেন্টারে সেন্ট্রাল ফ্লোরিডা মহানগর আওয়ামী লীগ আয়োজিত বিজয় উৎসব ও নতুন কমিটির অভিষেক এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের আওয়ামী লীগের রাজনীতিতে সেন্ট্রাল ফ্লোরিডা মহানগর আওয়ামী লীগ একটি অনুকরণীয় সংগঠন।

বিদায়ী সভাপতিকে যেভাবে সম্মান জানিয়ে বিদায় জানানো হচ্ছে, তা দেখার ও শেখার বিষয়। এই কমিটির উপদেষ্টায় যারা আছেন তাঁরা দেশের গর্বিত সন্তান। আপনারা দেশটাকে ভালোবাসবেন। বিদেশ থেকে দেশের ভাবমূর্তি নষ্ট করতে একটি শক্তিশালী চক্র কাজ করছে, আপনারা সজাগ থাকবেন। তিন পর্বের বিজয় উৎসবের শুরুতে বিদায়ী সভাপতি জয়নাল চৌধুরীকে ক্রেস্ট দিয়ে সভাপতিত্ব গ্রহণ করেন নতুন সভাপতি কাজী আসিফ ইকবাল সুকন। বিশেষ অতিথি মুক্তিযোদ্ধা প্রকৌশলী ইকবাল হায়দার বলেন, বিশ্বের একমাত্র জাতি আমরা ভাষার জন্য ও দেশের জন্য রক্ত দিয়েছি। বাংলাদেশ আজ বিশ্বের রোল মডেল।

মুক্তিযুদ্ধ বিষয়ক একাধিক গ্রন্থের লেখক উপদেষ্টা ডা. নুরুল আমিন বলেন, আমাদের সেন্ট্রাল ফ্লোরিডা মহানগর আওয়ামী লীগ আজ আমেরিকার একটি ভালো সংগঠন। প্রতিষ্ঠাকালীন সভাপতি

বিনামূল্যে কোভিড ভ্যাকসিনের বুস্টার ডোজ

উত্তর আমেরিকা অফিস

সাদাকাহ ফাউন্ডেশন ইউএসএ’র সহযোগিতায় বিনামূল্যে কোভিড ভ্যাকসিনের বুস্টার ডোজ কর্মসূচি পালিত হয়েছে। বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বিজয় দিবস উপলক্ষে ১৬ ডিসেম্বর বৃহস্পতিবার জ্যামাইকা মুসলিম সেন্টারে এই কর্মসূচি পালিত হয়। সেতুর উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিতে আয়োজন সহযোগী হিসেবে ছিল কমনওয়েল্‌থ কুইন্স এবং ইন্ডিয়া হোমস। আয়োজনটি উদ্বোধন করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের প্রেসিডেন্ট ডা. সিদ্দিকুর রহমান।

সাদাকাহ ফাউন্ডেশনের প্রেসিডেন্ট মুহাম্মদ শহীদুল্লাহর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন সেতুর পরিচালক তীর্থ দত্ত, কমনওয়েল্‌থ কুইন্সের পরিচালক হুমা খান ও সুমন ইসলাম, ইন্ডিয়া হোমসের নাগিস আহমেদ। বুস্টার ডোজের ক্ষেত্রে রোসি ফার্মাসি থেকে সার্বিক সহযোগিতা করা হয়। এসময় আরও বক্তব্য রাখেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ইলেস্ট যুগ্ম সম্পাদক ফখরুল ইসলাম দেলোয়ার, স্থানীয় কমিউনিটি লিডার হাজী শামসুল সারোয়ার, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সাধারণ সম্পাদক আল আমিন রাসেল, সাংবাদিক এসএম সোলায়মান, কমিউনিটি এঞ্জিভিস্ট আল আমিন সারোয়ার, জ্যামাইকা মুসলিম সেন্টারের যুগ্ম সাধারণ সম্পাদক হুমায়ুন খান।

জ্যামাইকা মুসলিম সেন্টারের প্রেসিডেন্ট ডা. সিদ্দিকুর রহমান বলেন,

সেন্ট্রাল ফ্লোরিডায় বিজয় উৎসব



অনুষ্ঠানে অতিথিরা।

হিসাবে গর্ব বোধ করি।

বিশেষ অতিথির উপদেষ্টা ডা. মুরাদ খান ঠাকুর বলেন, বাংলাদেশের ৫০ বছরের অর্জন নিয়ে গবেষণা চলছে। আমাদের বর্তমান সরকারের সুযোগ্য নেতৃত্বেই দেশ নানা সূচকে বিশ্বে সমাদৃত। উপদেষ্টা ও মুক্তিযোদ্ধা শামীম মুধা বলেন, বাংলাদেশের মুক্তিযোদ্ধারা বর্তমানে সম্মানীত। তাঁদের সন্তানরাও সম্মান ও গর্ববোধ করেন তাঁদের পিতার কারণে। মুক্তিযোদ্ধারা মৃত্যুর পরও সম্মান পাচ্ছেন।

আরও বক্তব্য রাখেন সাবেক উপদেষ্টা মেহেদী বাবুল, ছাত্রনেতা যুগ্ম সম্পাদক নাজিম উল্লাহ লিটন, সহ-সভাপতি সাংবাদিক- কলামিস্ট বঙ্গবন্ধু ফাউন্ডেশনের

কেন্দ্রীয় সহ-সভাপতি জুয়েল সাদাত, সাংগঠনিক সম্পাদক বাহার হোসেন, সিনিয়র সভাপতি জাহাঙ্গীর সরদার। সভাপতির বক্তব্য কাজী আসিফ ইকবাল সুকন বলেন, আমরা সেন্ট্রাল ফ্লোরিডার সকলকে দাওয়াত করেছিলাম সম্মিলিতভাবে বিজয় উৎসব পালনের। সবাই এসেছেন, আমরা ধন্যবাদ জানাই সকলকে। আমাদের আগামীতে আরও বড় পরিসরে বিজয় দিবস আয়োজনের সুযোগ থাকবে।

বিজয় উৎসবের মূল আকর্ষণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করেন নাজিম উল্লাহ লিটন। রোকশানা মিজাঁ দেশের গান দিয়ে শুরু করেন। রাতে মঞ্চে আসেন বাউল সম্রাট সফি মণ্ডল।

ইনফো কর্নার

অনেক বাধা-বিপত্তি ডিঙিয়ে নানা স্বপ্ন, আশা নিয়ে বাংলাদেশের বিভিন্ন অঞ্চল থেকে আমেরিকায় পাড়ি জমান অনেকে। কিন্তু আমেরিকায় আসার কয়েকদিন পর অধিকাংশই বাস্তবতা অনুধাবন করতে পারেন। অনেকেই বুঝতে পারেন, স্বপ্নের দেশ আমেরিকায় টিকে থাকা এত সহজ নয়। এর পেছনে রয়েছে নানাবিধ কারণ। তার মধ্যে ইংরেজি ভাষায় দুর্বলতা, কাজে অক্ষমতা, বিভিন্ন অঙ্গরাজ্যে নিত্যপণ্যের উচ্চ দাম উল্লেখযোগ্য। ফলে অনেকেই নিজে চলতে অথবা পরিবার চালাতে হিমশিম খান। সমস্যা যেমন আছে, তেমনি সব সমস্যার সমাধানও রয়েছে। নতুন আসা বাঙালি অভিবাসীদের অনেকেই মার্কিন সরকারের দেয়া বিভিন্ন সুযোগ-সুবিধা সম্পর্কে অবগত নন। জীবনধারণের জন্য আমেরিকান সরকার খাদ্য, চিকিৎসা, আবাসন, শিক্ষা ক্ষেত্রে অনেক সুযোগ-সুবিধা দিয়ে থাকে। এ লেখার মাধ্যমে এসব সুযোগ-সুবিধা সম্পর্কে আলোচনা করার চেষ্টা করা হবে, যাতে কেউ পর্যাপ্ত তথ্য না জানার কারণে ভোগান্তির শিকার হন। **আসিফ মোস্তাদির**



বাড়ির মালিকদের সহায়তা ভহবিল

বাড়ির মালিকদের সহায়তা করার জন্য নিউইয়র্ক অঙ্গরাজ্যে ২০২২ সালের ৩ জানুয়ারি থেকে একটি প্রোগ্রাম চালু হতে যাচ্ছে। এ প্রোগ্রামের আওতায় যেসব বাড়ির মালিকের বাড়ির মর্টগেজ বা ঋণ, ট্যাক্স, পানি বিল ইত্যাদি বকেয়া আছে তাদের সাহায্য প্রদান করা হবে। আবেদনের জন্য যেসব কাগজ লাগবে :

- মর্টগেজ, ট্যাক্সসহ অন্যান্য বকেয়া বিলের কপি
- স্টেট আইডি বা ড্রাইভিং লাইসেন্স
- ট্যাক্স রিটার্নের কাগজ, W-2 এবং ১০৯৯ ফর্ম
- বাড়ির টাইটেল বা দলিল।

এ প্রোগ্রামের আওতায় সহায়তা পাবার জন্য অনলাইনে আবেদন করা যাবে। তা না হলে পরিত্রিত একাউন্টের সহায়তাও নেয়া যাবে। এসব প্রোগ্রামের জন্য বরাদ্দকৃত অর্থ ফুরিয়ে যাবার আগে পর্যন্ত সহায়তা প্রদান করা হয়। তাই ৩ জানুয়ারি চালু হওয়ার সাথে

সাথেই আবেদন করা ভালো। আর্থিক সহায়তা পাবার জন্য নিম্ন আয়ের পরিবার যেভাবে আবেদন করবেন : আমেরিকান সরকার নিম্ন আয়ের পরিবারকে আর্থিকভাবে সাহায্য করে থাকে। এ সহায়তা পাওয়ার একাধিক উপায় রয়েছে। টেম্পোর ার্যি অ্যাসিস্ট্যান্স ফর নিডি ফ্যামিলিস (টিএএনএফ) প্রকল্পের মাধ্যমে নিম্ন আয়ের পরিবারকে সাময়িকভাবে আর্থিক সাহায্য দেয়া হয়, যাতে তারা সাময়িক আর্থিক সমস্যা কাটিয়ে উঠতে পারে। এছাড়া পার্বলিক অ্যাসিস্ট্যান্স গ্রান্ট (পিএ) প্রকল্পের মাধ্যমেও নিম্ন আয়ের পরিবারের সদস্যরা আর্থিক সাহায্য পেতে পারেন। পর্যাপ্ত উপার্জন করতে ব্যর্থ হলে পিএর জন্য আবেদন করা যেতে পারে। আবার অনেকেই আছেন বিভিন্ন শারীরিক অসুবিধার জন্য কাজ করতে অক্ষম। তাদের জন্য রয়েছে স্যান্টিমেন্টাল সিকিউরিটি ইনকাম (এসএসআই), সোশ্যাল সিকিউরিটি ডিজঅ্যাবিলিটি (এসএসডি) মতো প্রকল্প। শারীরিকভাবে কাজ করতে অক্ষম হলে এসব সুবিধার জন্য প্রয়োজনীয় প্রমাণাদিসহ আবেদন করা যেতে পারে। এসব সুবিধা পাবার জন্য যেকোনো নিকটস্থ সোশ্যাল সার্ভিস অফিস কিংবা অনলাইনে আবেদন করা যেতে পারে।

বাংলাদেশিদের আধিপত্য

বাংলাদেশি আমেরিকানরা ইতিহাস সৃির মাধ্যমে পেনসেলভেনিয়া রাজ্যর মিলর্বন বরো পুরোটাই নিজেদের দখলে নিয়েছেন। পেনসেলভেনিয়া রাজ্যর মেলর্বন বরোর মেয়র, ৫ জন সিটি কাউন্সিলর, বরোর প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট এবং ট্যাক্স কালেক্টর সবাই বাংলাদেশি। জানুয়ারিতে শুরু হওয়া মেলর্বন বরোর অফিসিয়াল কার্যক্রমে দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশিরা হলেন : নবনির্বাচিত মেয়র মাহাবুবুল তৈয়ব, ৫ জন কাউন্সিলরম্যান মোহাম্মদ হাসান, মোহাম্মদ ইসলাম জীবন, মোহাম্মদ মনসুর আলী মিঠু, মোশারফ হোসেন, আলীউদ্দিন পাঠোয়ারী এবং ট্যাক্স কালেক্টরস সাজ্জাদ মোহাম্মদ।





ব্রক্স বিএনপির কমিটি ঘোষণা অনুষ্ঠানে নেতৃবৃন্দ।

ব্রক্স বিএনপির আংশিক কমিটি ঘোষণা

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশের স্বাধীনতার স্বর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস পালন করেছে বিএনপি নেতা অধ্যাপক দেলোয়ার হোসেন ও আকতার হোসেন বাদল সমর্থিত নিউইয়র্ক সিটি বিএনপি। এ উপলক্ষে রোববার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবাম পার্টি হলে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় ব্রক্স বিএনপির অংশিক কমিটিও ঘোষণা করা হয়। সভায় বক্তারা অবিলম্বে দলীয় চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সূচিকিংসার দাবী জানিয়ে বলেন, শেখ হাসিনার সরকার পতনে দেশ ও প্রবাসে এক দফার আন্দোলন গড়ে তুলতে হবে।

নিউইয়র্ক সিটি বিএনপি সভাপতি শামীমা আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি অধ্যাপক দেলোয়ার হোসেন এবং প্রধান

বক্তা ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আকতার হোসেন বাদল। আয়োজক সংগঠনের সাধারণ সম্পাদক সাইফুল ইসলামের

পরিচালনায় বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা মীর মশিউর রহমান, জাতীয়তাবাদী ফোরামের নেতা রফিকুল ইসলাম ডালিম, বিএনপি নেতা শাহ রন, শাওন বাবলা, যুক্তরাষ্ট্র যুবদল নেতা সারোয়ার খান বাবু, সিটি বিএনপি সহ-সভাপতি মাহবুব রহমান, ব্রক্স বিএনপি নেত্রী নিগার সুলতানা সালমা। সভায় বেগম খালেদা জিয়ার সুস্থতা ছাড়াও শহীদ জিয়াউর রহমানসহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়া করা হয়।

সভায় জীবন আহমেদকে সভাপতি ও মোহাম্মদ গিয়াস আহমেদ চৌধুরীকে সাধারণ সম্পাদক করে ব্রক্স বিএনপির আংশিক কমিটি ঘোষণা করা হয়। এই কমিটি ঘোষণা দেন আকতার হোসেন

বাদল। ব্রক্স বিএনপির অংশিক কমিটিতে সভাপতি জীবন আহমেদ, সিনিয়র সহ-সভাপতি নাসির উদ্দিন সরকার, সহ-সভাপতি আমীর হোসেন সূজন, ফরিদ হোসেন, আরিফ হোসেন, সুজা উদ্দিন সুজা, সাধারণ সম্পাদক মোহাম্মদ গিয়াস উদ্দিন চৌধুরী, সহ-সাধারণ সম্পাদক মামুনুর আলম মামুন ও নুরুল ইসলাম নুরু, সাংগঠনিক সম্পাদিকা নিগার সুলতানা সালমা, সহ-সাংগঠনিক সম্পাদিকা আফরোজা বেগম, সদস্য সচিব অধ্যাপিকা নাদিয়া বেগম, অর্থ সম্পাদক শাহীদুর রহমান সাদিদ, প্রচার সম্পাদক তাপসী রাবোয়া, ধর্ম বিষয়ক সম্পাদক হারুনর রশীদ, সদস্য রোমা খালোদা, নওরিন আক্তার, মোসলেমা বেগম পলি, নাসিমা আক্তার, আসমা আক্তার সুইচি ও সাফায়েত উল্লাহ।

এছাড়া ড. জাহাঙ্গীর সরদারকে প্রধান উপদেষ্টা মনোনীত করা হয়।

বিশ্বব্যাপী ওমিক্রন ছড়িয়ে পড়ায় বেশ কিছু দেশ সুরক্ষা ব্যবস্থা কঠোর করছে। ইউরোপে, ফ্রান্স এবং জার্মানি ভ্রমণ নিষেধাজ্ঞায় পড়ছে; নেদারল্যান্ডস খ্রিসমাসকে কেন্দ্র করে কঠোর লকডাউন আরোপ করেছে। এরই মাঝে ফাউসি বললেন, মার্কিন যুক্তরাষ্ট্রে ওমিক্রনের দ্রুত বিস্তার স্বাস্থ্য পরিষেবাগুলিতে মারাত্মক প্রভাব ফেলতে পারে। হাসপাতাল, ক্লিনিকগুলো খুব চাপের মধ্যে পড়বে বলেও তিনি আশঙ্কা প্রকাশ করেন।

ডা. ফাউসি আমেরিকানদের ভ্যাকসিন এবং বুস্টার নেওয়ার আহ্বান জানিয়েছেন। ওমিক্রন সংক্রমিত হলে বুস্টার নেয়া ব্যক্তিরা না নেয়ারদের তুলনায় বেশি ঝুঁকিতে থাকবেন বলেও তিনি উল্লেখ করেন।

দুই মার্কিন সিনেটর ডেমোক্র্যাট এলিজাবেথ ওয়ারেন (৭২) এবং কোরি বুকার (৫২) করোনা পজিটিভ হওয়ার পরে ফাউসি এই সতর্কতা দেন। ২৫ ডিসেম্বর শনিবার বড়োদিন উপলক্ষে বাড়তি সচেতনতার আহ্বানও জানান তিনি।

জ্যাকসন হাইটসে বাসের ধাক্কায় নাজমুল আহসান বাবুলের মৃত্যু

উত্তর আমেরিকা অফিস

সড়ক পার্শ্ব হতে গিয়ে বাসের ধাক্কায় মাগুরা জেলা সমিতি

যুক্তরাষ্ট্রের

নবনির্বাচিত সভাপতি

নাজমুল আহসান বাবুল ইন্তেকাল করেছেন (ইমা লিল্লাহি ওয়া ইমা ইলাহি রাজিউন)। জ্যাকসন হাইটসের সোভেন্টি থার্ড এবং ব্রডওয়ে সড়কে ২১ ডিসেম্বর মঙ্গলবার সন্ধ্যা সোয়া ৭টার দিকে দুর্ঘটনাটি ঘটে।

প্রত্যক্ষদর্শী একজন জানান, নামাজ পাড়ে কাবাব কিং রেস্তুরেন্ট থেকে বের হয়েছিলেন বাবুল। এরপর রাস্তা পার হওয়ার সময় নিউইয়র্ক সিটি বাস তাঁকে ধাক্কা দেয়। এতে তাঁর মাথা থেকে প্রচুর রক্তক্ষরণ হয়। বাবুল তাঁর স্ত্রীর ডাক্তারের অ্যাপয়েন্টমেন্টে দেরি হয়ে যাবে বলে দ্রুত রাস্তা পার হচ্ছিলেন। ঠিক সেই সময় কিউ ৩৯ (Q39) বাসটি তাঁকে ধাক্কা দেয়। আশঙ্কাজনক অবস্থায় নাজমুল আহসান বাবুলকে এলমহাস্ট্র হাসপাতালে নেয়া হয়। এর কয়েক ঘণ্টা পর তিনি মারা যান। নিউইয়র্ক পুলিশ বিভাগ জানিয়েছে, এ ঘটনায় তদন্ত চলছে। নাজমুল আহসান বাবুল পেশায় প্রকৌশলী ছিলেন। তিনি লায়ন্স ক্লাবেরও গভর্নর ছিলেন। বাবুলের মৃত্যুতে জনসমাজের বিভিন্ন সংগঠন শোক ও সমবেদনা জানিয়েছে।



নাজমুল আহসান

প্রথম পৃষ্ঠার পর

ডোনাল্ড ট্রাম্পের মামলার আবেদনে বলা হয়েছে একজন প্রাইভেট সিটিজেনের বিরুদ্ধে নিউইয়র্কে অ্যাটর্নি জেনারেলের মামলা সম্পূর্ণভাবে রাজনৈতিক বিদ্বেষ থেকে করা হয়েছে। রাজনৈতিকভাবে নিজের বিরোধী মনে করে হয়রানি করার জন্য তাঁর বিরুদ্ধে মামলা পরিচালিত হচ্ছে বলে ট্রাম্প অভিযোগ করেছেন।

নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল লাটিসিয়া জেমস একজন ডেমোক্র্যাট। গত দুই বছর থেকে ডোনাল্ড ট্রাম্প এবং তাঁর ব্যবসা প্রতিষ্ঠান ট্রাম্প ওরগেনাইজেশন নিয়ে তিনি তদন্ত পরিচালনা করছেন। এ তদন্তে ট্রাম্প ও তাঁর ব্যবসায়ী সংগঠন কর ফাঁকি দিয়েছে বা সম্পদের মূল্য ভুল্যা দেখিয়ে ঋণ গ্রহণ করাসহ আর্থিক নানা বিষয় দেখা হচ্ছে। প্রেসিডেন্ট থাকা অবস্থায় ডোনাল্ড ট্রাম্পের পক্ষ থেকে তাঁর কর বিবরণী

ওমিক্রনের কবলে আমেরিকা

প্রথম পৃষ্ঠার পর

অঞ্চলে নতুন আক্রান্তদের মধ্যে শতকরা ৯০ ভাগ বা তারও বেশি ওমিক্রনে আক্রান্ত। জাতীয় পর্যায়ে যে হারে সংক্রমণের তথ্য মিলছে তাতে গত এক সপ্তাহে যুক্তরাষ্ট্রে কমপক্ষে সাড়ে ৬ লাখ মানুষ আক্রান্ত হয়েছে ওমিক্রনে। সিডিসির তথ্য বলছে, জ্বনের শেষ থেকে যুক্তরাষ্ট্রে সংক্রমণের প্রধান ভ্যারিয়েন্ট ছিল ডেল্টা।

যুক্তরাষ্ট্র ছাড়াও বিশ্বের বিভিন্ন দেশে ওমিক্রনে সংক্রমিত রোগী শনাক্তের হার উর্ধ্বমুখী। করোনার এ ধরনের কারণে কোথাও কোথাও রেকর্ড সংখ্যক রোগী শনাক্ত হচ্ছেন। এ অবস্থায় কিছু দেশ আবার কঠোর বিধিনিষেধ জারি করতে বাধ্য হচ্ছে।

যুক্তরাজ্যে ওমিক্রনের উচ্চ সংক্রমণ হার দেখা যাচ্ছে। দেশটিতে এ ধরনে সংক্রমিত রেকর্ডসংখ্যক রোগী শনাক্ত হচ্ছেন। যুক্তরাজ্যে এখন পর্যন্ত ১২ জন ওমিক্রনের সংক্রমণে মারা গেছেন। দেশটিতে এ ধরনের নতুন চেউ আসতে পারে বলে সতর্ক করা হয়েছে। যুক্তরাষ্ট্রে ওমিক্রনে সংক্রমিত হয়ে প্রথম কারও মৃত্যু হয়েছে। স্থানীয় সময় গত সোমবার এবিসি নিউজ জানায়, দেশটির টেক্সাস অঙ্গরাজ্যে এ ঘটনা ঘটেছে। মারা যাওয়া ব্যক্তির বয়স প্রায় ৫০ বছর। তিনি টিকা নেননি। হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি জেন সাকি জানান, যুক্তরাষ্ট্রে লকডাউন দেয়ার কোনো পরিকল্পনা এখন পর্যন্ত প্রেসিডেন্ট জো বাইডেনের নেই। প্রাথমিক তথ্যপ্রমাণ ইঙ্গিত দিচ্ছে, করোনার ওমিক্রন ধরন অধিক সংক্রামক হতে পারে। ওমিক্রনের বিরুদ্ধে বিদ্যমান টিকার

নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেলের বিরুদ্ধে

হস্তান্তর না করাসহ এ তদন্ত কাজ বন্ধ রাখার জন্য একের পর এক চেষ্টা করছেন। উচ্চ আদালতের রায় নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেলের পক্ষে মারা যাওয়ায় মামলার তদন্তে গতি আসে।

ট্রাম্পের আইনজীবী এলিনা হ্যাকা বলেন, দায়ের করা মামলার মাধ্যমে অ্যাটর্নি জেনারেল লাটিসিয়া জেমসের বিদ্বেষপ্রসূত কারকর্ম বন্ধ করার উদ্যোগ নেয়া হয়েছে। হয়রানি করে একজন নাগরিকের সাংবিধানিক অধিকার লঙ্ঘন করা হচ্ছে এবং বিষয়টি অনৈতিক বলে ট্রাম্পের আইনজীবী তাঁর বিবৃতিতে বলেছেন।

এদিকে অ্যাটর্নি জেনারেল লাটিসিয়া জেমসের অফিস থেকে দেখা বিবৃতে বলা হয়েছে, বিচার বন্ধ রাখার জন্য ট্রাম্পের করা মামলার মধ্যেও তদন্ত ও বিচারকার্য অব্যাহত থাকবে। ডোনাল্ড ট্রাম্প ও তাঁর ট্রাম্প ওরগেনাইজেশনের পক্ষ থেকে তাঁর বিরুদ্ধে নিউইয়র্কে তদন্ত ও বিচার

প্রথম পৃষ্ঠার পর

করেছেন উত্তেজনাকর নাটকীয়তার মধ্য দিয়ে। এর আগের চার বছরে ডোনাল্ড ট্রাম্পের শাসনামলে আমেরিকার সোমাজজীবনে অস্থিরতা বিরাজ করছিল। ডোনাল্ড ট্রাম্প মার্কিন রাজনীতিতে রক্ষণশীল ধারণাগুলোকে উল্কে দিয়ে দেশ শাসন করেছেন। তাঁর ক্ষমতা থেকে গ্রহণের মধ্য দিয়ে উদারনৈতিক আমেরিকানের মধ্যে প্রত্যাশাও উল্কে উঠেছিল। যদিও প্রতিনিধি পরিস্কে সামান্য ব্যবধানে ডেমোক্র্যাটদের সংখ্যাগরিষ্ঠতা এবং সিনেটে সমান সমান অবস্থান নিয়ে প্রেসিডেন্ট জো বাইডেনের এগিয়ে যাওয়া নিয়ে রাজনৈতিক বিশ্লেষকদের সংশয় ছিল শুরু থেকেই। উদারনৈতিক ডেমোক্র্যাটদের এর মধ্যেই মোহ ভঙেছে বলে মনে করা হচ্ছে।

২০২২ সালের মধ্যবর্তী নির্বাচনে প্রতিনিধি পরিষদ ও সিনেটে ডেমোক্র্যাট দলের ভরাডুবি এখন মার্কিন রাজনীতিতে প্রধান আলোচনার বিষয়। উদারনৈতিক পক্ষ মনে করছে এরমধ্যেই যদি তাদের কর্মসূচিগুলো বাস্তবায়ন করা না যায়, তাহলে প্রেসিডেন্ট জো বাইডেনের অবশিষ্ট সময়ে তা আর হয়ে ওঠার নয়। যারা মনে করছিলেন, আমেরিকার রাজনীতিতে ট্রাম্পের অপছায়া থেকে বেরিয়ে আসার নীতিমালা দ্রুততার সাথে করতে সক্ষম হবেন, তাঁদের গত একবছরে হতাশাই হতে হয়েছে। সানরাইজ যুভম্যান্ট নামের পরিবেশ বিষয়ক নাগরিক আন্দোলনের সংগঠনের নির্বাহী ডিয়াইন শেলী বলেছেন, জো বাইডেন গত একবছর অন্য যেকোনো প্রেসিডেন্টের মতোই শাসনকার্য পরিচালনা করেছেন।

তার এ শাসনকার্য পরিচালনায় উদারনৈতিকদের প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেনকে খুঁজে পাওয়া যায়নি। যেসব কর্মসূচির কথা বলে ক্ষমতায় যাওয়া, সেসব কর্মসূচির ওপর আঘাত আনার জন্য দল্পা প্রস্তুত নিজের দলের বা রিপাবলিকান দলের কোনো পক্ষকেই প্রেসিডেন্ট জো বাইডেন কোনো শক্ত আঘাত করবেননি বলে শেলী বলেছেন। তিনি বলেন, ভোটিং রাইটস, শিক্ষা ঋণ মওকুফ, সামাজিক নিরাপত্তা আইন, জলাভাঙ্গুস সব

কার্যকারিতা কম হতে পারে।

গত মাসে দক্ষিণ আফ্রিকায় প্রথম ওমিক্রন শনাক্ত হয়। এরপর তা দ্রুতগতিতে ছড়িয়ে পড়ছে। এখন পর্যন্ত বিশ্বের প্রায় ৯০টি দেশে করোনার ওমিক্রন ধরন শনাক্ত হওয়ার তথ্য পাওয়া গেছে। ওমিক্রন ধরনের সংক্রমণ রোধে নতুন বছরকে ঋগত জানানোর উৎসব-আয়োজন বাতিল করার আহ্বান জানিয়েছেন ডব্লিউএইচওর মহাসচিব তেডরোাস আদহোন গেব্রেরায়সু।

এখনও পর্যন্ত এই ভ্যারিয়েন্ট সম্পর্কে ব্যাপকভাবে জানা যায়নি। নিশ্চিত করা যায়নি যে, এই ভ্যারিয়েন্ট ভয়াবহ অসুস্থতা সৃষ্টি করে নাকি হাল্কা মাত্রায় আক্রান্ত করে। তবে প্রাথমিক পর্যায়ে যেসব গবেষণা হয়েছে তাতে দেখা যায়, ওমিক্রন সংক্রমণ থেকে রক্ষা পাওয়ার উত্তম উপায় হলো বুস্টার ডোজ নেয়া। এমনই মন্তব্য করেছেন জস হপকিন্স সেন্টার ফর হেলথ সিকিউরিটির সিনিয়র স্কলার ড. আমেশ আদালজা।

দক্ষিণ আফ্রিকা, ব্রিটেন এবং ডেনমার্কের পর যুক্তরাষ্ট্রে ডেল্টা সংক্রমণকে অতিক্রম করে যাচ্ছে ওমিক্রন—সিডিসির এমন তথ্যে তিনি বিস্মিত হননি। তিনিও ছুটির দিনে এই ভ্যারিয়েন্টের বিস্তার নিয়ে পূর্বাভাস করেছেন। বলেছেন, টিকা নেয়া ব্যক্তিরাও এই ভ্যারিয়েন্টে আক্রান্ত হতে পারেন। যারা টিকা নেননি, তাঁদের ক্ষেত্রে দেখা দিতে পারে মারাত্মক জটিলতা। এমনিতেই ডেল্টা ভ্যারিয়েন্টের কারণে হাসপাতালগুলোতে এরই মধ্যে চাপ পড়ছে।

বিলম্বিত করার জন্য বাববার প্রয়াস নেয়া হয়েছে। এ মামলাটিও এমন একটি প্রয়াস উল্লেখ করে অ্যাটর্নি জেনারেল লাটিসিয়া জেমস বলেন ডোনাল্ড ট্রাম্প বা তাঁর নামের কোনো সংগঠনের ইচ্ছা-অনিচ্ছায় কোনো তদন্ত পরিচালিত হয় না। এ ক্ষেত্রে আইনের স্বভাবিক প্রক্রিয়ায় যা হওয়ার তা অব্যাহত থাকবে।

ট্রাম্প শুরু থেকে বলে আসছেন, নিউইয়র্কে তাঁর বিরুদ্ধে তদন্তের নামে ‘ভূত খোঁজা’ হচ্ছে। এমন বক্তব্য দিয়েও তদন্ত বন্ধ রাখার জন্য ডোনাল্ড ট্রাম্প এক আইনি প্রদক্ষেপ গ্রহণ করেছেন তিনি। কর ফাঁকিসহ অন্যান্য বিষয়ে তদন্তের পাশাপাশি নিউইয়র্কে ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে অপরাধ আইনের তদন্তও পরিচালিত হচ্ছে। কর ফাঁকি দিতে গিয়ে বা অর্থ বিবরণীতে মিথ্যা তথ্য দিয়ে থাকলে তাঁর বিরুদ্ধে অপরাধ আইনে মামলা হতে পারে বলেও ইঙ্গিত দেয়া হয়েছিল। এ নিয়েই উৎকর্ষিত রয়েছেন ট্রাম্প।

বাইডেনকে নিয়ে হতাশ ডেমোক্র্যাটরাই

কর্মসূচিতেই অন্যপক্ষের লোকজনকে নীতি-নির্ধারণের ক্ষমতা দিয়েছেন জো বাইডেন। প্রেসিডেন্ট জো বাইডেনের ‘বিশ্ব ব্যাক বেটার আমেরিকা’ আইন প্রস্তাব নিয়ে নিজের দলের মধ্যেই একমত হতে পারছেন না। দলের সিনেটর জো মানচিন সবকিছু যেন আটকে দিচ্ছেন। খেদ প্রেসিডেন্ট জো বাইডেন সিনেটর মানচিনের সাথে দেখা করার পরও উদারনৈতিক আইন প্রস্তাবের বেশ কিছু বিষয় নিয়ে তাঁর সম্মতন পাওয়া যায়নি। ফলে আমেরিকার লোকজনের মধ্যে ডেমোক্র্যাটদের শাসন করার ক্ষমতা নিয়েই প্রশ্ন উঠতে শুরু করেছে।

ডেমোক্র্যাট দলের ন্যাশনাল কনভেনশন কমিটির সাবেক প্রধান নির্বাহী লেইহ ডব্লি বলেছেন, যারা দলের হয়ে নির্বাচিত হয়েছেন, তাঁরাই দলের মৌলিক কর্মসূচি নিয়ে যখন একমত হতে পারছেন না, তখন এসব লোকজনকে দলে নিজদের অবস্থান নিয়ে নিজেদেরই ভাবতে হবে। যারা লড়াই করে, ভোট দিয়ে ডেমোক্র্যাট দলকে ক্ষমতায় পাঠিয়েছেন, তাঁরা তো তাকিয়ে আছে নিজেদের সুরক্ষা পাওয়ার জন্য। লেইহ ডব্লি বলেছেন, যারা ডেমোক্র্যাট দলের দিকে তাকিয়ে আছে, তাঁদের জন্য দ্রুত কিছুই তো করা হচ্ছে না।

প্রেসিডেন্ট জো বাইডেনের ক্ষমতা গ্রহণের এক বছরের হিসেব কষে লেইহ ডব্লিসহ অনেক উদারনৈতিকই মনে করেন, ২০২২ সালের মধ্যবর্তী নির্বাচনে ডেমোক্র্যাট দলের জন্য বিপর্যয় অপেক্ষা করছে। এমনকি কেউ কেউ এখনই ভাবতে এবং বলতে শুরু করেছেন, প্রেসিডেন্ট জো বাইডেন ২০২৪ সালের নির্বাচনে দাঁড়াবেন না। জনমত জরিপ নিম্নগামী থাকলে এবং নিজের শারীরিক অবস্থার কারণে জো বাইডেনও আমেরিকার ইতিহাসে এক মেয়াদের ডেমোক্র্যাট প্রেসিডেন্টের তালিকায় নিজের নাম লেখাবেন বলে আলোচনা শুরু হয়ে গেছে।

আমেরিকার ইতিহাসে সবচেয়ে ব্যয়বহুল আইন প্রস্তাব ‘বিশ্ব ব্যাক বেটার আমেরিকা’ নিয়ে প্রেসিডেন্ট জো বাইডেন ঘুরে দাঁড়াবেন, এমন একটা প্রত্যাশাও এখন অনেকটা উবে গেছে। সিনেটে সাধারণ সংখ্যা গরিষ্ঠতার মাধ্যমে, বাজেট রিকপিলিয়েশন পদ্ধতিতে বিলটি পাস

করাতেও পারছেন না প্রেসিডেন্ট জো বাইডেন। সিনেটে ৫১ সদস্যের ভোটের জন্য নিজ দলের সিনেটর মানচিন বৈধে বসেছেন। আইন প্রস্তাবটির বিভিন্ন উদারনৈতিক কর্মসূচি নিয়ে আলাপের দরজাই তিনি বন্ধ করে দিয়েছেন। ১৯ ডিসেম্বর রোববার সন্ধ্যায় সিনেটর মানচিন বলে দিয়েছেন তিনি ‘বিশ্ব ব্যাক বেটার আমেরিকা’ আইন প্রস্তাবের বিপক্ষে ভোট প্রদান করবেন। এভাবেই মার্কিন কংগ্রেসীয় রাজনীতির মারপ্যাচে জর্জন সিনেটর কখনও কখনও প্রেসিডেন্টের চেয়ে শক্তিশালী হয়ে উঠতে পারেন।

‘বিশ্ব ব্যাক বেটার আমেরিকা’ আইন প্রস্তাবের বিপক্ষে সিনেটর মানচিনের অবস্থান নেয়ার পর খেদ হোয়াইট হাউস থেকে বিবৃতি দেয়া হয়েছে। দলের একজন সিনেটরের বিপক্ষে দেয়া এ বিবৃতিতে হোয়াইট হাউসের মুখপাত্র জেন সাকি বলেছেন, সিনেটর মানচিন প্রেসিডেন্টের সাথে বৈঠকে বসেছিলেন বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার পথ খোলা রয়েছে। এর জের ধরেই তাঁর সাথে সমঝোতার আলাপ চলার মাঝখানেই সিনেটর মানচিন বিলটির বিপক্ষে তাঁর চূড়ান্ত অবস্থানের কথা ঘোষণা করে দেন। হোয়াইট হাউসের পক্ষ থেকে আশা করা হচ্ছে সিনেটর মানচিন যেন আলোচনার পথ উন্মুক্ত রাখার জন্য তাঁর আগের অবস্থানে যেন ফিরে যান।

সিনেটর বার্নি সেন্ডার্সসহ উদারনৈতিক ডেমোক্র্যাটরা ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন সিনেটর মানচিনের সিদ্ধান্ত ঘোষণার পর। বছরের শেষে এসেও প্রেসিডেন্ট জো বাইডেন তাঁর ‘বিশ্ব ব্যাক বেটার আমেরিকা’ আইন প্রস্তাব পাস করাতে না পারলে উদারনৈতিক কোনো কর্মসূচিই তাঁর পক্ষে আর বাস্তবায়ন সম্ভব হবে না বলেই মনে করেন মার্কিন উদারনৈতিক রাজনৈতিক বিশ্লেষকরা। এক্ষেত্রে আমেরিকার কঠিন এক সময়ের প্রেসিডেন্ট হিসেবে অনেক ভালো কাজের উদ্যোগ গ্রহণ করলেও একজন সফল প্রেসিডেন্ট হিসেবে নিজেদের তালিকা থেকে জো বাইডেনের নামটি বাদ দিতে প্রস্তুত হচ্ছেন খেদ উদারনৈতিক ডেমোক্র্যাটরা।

রোহিঙ্গা হত্যাকাণ্ডে ‘আরসা’ জড়িত

প্রথম পৃষ্ঠার পর

ক্যাম্পে আরসার উপস্থিতি নেই। রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে সাত দিনের সফরে বাংলাদেশে এসেছেন ‘জাতিসংঘের মিয়ানমারের মানবাধিকারবিষয়ক বিশেষ দূত’ টম এড্রুস। ১৯ ডিসেম্বর বিকেলে রাজধানীর একটি হোটেলে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেন তিনি। সেখানে তিনি বলেন, রোহিঙ্গা ক্যাম্পে আরসার উপস্থিতি আছে এবং মুহিবুল্লাহকে তারাই হত্যা করেছে।

রোহিঙ্গা ক্যাম্পে আরসার উপস্থিতি নিয়ে সাংবাদিকরা জাতিসংঘের কাছে প্রশ্নাগ রয়েছে কিনা তা জানতে চান। জনাবে টম এড্রুস বলেন, ‘এ ঘটনার বিষয়ে তদন্ত হচ্ছে, তদন্ত শেষে একটি প্রতিবেদন পাওয়া যাবে। আমি অনেকের সঙ্গে কথা বলেছি, তাঁরা এ বিষয়ে বলেছেন। সামনের দিনে আরও এখানে আসব। এ বিষয়ে আরও কথা হবে।’ এসময় রোহিঙ্গা ক্যাম্পগুলো

নিরাপত্তা নিয়ন্ত্রের উদ্বেগের কথা জানানো জাতিসংঘের এই বিশেষ দূত। তিনি বলেন, ‘কস্তুবাজারের রোহিঙ্গা ক্যাম্পগুলোর নিরাপত্তা নিয়ে আমি উদ্বিগ্ন। ক্যাম্পগুলো কাটাটারের বেড়া দিয়ে ঘেরা উচ্ছে, যা উদ্বেগজনক। রোহিঙ্গা জনগোষ্ঠীকে চলাফেরার স্বাধীনতা দেয়া উচিত।’

জাতিসংঘের মিয়ানমার মানবাধিকার বিষয়ক বিশেষ দূত সাংবাদিকদের বলেন, ‘সম্প্রতি ক্যাম্পের ভেতরের রোহিঙ্গা নেতা মুহিবুল্লাহকে হত্যা করা হয়েছে। আমি তার পরিবার ও রোহিঙ্গা প্রতিনিধিসহ অনেকের সঙ্গে আলাপ করছি। যে স্থানে হত্যাकाণ্ড ঘটে, সে জায়গাও পরিদর্শন করছি। আমার কাছে নির্ভরযোগ্য তথ্য প্রমাণ আছে যে, এ হত্যা আরসার সদস্যরা ঘটিয়েছেন।’

একইদিন বিকেলে রাজধানীর ফরেন একাডেমিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে মোমেন বলেন, ‘বাংলাদেশে আরসার কোনো উপস্থিতি এখনো পাওয়া যায়নি। কেউ যদি

পায় এবং আমাদের তথ্য প্রমাণ দেয়, তবে আমরা সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেব।’

ফরেন একাডেমিসংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী মোমেন জানান, তিনিও রোহিঙ্গা ক্যাম্পগুলোর নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন। এজন্য বাংলাদেশ সরকার ক্যাম্প খিরে কাটাটারের বেড়া দেওয়ান্ব বেষে কিছু উদ্যোগ নিয়েছে বলে জানান তিনি। মোমেন বলেন, ‘তারা (জাতিসংঘ, বিশ্ববাংক বা এমন বৈশ্বিক সংস্থা) চায় রোহিঙ্গাদের চলাফেরার স্বাধীনতা দেয়া হোক। বাংলাদেশি নাগরিকদের মতো রোহিঙ্গাদেরও অধিকার দেয়া হোক, যাতে রোহিঙ্গরা এখানে চাকরি-ব্যবসাসহ বাংলাদেশি নাগরিকদের মতো থাকতে পারে। কিন্তু এটি সম্ভব নয়।’

প্রত্যাবাসনই একমাত্র সমাধান জানিয়ে মোমেন বলেন, ‘রোহিঙ্গাদের তাদের দেশে ফেরত যেতে হবে। আমাদের অগ্রাধিকার হচ্ছে প্রত্যাবাসন। রোহিঙ্গাদের এখানে আমরা সাময়িক আশ্রয় দিয়েছি। তাদের নিজ দেশে ফেরত যেতে হবে।’

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?

Hard Money 9% Low Income, No Problem

আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

646-920-4799

Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106

Direct Lender

★ ট্যাক্সি ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেস্ট রেট কম
- ইনভেস্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাস্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব

কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। এই ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিশ্চয় সেবা গ্রহণ করুন:

- নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্রাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন)
- ক্রিমিনাল (স্টেট/ফেডারেল)
- সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট,
- এন্ড্রিভেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি
- ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস)
- ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী,
- বুক কিপিং ও অন্যান্য
- বাড়ীর ভায়েলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভারশন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/সেট্ট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং ঘোসারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল ১ মাম ফ্রি

স্পোর্টস, কার্টুন, ফুড প্রোগ্রাম ও
ফ্রী আনলিমিটেড ভিডিও

6:57 AM
Thursday, June 3, 2021

KICK ASS
POMPEII
WHO'S THE BOSS
TED
FOX NEWS

tvdesiBox
Dependable live streaming platform

72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)
Jackson Heights NY 11372

718-565-9099

ইউরিন থেকে ইউরিয়া সার

বাংলাদেশ : সুবর্ণজয়ন্তী এবং আমরা

ফজলুর রহমান চৌধুরী

Applied chemistry and chemical engineering বিভাগের সিলেবাসসি অনুযায়ী ইন প্ল্যান্ট ট্রেনিংয়ের একটি কোর্স রয়েছে। হাতে-কলমে বাস্তবভিত্তিক শিক্ষা/প্রশিক্ষণ ১১/২ মাসের এ প্রশিক্ষণ কোর্সে ফাইনাল পরীক্ষার পূর্বে বা কোনো এক সময় সব ছাত্রছাত্রীকে বিভিন্ন শিল্পকারখানায় পাঠানো হয়ে থাকে। আমাদের ডিপার্টমেন্ট এবং বিসিআইসির যৌথ ব্যবস্থাপনার, বিসিআইসির অর্থায়নে এ প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়। সাধারণত দু'জন দু'জন করে ঢাকায় এবং ঢাকার বাইরে বিসিআইসির প্রতিষ্ঠানসমূহে অফিস অর্ডার করে স্টুডেন্ট প্রেরণ করা হয়। আমি আর আহাদ মিয়া নরসিংদীর পালাশ ইউনিয়ন ফার্টিলাইজার ফ্যাক্টরি, ইসলামাবাদ আর স্বপন পার্শ্ববর্তী ঘোড়াশাল সার কারখানায় ইন প্ল্যান্ট ট্রেনিং করি। ১৯৮৬ সালের নভেম্বর ডিসেম্বর মাস। ঢাকা থেকে আমি আর আহাদ মিয়া প্রয়োজনীয় কাগজপত্র, কাপড়, বইপত্র নিয়ে বাসযোগে পলাশের উদ্দেশ্যে রওনা দিই। একত্বক আশা, মনো অনেকটা উৎফুল্ল ইন প্ল্যান্ট প্রশিক্ষণসহ এমএসসি (এপ্রাইজ ইন কেমিস্ট্রি) পাস করে অন্তত বিসিআইসিতে সহকারী কেমিস্ট্রি হিসেবে চাকরি হবে। আমাদের বিভাগের চেয়ারম্যান স্যারের পক্ষ থেকে নাকি বিসিআইসির চেয়ারম্যান স্যারের সাথে নিয়োগ দেয়ার ব্যাপারে আলোচনা/অনুরোধ জানানো হয়েছে। চোখেমুখে আশার আলো, হৃদয়ে একটুখানি প্রশান্তির ছোঁয়া দেশে প্রচণ্ড বিদ্যমান বেকার সমস্যার দুর্ভোগের মাঝে, হতাশার মাঝে একটু ভরসা। আহাদ মিয়ার সাথে বিভিন্ন গল্প, বিভাগ, শিক্ষকবৃন্দ, সহপাঠী, পারিপার্শ্বিক পরিস্থিতি বিভিন্ন বিষয়ে আলোচনা করে পলাশের দিকে এগুচ্ছি। আল্লাহর রহমতে

ভোলাভোরে সুনামের সাথে ত্রৈনংতা যেন
শেষ করতে পারি। নরসিংদার আগের
পলাশ স্টেশনে বাস থেকে নেমে
সিএনজি/ রিক্সাযোগে পলাশ ইউরিয়া
সার কারখানার মূল ফটকে পৌছি। গেটের
কর্তব্যরত দারোয়ানকে আমাদের
পরিচয়পত্র, অফিস অর্ডার দেখিয়ে
নিজেদের পরিচয় দিই। তিনি ভিতরের
প্রশাসনের সাথে ফোন করে সিগন্যাল
প্রদেয় আমাদের প্রশাসন অফিসে পাঠিয়ে
দেন। ম্যানেজার এডমিন স্যারের সাথে
দেখা করে এ প্রশিক্ষণ চাকরিতে
যোগদান করে পুরো অফিসের নিয়ম
কানুনের মধ্যে পড়ে গেলাম। চাকরিতে
কর্মকর্তা প্রবেশনারি পরিয়ডে অফিসের
নিয়ম কানুন, উর্ধ্বন স্যারদের সকলের
সম্মত আদ্য-কায়দাস হল নিজ কাজের
দৃহততার মূল্যায়ন ভালো/ খুব ভালো না
হলে যেমন স্থায়ী হওয়া যায় না বা কোন
প্রমোশন হয় না, ঠিক তেমনি আমাদের
ছাত্র ইন স্ট্যান্ট ট্রেনিং-এ ১০০ নম্বরের
কোর্সে প্রাপ্তি মূল্যায়ন না পেলো
এমএসসি ফাইনাল পরীক্ষা পাস হবে না।
আমাদের অফিসার ডরমেটরিতে রুম
বাড়ান দেয়া হলো। পরদিন থেকে চিফ
অপারেশন ম্যানেজার স্যারের কাছে
পাঠিয়ে দেয়া হলো।

অনু-মোদনক্রমে এ ফ্যাক্টরির বিভিন্ন গুরুত্বপূর্ণ প্ল্যান্টে আমদের প্রশিক্ষণে শিডিউল করে দেয়া হলো। কতদিন কোন প্ল্যান্টে কাজ করতে হবে এবং কোন তারিখ ফাইনাল মূল্যায়ন পরীক্ষা, আলোচনা, উপস্থাপনা। ইতো পূর্বে ইউরিয়া সার কারখানা কখনও দেখা হয়নি। একটা সামাজ্য মনে হলো। যদিও দেশের অন্যান্য সার কারখানার তুলনায় এটি অনেক ছোট। একটি নদীর তীরে প্রতিষ্ঠিত এ স্থাপনায় কত কিছু যে রয়েছে তা দেখে বিস্মিত হয়ে যাঁ। শুরু হলো ইউরিয়া সারের (আমাদের গ্রামের মানুষদের ইউরিয়া/ সাদা সার) শিল্পোৎপাদন প্রক্রিয়া বাস্তবে দেখা। রাসায়নিক ক্রিয়া-বিক্রিয়ার মাধ্যমে এর একটি যৌগিক অণু সৃষ্টির ফর্মুলা প্রয়োগে লাখ লাখ টন সার (বস্তা/ প্যাকেট) উৎপন্ন করে কৃষকের জমিতে ব্যবহারের জন্য পাঠিয়ে দেয়া ভারি আশ্চর্যজনক বিষয়। এ্যামোনিয়া প্ল্যান্ট, কার্বন-ডাই অক্সাইড উৎপাদন, ইউরিয়া প্ল্যান্ট, ইটিলগিটিল, ওয়াটার কন্ট্রিশন, ল্যাবরেটরি, পাওয়ার প্ল্যান্ট, প্যাকেটিং/সারের বস্তা নদীর জেটিতে লঞ্চ/স্ট্রামার/নৌকা তুলে সরবরাহ। তাছাড়া কর্মকর্তা কর্মচারীদের জন্য বাস বাড়ি, ডরমেটরি, ডাক্তার, ক্লিনিক, ক্লাব, মসজিদ, বাজার ইত্যাদি সংবলিত বিশাল প্রজেক্ট। আমরা জানি পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য উদ্ভিদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ তাছাড়া প্রাণীর (মানুষ, পশুপাখী, জলজ প্রাণী) খাদ্য, খাদ্য তৈরি, কাপড়, ঘর বাড়ি তৈরি, জীবন রক্ষাকারী ওষুধ তৈরিতে। আসবাবপত্র ইত্যাদি সব ক্ষেত্রে উদ্ভিদ অত্যন্ত প্রয়োজনীয় জীব। উদ্ভিদ (CO₂) কার্বন ডাই অক্সাইড গ্রহণ করে অক্সিজেন (O₂) ত্যাগ করে যা মানুষ/ প্রাণীদের বেঁচে থাকার জন্য শ্বাস-প্রশ্বাসে অত্যন্ত



প্রয়োজনীয় উপাদান অক্সিজেন গ্রহণ এবং CO₂ ত্যাগ করে। তাই উদ্ভিদকে বাচ্চিয়ে রাখা, বেশি বেশি উদ্ভিদ রোপণ করা, এগুলোকে দ্রুত বৃদ্ধি এবং অনেক ক্ষেত্রে মৌসুমি উচ্চ ফলনশীল বৃদ্ধি, ঔষধি উদ্ভিদসমূহের পরিচর্যা পুষ্টি ফলজ, ইত্যাদির জন্য এদের খাদ্য তথা বিভিন্ন প্রকার সারের প্রয়োজন। যেমন ইউরিয়া, ফসফেট, সালফেট ইত্যাদি রাসায়নিক সার এবং অনেক জৈব সারও ব্যবহৃত হয়ে থাকে। ইউরিয়া সার গাছের দ্রুত বৃদ্ধি সাধন করে।

বেজানেকের গবেষণা করে দেখা গেল
ইউরিয়া একটি জৈব যৌগ (Organic
compound) যা সংজ্ঞেই দ্রবীয়
(Highly soluble), বর্ণহীন দানাদার,
যার গলনাংক ১৩২.৭ ডিগ্রি সেলসিয়াস
(২৭১ডিগ্রিF) এবং বয়েলিংপয়েন্ট পূর্বে এর
উপাদানে ভেঙ্গে যায়। এটাকে
কার্বামাইডও বলা হয়ে থাকে (সাসায়নিং
নাম), ডায়ামাইড অব কার্বোনিক এসিড যার
সংকেত/ রাসায়নিক/ আনবিক সংকেত
হলো $\text{NH}_2\text{-CO-NH}_2$ । ইহা সকল
স্বল্পপায়ী প্রাণী, কিছু কিছু মাছের আন্ত
বিপাকীয় কার্যাবলীর মাধ্যমে প্রোটিন
ভাঙ্গনের ফলে (Metabolic
breakdown of protein) সৃষ্ট প্রধান
নাইট্রোজেন সংবলিত শেষ দ্রব্য (Chief
nitrogenous end product)। ইহা
প্রাণীর ইউরিনে শুধু থাকে না, এদের রক্তে,
পিত্তে, দুধে এবং ঘামে বিদ্যমান।
মেটাবলিক প্রক্রিয়ায় এ প্রোটিন ভাঙ্গনের
সময় অ্যামাইনো গ্রুপ (NH_2 -) প্রোটিনের
আংশিক উপাদান অ্যামাইনো এসিড থেকে
অপসারিত হয়ে অ্যামোনিয়াতে (NH_3 -
)রূপান্তরিত হয়। এটা শরীরের জন্য
ক্ষতিকারক/বিষাক্ত। তাই

তা বাষ্পীয়ভাবে দেহান্তরে যকৃৎ (liver) এর মাধ্যমে ইউরিয়াতে রূপান্তরিত হয়। এর উৎপন্ন ইউরিয়া কিডনিতে চলে যায় এবং পর্যায়ক্রমে সহজেই ইউরিনের সাথে নিগমিত হয়। ১৭৭৩ সালে সর্বপ্রথম ফ্রান্স রসায়নবিদ Hilarie Marin Rouille ইউরিয়া থেকে ইউরিয়া ($\text{NH}_2\text{-CO-NH}_2$) আলাদা করেন। পরবর্তীতে ১৮২৮ সালে জার্মান রসায়ন বিজ্ঞানী Friedrich Wohler প্রথম অ্যামোনিয়াম সায়ানেট থেকে ল্যাবরেটরিতে ইউরিয়া প্রস্তুত করেন যা প্রাকৃতিকভাবে পাওয়া ও জৈব যৌগের কোন অজৈব পদার্থসমূহ থেকে (Inorganic materials) গবেষণাপাণ্ডে ও সরঞ্জামগণে গ্রন্থযোগ্যতা লাভ করে। বর্তমানে বাণিজ্যিকভাবে বিশাল পরিমাণে ইউরিয়া উৎপাদন করা হয় লিকুইড অ্যামোনিয়া এবং লিকুইড কার্বন ডাই অক্সাইড থেকে। এ দুই যৌগকে রিয়েক্টরে উচ্চ চাপে একত্রে মিশিয়ে উচ্চ তাপমাত্রায় অ্যামোনিয়াম কার্বমেট গঠন করা হয়, যা পরবর্তীতে প্রেসার কমিয়ে ভেঙ্গে ইউরিক অ্যাসিড এবং পানি উৎপন্ন করে। রাসায়নিক বিক্রিয়া হলো $\text{NH}_3 + \text{CO}_2$ (both are liquid) $\xrightarrow{(180-210 \text{ degree C and } 150\text{atm})} \text{NH}_2\text{COONH}_4$ (Ammonium Carbamate)-By lower temperature decompose into $\text{NH}_2\text{-CO-NH}_2 + \text{H}_2\text{O}$ (liquid Urea.) Which concentrating by evaporating to Crystall urea/ ইউরিয়া সার হিসেবে অত্যন্ত ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে থাকে। এ ছাড়া খাদ্যে সম্পূরক, প্লাস্টিক ও বিভিন্ন ড্রাগ উৎপাদনে স্টার্টার উপাদান হিসেবে ব্যবহৃত হয়। ইউরিয়াতে নাইট্রোজেনের পরিমাণ বেশি থাকায় উচ্চ পারসেন্টেজ হওয়ার ফলে উদ্ভিদে রক্ত অত্যন্ত উপকারী, যা নাইট্রোজেন (৪৬%), হাইড্রোজেন, কার্বন, অক্সিজেন। এখন ইউরিয়া ও কার্বন ডাই অক্সাইড এর শিল্পোৎপাদন করার জন্য ১৪টি মৌল /Eliment রয়েছে।

চীতামাল ব্যবহৃত হয় বাতাস এবং প্রাকৃতিক গ্যাস। এগোমেনিয়ার আণবিক সংকেত হল NH_3 , যার উৎপাদনে নাইট্রোজেন এবং হাইড্রোজেন প্রয়োজন। বাতাস একটি মিশ্র পদার্থ। এতে নাইট্রোজেনের পরিমাণ ৭৮% (অক্সিজেন ২০.৯%, কার্বন ডাই অক্সাইড (CO_2) এবং অন্যান্য পদার্থ অল্প অল্প পরিমাণে আছে)। বড় পাইপের মাধ্যমে বাতাস ঢুকিয়ে বিভিন্ন রাসায়নিক প্রক্রিয়া সম্পন্ন করে পায়র নাইট্রোজেন গ্যাস (N_2) আলাদা ট্যাংকে রাখা হয়। অন্যদিকে প্রাকৃতিক গ্যাসে প্রচুর পরিমাণে হাইড্রোজেন রয়েছে, কার্বন রয়েছে। যেমন মিথেন(CH_4), ইথেন(C_2H_6), তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বা পেট্রোলিয়াম ন্যাপা H_2 ইত্যাদি যা থেকে H_2 উৎপন্ন করা হয়। মোটা পাইপ দিয়ে প্রাকৃতিক গ্যাস সংগ্রহ করে এ থেকে হাইড্রোজেন (H_2) গ্যাসকে পৃথক করা হয় বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে, কয়েকটি ধাপে এ কাজ করা হয়ে থাকে। এ হাইড্রকার্বন থেকে H_2 গ্যাস পৃথকীকরণ প্রক্রিয়াকে বলা হয় Steam reforming. প্রথম ধাপে এ তৈল যৌগ থেকে (প্রাকৃতিক গ্যাস, CH_4 ফিড স্টক) সালফার/ সালফার যৌগ অপসারণ করা হয়। কারণ সালফার ব্যবহৃত অনুচক্রকে নিক্ষেপ করে মূল বিক্রিয়াকে/ প্রসেসকে বাধাগ্রস্ত/ডিএক্টিভেট, মন্থর করে। এ সালফার অপসারণের সালফার যৌগকে ক্যাটালার্টিক হাইড্রোজেনেশন করে ফিড স্টকের মধ্যে হাইড্রোজেন সালফাইড গ্যাসে রূপান্তরিত করা হয়। $\text{H}_2 + \text{RSH} \rightarrow \text{RH} + \text{H}_2\text{S}$ গ্যাস। ২য় ধাপে H_2S গ্যাসকে জিংক অক্সাইড পাত্র/ বিছানার মধ্যে চালনা করে শোষিত হয়ে অপসারিত

আমেরিকায় নতুন এসেছেন
এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনব
বহু বছর যাবৎ আমেরিকায়
আপনার প্রসেসিং। আপনা
সিটিজেনশীপ। যেখানেই
যেভাবেই এদেশে এসে থা
সমস্যারই সমাধান আছে।
করতে পারছেন না, হুমকী
আইন কিন্তু আপনারই পক্ষে
বাংলাদেশ থেকে স্পাউস-
সিটিজেনশীপ পরীক্ষা দিতে
সমস্যা নিয়েই আমরা কাজ
নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু
পেয়ে যাবেন ড্রাইভার লাই

হয় এবং কঠিন জিংক সালফাইড উৎপন্ন করে। $H_2S + ZnO$ । সালফারমুক্ত $ZnS + H_2O$ । এয় ধাপে এ সালফারমুক্ত ফিড স্টক (CH_4)কে Catalytic steam reforming করে হাইড্রোজেনে এবং কার্বন মন অক্সাইড উৎপন্ন করা হয়। $CH_4 + H_2O \longrightarrow O+3H_2$ । পরবর্তী ধাপে Catalytic shift conversion ব্যবহার করে CO কে CO_2 -এ রূপান্তর এবং অধিক H_2 উৎপন্ন করা হয়। $CO + H_2O \longrightarrow CO_2 + H_2$ । এ কার্বন ডাই অক্সাইডকে Aqueous ethanol-amine solution এর সাহায্যে Absorption করে অপসারণ করা হয়। হাইড্রোজেন প্রস্তুতির শেষ ধাপে Catalytic methanation ব্যবহার করে এর মধ্যে থাকা অবশেষ /অতি অল্প পরিমাণ CO ও CO_2 কে এ H_2 থেকে সরিয়ে CO হয়। কাক্ষিত পরিমাণ অ্যামোনিয়া (End product) উৎপাদনের জন্য এই হাইড্রোজেন এবং বাতাস থেকে প্রসেসিং করে পাওয়া নাইট্রোজেনকে একত্রে রিয়েক্টরে Catalytically reaction ঘটানো হয় এবং Anhydrous liquid ammonia পাওয়া যায়। এ প্রসেস কে/এ ধাপকে অ্যামোনিয়া Synthesis loop বা Habber Bosch process বলা হয়। $3H_2 + N_2 \longrightarrow 2NH_3$ (চাপ $60-150$ Bar)। বিষজুড়ে অসংখ্য বড় বড় অ্যামোনিয়া প্ল্যান্ট রয়েছে যা থেকে লক্ষ লক্ষ টন অ্যামোনিয়া উৎপন্ন হয়। সর্বাধিক পরিমাণে বছরে ১৭৫ মিলিয়ন টন অ্যামোনিয়া উৎপাদিত হয়েছে (1888 মিলিয়ন টন নাইট্রোজেন, ২০2৫) যারায় ৩1.৭% চীনে এবং ৪০% অ্যামোনিয়া কৃষিকাজে সার উপাদানে ব্যবহৃত হয়েছে।

শিতাংশু গুহ

দাঁড়িয়ে সুদূর নিউইয়র্ক থেকে স্বদেশভূমির
দিকে তাকালে প্রিয় মাতৃভূমি বাংলাদেশকে
অপরচিত মনে হয়। সত্তরের দশকের
শেষপাড়ে বিশ্ববিদ্যালয় ছেড়ে আমরা যখন
কর্মজীবনে ঢুকি, তখন আমাদের বন্ধু-পাঠক
যে মেদিকে পারাছিলেন বিদেশে বাইরে
জমাচ্ছিলেন। সুযোগ এসেছিল, দেশ
হাট্টিনি। মনে হয়েছিল, ঘরের ছেলে ঘরেই
থাকি। শেষপর্যন্ত দেশ ছাড়তে হয়েছে। এখন
মনে হয়, 'সেই তো মল হাসানি; তবে কেন
লোক হাসানি?' অর্থাৎ দেশ তো ছাড়তেই
হলো, আগে কেন ছাড়ালাম না? মনে
ছাড়তে চাইনি, যে দেশকে আপন মনে
মাধুরী মিশিয়ে সাঝাতে চেয়েছি, আজকের
বাংলাদেশ, সেই দেশ নয়? সব মানুষের দেশ
বাংলাদেশ ছিল কামা, ধারণা ছিল, আশা
ছিল, দেশ হবে সবার— 'ধর্ম যার যার রাস্তা
সবার।' তা আর হলো কই? ধর্মক্ক শক্তি
বাংলাদেশে ধর্মের ঢোল এত জোরে বাজাচ্ছে
যে, প্রগতিশীল শক্তির ক্ষীণকণ্ঠ প্রতিদিন ক্ষীণ
হচ্ছে কীপণত সহজে। তাই ভাবি, যে দেশ
ছেড়ে এসেছিল, সে-দেশে কি আর ফিরে যেতে
পারব?

উত্তর (সোজা, না, ফেরা সপ্ত নর, হচ্ছে থাকলেও নয়! কেউ কি অন্ধকূপে আঁপ দয়ঃ কথায় বলে, 'নিশ্চিত হচ্ছে যে ঐনিশ্চিত ধায় একুল-ওকুল সে দু'কুল হারায়'? সেবার (১৯৯২-৯৩) দাকার পর দেশে গোল আত্মীয়-স্বজন বা হিন্দুদের প্রায় সবাইকে 'বলির পট' মতো কম্পানি মনে হয়েছে। আমার সুহৃদ রুহুল বলল, 'ক'দিন আগে আমের অথহাটা বুঝতে? সবার মনে দেখেছি দেশ ছাড়ার প্রণয়তা। জীবন ও সম্ভ্রম বাচানোর হাতি আঁত' বড় করণ। আমেরিকায় থাকি বলে নিজেকে ভাগ্যবান মনে হয়েছে। মনে হয়েছে- এদেশে ধর্মের নামে কেউ আমার সন্তানের বুকে ছুরি ধরবে না। এ ইমাননাতা থেকে আমার বাবাও রক্ষা পায়নি। তবে যনসে তাই তাঁর পুত্র ছেড়ে নৃপ্তি পরতে হয়েছে। সন্তান সন্ত্বেও পিতৃপুরুষের ভিতা ছাড়তে হয়েছে। একটা জিনিস আমার লক্ষ্য করেছিলাম- একটি খাটা কিস্তিতেই বিক্রি করেননি। যেদিন খাটা তাঁর চোপের সামনে লুট হয়ে যায় সেদিন তাঁর মুখে প্রশান্তির হাসি দেখেছিলাম।

এখনও ভাব, বারার ওই হাজার অশ্রু
হয়ত, লুট হলেও বিক্ৰি তো করতে হয়নি
ছোট এ পারিবারিক ঘন্টাটি বলাক
করছে, যারা হাসিমুখে বুক চেতিয়ে
পছন্দ করেন যে, হিন্দুরা স্বৈচ্ছায়
করছে। তাদের বোঝাতে যে, না, ঘন্টা
হিন্দুরা দেশত্যাগ করছে আপনাদের
অত্যাচারে অথবা অত্যাচারের বিরুদ্ধে
আপনাদের নীরব ভূমিকার কারণে। হিন্দুরা
যেতে বাধ্য হচ্ছে, ওদের যেতে বাধ্য
হচ্ছে। সেবার দেশে গেলে আমার এক
বালক, তেয়ার জিনিসপত্রগুলো তুমি
বাণে; নইলে কেন লুট হয়ে যাবে
কথাটা সত্য। সম্পদ, জীবন, কন্যা, লুট
আশঙ্কার মধ্যেই হিন্দুরা গ্রামোপগ্ৰ
করেন। হায় হৃদয়েভূমি! হয়ে স্বাধীনতা
তোমাকেই কি আমার চেয়েছিল? না, এ

স্বাধীনতা আমরা চাইনি। পাকিস্তান ভেঙ্গে আর
একটি 'মিনি পাকিস্তান' সৃষ্টির জন্য তো
স্বাধীনতা আসেনি! বাংলাদেশে হিন্দুরা
'ভূমিপুত্র', শুণ্যমাত্র ধর্মের কারণে মুক্তিযুদ্ধে
তাদেরটাওগণিত করে হত্যা করা হয়, ধর্ষিতা ও
নিহতের বৈশিষ্ট্যগুণ হিন্দু, এক কোটি হিন্দু
ভারতে আশ্রয় নেয়, এরপর স্বাধীন বাংলাদেশে
'হিন্দুরা আজ নিজদেশে পরবাসী'।

বাংলাদেশে প্রায় সাবাহ কথায় কথায় ভারতের সাম্প্রাদায়িকতার প্রসঙ্গ টানেন। অনেকদিন আগে পশ্চিমবঙ্গের প্রসঙ্গ এক প্রয়াত মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শংকর রায় একটা সুন্দর বক্তৃতি তুলে ধরেছিলেন। এক বিদেশি প্রতিনিধিও গিয়ে শুনে ওই সাক্ষাৎকারে তিনি বলেন : 'ভারত থেকে সাম্প্রাদায়িকতা এখনও দূর করা যায়নি এটা ঠিক। তবে তা সত্ত্বেও দেশভাগের সময় ভারতকে দুই মুসলমান ছিলেন, পক্ষান্তরে তাদের সংখ্যা অনেক বেড়েছে। পক্ষান্তরে পাকিস্তানে দেশভাগের সময় প্রায় ৩৩% অমুসলমান ছিলেন, এখন সেইসংখ্যা কমে ১% এ দাঁড়িয়েছে। বাংলাদেশের জিতও প্রায় অভিন্ন, সেখানে প্রতিদিন সংখ্যালঘু কমছে। এই চিত্র থেকে সাম্প্রাদায়িকতা কোথায় বেশি তা স্পষ্ট হতে পারে।'

বাংলাদেশে আমার দেশে আজকের
বাংলাদেশে সাম্প্রদায়িক বিষয়গুলো ভরপুর
কিন্তু লোক এখনও নির্লজ্জের মতো বলে
বেড়ান বাংলাদেশের মানুষ ধর্মীয় নয়, বরং
অসাম্প্রদায়িক? কথাটা মিথ্যা। অবশ্য,
জৈনধর্মগুরু সম্পর্তি দখল, নারী অপহরণ,
জৈনগুরু ধর্মান্তরকন, নির্বাণ, মন্দির-
গির্জা-প্যাগোডা ধ্বংস, মূর্তি ভাঙ্গা,
ব্যবসা-বাণিজ্য লুটপাট যদি সাম্প্রদায়িকতা
না হয় তাহলে ভিলকথা! যারা মনে
সংখ্যাগুরুর মাথা, মাথা আর সংখ্যালঘুর মাথা
লার্চি মারার জায়গা, তাদের কাছে বাংলাদেশ
সাম্প্রদায়িক সহনীয় উদ্ভেল্ল দৃষ্টান্ত। মারে
মারে দানব হয়ে, রাহুই যদি চক্রে গ্রাস করত,
তাহলে কি দরকার ছিল এই স্বাধীনতার
স্বাধীনতার সুফল সংখ্যালঘুর ঘরে পৌঁছনি
একটি ধর্মগোষ্ঠী স্বাধীনতার সুফল ভোগ
করছে। অতীতের মতো সংখ্যালঘুরা আজ
অত্যাচারীর আমানত। ১৯৭৫ থেকে আমাদের
পেছন ফিরে তাকানো শুরু, নাকি ১৯৭৫
থেকে? হিন্দুরা আবার ধাক্কা খেয়ে ভাগিয়ে
শুক করে, এদেশ কি আমাদের? তখনা নীতি
আশা ছিল, হয়ত প্রগতিশীলরা ক্ষমতায় গেলে
সব ঠিক হয়ে যাবে। ২০১১ সালে দাঁড়িয়ে
বলা যায়, কিছু হবার নয়, আওয়ামী লীগ বা
বিশ্ববাসী একই মুহুর এটিয়া আর ওপটিয়া
ইসলাম সামনে দাঁড়ালে সবাই মুসলমান।

এজনাই হ'য়ত কথায় কথায় স্তন্যত হয়,
 "৯০% মুসলমানের দেশ", 'দেশ চাৰে মদিনা
 সনসেপের আলোকে' ইত্যাদি। মুসলিম বিশ্ব
 অনেক রাজা-বাদশা আছে, গণতন্ত্ৰ,
 বাকস্বাধীনতা, মানুহের সমমৰ্যাদা নাই।
 ধৰ্ম্মদেশে হিন্দুৱা দ্বিতীয় শ্ৰেণীৰ প্ৰাণী,
 প্ৰাণীৰ বৈষম্য সৰ্ব্বত্ৰ, দেশে বিচাৰ নাই,
 নিৰ্দাৰীৰা বান্ধা নাই, নাই সুশাসন বা মৌলিক
 অধিকাৰ। ৰাষ্ট্ৰবশ্ৰে ধৰ্ম চুকলে ওসব থাকে না।
 বাল্যদেশের ৰাষ্ট্ৰবশ্ৰে ইসলাম চুকছে
 কাজেই গণতন্ত্ৰ, নিৰ্দাৰণ, সুশাসন বীৰে বীৰে
 বিদায় নিচ্ছে। সংখ্যালঘুৰ বাদশ্য তো ঘটাছেই
 এবে ঘটাতেই থাকবে, বান্ধি...?

আমেরিকায় নতুন এসেছেন- থেকে যেতে চান; পলিটিক্যাল এসাইলাম করবেন নাকি স্টুডেন্ট, এল১, ই২ ভিসা- কোনটা? এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনকার্ডও আছে। আমাদের সংগে কথা বলুন, বুঝুন আগে সবকিছু- তারপর যা হয় করুন।

বহু বছর যাবৎ আমেরিকায় আছেন কিন্তু নানা জটিলতা বা অনিচ্ছাকৃত ভুল-ভাল কাগজ বা তথ্যের কারণে অটিকে রয়েছে আপনার প্রসেসিং। আপনার প্রয়োজন ওয়ার্ক পারমিট, সোসাল, ট্রাভেল ডকিউমেন্ট। এবং ফাইনালী গ্রীনকার্ড। এরপর সিটিজেনশীপ। যেখানেই সমস্যা সেখানেই সমাধানও।

যেভাবেই এদেশে এসে থাকুন, বিএবি বা এফএএফ২, সি-১ ট্রানজিট বা মেক্সিকো বড়ার দিয়ে ইমপেকশন ছাড়া- সব সমস্যারই সমাধান আছে। বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন কিন্তু স্পাউসের অসহযোগিতার কারণে ‘কন্ডিশন’ রিমোভ করতে পারছেন না, হুমকী খাচ্ছেন! অথবা, সিটিজেন বিয়ে করার পরও নানা কারণে-জটিলতায় গ্রীনকার্ড পাচ্ছেন না। আইন কিন্তু আপনারই পক্ষে, শুধুমাত্র সবকিছু বুঝতে হবে, সমস্যানুযায়ী সমাধান করতে হবে।

বাংলাদেশ থেকে স্পাউস-ভাই-বন্ধু-আত্মীয়কে আমেরিকায় আনতে চাচ্ছেন কিন্তু ‘রাস্তা’ খুঁজে পাচ্ছেন না! ইংরেজীতে সিটিজেনশীপ পরীক্ষা দিতে পারছেন না, অসুস্থ্য। এসব সমস্যারও সমাধান রয়েছে। ইমিগ্রেশনের প্রতিটি ধাপের প্রতিটি সমস্যা নিয়েই আমরা কাজ করি, সহযোগীতা করি।

নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু মেডিকেল ইন্সুরেন্স নেই ফ্রি চিকিৎসা সেবা পাচ্ছেন না! আমরা আছি- কোন অসুবিধে নেই। পেয়ে যাবেন ড্রাইভার লাইসেন্সও। ব্যাংক একাউন্ট, নতুন কোম্পানী, নিজের নামে ইআইএন সবই হবে।

আমরা সহযোগীতা করছি। সকল সমস্যারই সমাধান আছে।

কল করুন বা এসএমএস (টেক্সট) করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

সমস্যা গুরুতরই বটে


সিরাজুল ইসলাম চৌধুরী

বাংলাদেশে সমস্যার অন্ত নেই; অনেক সমস্যাই গুরুতর। দুটি সমস্যা অত্যন্ত প্রকট হয়ে দেখা দিচ্ছে—একটি প্রাকৃতিক, অপরটি মানবিক। বন্যা, খরা, নদীভাঙন ইত্যাদি প্রাকৃতিক কারণে আমরা অত্যন্ত বিপন্ন। মানবিক সমস্যাগুলোর ভেতর একটি হচ্ছে জনসংখ্যা বৃদ্ধি। জনসংখ্যা লাফিয়ে লাফিয়ে বৃদ্ধি পাচ্ছে। জনবিক্ষোরণ এখন অগ্নিবিক্ষোরণের মতোই ভয়াবহ। সেই সঙ্গে প্রতিদিন বাড়ছে দরিদ্র মানুষের সংখ্যা। গ্রামাঞ্চলে কাজ নেই, তাই কাজের সন্ধানে বন্য়ার স্রোতের মতো মানুষ যেমন শহরমুখী হচ্ছে, তেমনি দেশ ছেড়ে বিদেশে অজানা গন্তব্যে পাড়ি জমাচ্ছে। ভাসছে সমুদ্রে, শিকার হচ্ছে বিদেশের গভীর জঙ্গলের বন্দিশিবিরে নির্মম নির্যাতনের। অন্যত্র যেমন, এখানেও তেমনি রাষ্ট্র চরম দায়িত্বহীনতার পরিচয় দিচ্ছে। দোষ চাপাচ্ছে বিপদগ্রস্ত ব্যক্তিদের কাঁধেই।

কোটি কোটি মানুষ আজ বেকারত্বের অভিশাপে মুহাম্মান। এরা আধুনিক শিক্ষা প্রযুক্তি ও কারিগরি জ্ঞান থেকে বঞ্চিত। এ দেশে যেখানে খুব বেশি হলে দুই কোটি মানুষ ভালোভাবে বসবাস করতে পারে, সেখানে এখনই আছে ১৬ কোটির বেশি। ২০২৫ সালে এই সংখ্যা কত দাঁড়াবে, কে জানে! তখন ঘরবাড়ি তৈরির জন্য ভূমি নিয়ে মানুষ-মানুষে কাড়াকাড়ি লেগে যাবে।

জনসংখ্যার দিক থেকে বাংলাদেশ এখন পৃথিবীর ঐষ্টম বৃহত্তম এবং সবচেয়ে ঘনবসতিপূর্ণ দেশ। এখানে প্রতি বর্গমাইলে জনবসতি ১ হাজার ৯৯০ জন এবং মাথাপিছু আবাদযোগ্য জমি মাত্র ০০.১৪ শতাংশ। এই ভূমি আবার সব মানুষের হাতে নেই। অধিকাংশ জমির মালিক ধনিকশ্রেণি এবং দরিদ্রের ক্ষুদ্র জমিটুকু ক্রমাগত চলে যাচ্ছে দখলবাজ নব্য ধনী লুটীরাদের হাতে।

ষাটের দশকে জনসংখ্যা নিয়ন্ত্রণের জন্য তৎকালীন সরকার পরিবার পরিকল্পনা কর্মসূচি গ্রহণ করে। একাত্তরে দেশ স্বাধীন হওয়ার পরও এই কর্মসূচি চালু ছিল। কিন্তু নব্বইয়ের দশকে এসে তথাকথিত গণতান্ত্রিক সরকারগুলোর আমলে এই



জন বিক্ষোরণ এখন অগ্নি বিক্ষোরণের মতোই ভয়াবহ। ছবি: আনিকা জীনাত

কর্মসূচি আর সচল থাকেনি, মুখ থুবড়ে পড়ে গেছে। আসলে শাসকশ্রেণি চাইছে দেশে জনসংখ্যা বৃদ্ধি হোক। এর পেছনে রয়েছে তাদের দূরভিসন্ধি। তারা মনে করে এ দেশের কোনো ভবিষ্যৎ নেই, তাদের লক্ষ্য যত জুত পাড়া যায়, দেশের যা কিছু অর্থ-সম্পদ আছে, তা লুণ্ঠন করে বিদেশে পাচার করা। তাদের স্থায়ী নিবাস অন্য দেশে, ভিন্ন গোলার্ধে। ফলে অবৈধভাবে ক্ষমতা আঁকড়ে থাকা লুটেরা রাজনীতিকদের প্রধান তৎপরতা হলো লুণ্ঠনের। এ লক্ষ্যে দেশের দরিদ্র জনগোষ্ঠীকে শ্রমদাস বানানোর সহজ উপায় খোঁজে।

আর এ কাজে তাদের জন্য দুটি প্রশস্ত পথ খোলা আছে। প্রথমত, পোশাকশিল্পে সস্তায় শ্রমিক জোগান দেওয়া এবং এই খাতের রপ্তানি থেকে অর্জিত বৈদেশিক মুদ্রা পুনর্বিনিয়োগ না করে উল্টো পথে বিদেশে পাচার করা বা জালিয়াতির মাধ্যমে একটা বৃহৎ অংশ বিদেশেই রেখে দেওয়া। দ্বিতীয়ত, বিদেশের বাজারে শ্রমিক রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করার নামে আত্মসাত ও বিদেশে পাচার করা।

শাসকশ্রেণি কখনোই বৃহৎ বিনিয়োগে উৎসাহী নয়। তাদের উৎসাহ ফাটকা বাজারিতে। শ্রম-শোষণভিত্তিক পোশাক রপ্তানিতে বিদেশ থেকে যে কাঁচা পয়সা আসে,

তা সহজেই লুণ্ঠন করা যায়। অন্যদিকে জনগণের অর্ধে-পরিচালিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে স্বল্প সুদে ঋণ নিয়ে তা ফেরত না দিলেও চলে। আর এ জনাই দেশের বাজারে পোশাকশিল্পের জন্য সস্তায় শ্রমিক প্রয়োজন এবং বৈদেশিক মুদ্রার জন্য প্রয়োজন বিদেশে শ্রমদাস প্রেরণ।

জনসংখ্যার আধিকা ও দারিদ্র্যের কারণে এখানে সস্তায় শ্রম-শোষণ সহজ বলে পোশাকশিল্পের এই রমরমা বাণিজ্য, যার পুরোটাই শ্রমিক শোষণের ওপর নির্ভরশীল। এটা বিদেশি ক্রেতারাও ভালো বোঝে। অন্যদিকে জনশক্তি

আমদানিকারক দেশগুলোয় সস্তায় শ্রম কে দেবে? বাংলাদেশের দরিদ্র জনশক্তিই তাদের ভরসা। বাংলাদেশি অদক্ষ শ্রমিকেরা বিদেশে নিম্নমানের, বিপজ্জনক ও অমানবিক কাজ করে, যা অন্য দেশের শ্রমিকেরা করতে সম্মত হয় না। তাঁরা রক্ত-ঘামে বরা বৈদেশিক মুদ্রা দেশে পাঠান। কিন্তু সে মুদ্রা আত্মসাত করে ধনীরা।

বর্তমান সরকারকে জনসংখ্যা বৃদ্ধিতে উৎসাহী বলেই মনে হচ্ছে। ইতিমধ্যে নারীদের বিয়ের বয়স ১৮ থেকে ১৬ এবং ছেলেরদের বয়স ২১ থেকে ১৮-তে নামিয়ে আনা হয়েছিল। পরে এ নিয়ে বিভিন্ন মহল সরব হয়ে উঠলে সেটা স্থগিত করে আগের জায়গায় ফেরত গেছে। পৃথিবীর বৃহত্তম বাল্যবিবাহের দেশ এই বাংলাদেশ। উষ্মগুলীয় আবহাওয়ার কারণে এমনিতেই বাংলাদেশে জন্মহার অধিক। তার ওপর কম বয়সে বিয়ে কিংবা বাল্যবিবাহ মড়ার উপর খাঁড়ার ঘা। পৃথিবী যখন সামনের দিকে এগিয়ে যাচ্ছে, এ দেশের সরকার শ্রেণিষার্থে তখন পেছনের দিকে লগি ঠেলেছে।

চীনের সরকার যদি এক-সন্তান নীতি গ্রহণ না করত, তাহলে তাদের জনসংখ্যা ইতিমধ্যে দ্বিগুণের অধিক হতো। তারা কঠোরতার সঙ্গে জন্মনিয়ন্ত্রণব্যবস্থা চালু করে। ফলে জন্মহারে একপর্যায়ে স্থিতি আসে। আজ চীন বিশ্বের সবচেয়ে আর্থিক ও সামাজিকভাবে সচ্ছল দেশে পরিণত। এই সাফল্যের পেছনে প্রজ্ঞা ও দূরদৃষ্টিসম্পন্ন জনসংখ্যা নিয়ন্ত্রণনীতির ভূমিকা অনস্বীকার্য।

ভবিষ্যতে বিপুল মানুষের খাদ্য, বাসস্থান, চিকিৎসা, শিক্ষার ব্যবস্থা কীভাবে হবে, সেই মূল প্রশ্নে জনসংখ্যা নিয়ন্ত্রণ না করার বিকল্প নেই। এ অবস্থায়, বিশেষ করে বিবেকবান মানুষ ও তরুণসমাজকে এগিয়ে আসতে হবে। অন্যথায় সামনে এক অশুভ সময় আসছে। সে সময় পুরো দেশটাই মানুষ বসবাসের অনুপযোগী হয়ে পড়বে। তখন এই ভয়াবহ বিপর্যয় থেকে এ দেশকে আর উদ্ধারের উপায় ও সময় থাকবে না।

সিরাজুল ইসলাম চৌধুরী, ইমেরিটাস অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়

সৃজনে বরনে নাট্যকলার কথকতা

মামুনুর রশীদ

১৭ ও ১৮ ডিসেম্বর ২০২১ তির্ষক নাট্যদলের আয়োজনে চট্টগ্রাম গিয়েছিলাম। দুই দিনব্যাপী এই আয়োজনে সারা দেশের ৫০ জন সৃজনশীল নাট্যকর্মী একত্র হয়েছিলেন। উদ্দেশ্য মুক্তিযুদ্ধের ফসল নাটক নিয়ে দুই দিনব্যাপী সৃজনের আলাপন এবং সেই সঙ্গে চট্টগ্রামের নাট্যানির্দেশক, অভিনেতা, সংগঠক আহমদ ইকবাল হায়দারের একুশে পদক প্রাপ্তির অর্জনকে ভাগ করে নেওয়া। বাংলাদেশে যা কিছু হয় তা ঢাকাকেন্দ্রিক। ঢাকার বাইরের নাট্যকর্মীরা অনেক বড় বড় আয়োজন, উৎসব করলেও ঢাকায় বা জাতীয়ভাবে সংবাদে জয়গা পান না, স্বীকৃতিও পান না। নাটকের ক্ষেত্রে ঢাকার বাইরের নাট্যকর্মীরা সবকিছু থেকেই বঞ্চিত হন। প্রথমবার বরিশাল থেকে একুশে পদক পেয়েছিলেন নাটকের ক্ষেত্রে নিখিল সেন এবং দ্বিতীয়বার পেলেন চট্টগ্রামের আহমদ ইকবাল হায়দার।

প্রথম দিন সৃজনের আলাপন শীর্ষক আলোচনায় নাট্যকর্মীরা তাঁদের সৃজনশীল সংকট এবং সংগ্রামের কথা তুলে ধরেন। আলোচনা শেষে এবং মাঝখানে বারবার সংকটের কথা উঠে আসে। যে সংকটগুলোর সুরাহা সরকার হচ্ছে করলেই করতে পারে।

গত ৪৯ বছর নাট্যকর্মীরা একেবারে নির্ভেজালভাবে নিজের খেয়ে বনের মোষ তাড়িয়েছেন। কেউ কেউ অব্য্য থিয়েটার বিক্রি করে ব্যবসা-বাণিজ্যে ফুলে-ফেঁপে উঠেছেন। অযোগ্য লোকদের হাতে বিভিন্ন সাংগঠনিক দায়িত্ব পড়েছে। তারা বিকাশের পথকে রোধ করেছে। আর নাটকের বিষয়বস্তু আলোচনায় বারবার এসেছে রাজনৈতিক সমস্যা। যে পথনাটক আন্দোলনের হাতিয়ার ছিল, তা এখন নিপ্রভ। এখন যেন আর সংকট নেই, তাই পথনাটকেরও প্রয়োজন নেই। পথের নাটকের কাজই হচ্ছে রাজনৈতিক পালাবদলে ভূমিকা রাখা। কথাটি আদৌ সত্যি নয়।

দেশে দুর্নীতি চরম আকার ধারণ করেছে, জবামূল্য মধ্যবিত্তের নাভিস্তাস তুলে ফেলেছে। কেভিড-১৯-এর সময়ে যে দুঃসহ, অমানবিক, দুর্নীতি ঘটেছে, তার বিচারের জন্য জনগণ সরকারের দিকে চেয়ে থেকেছে। সমস্যাটি সামাজিক সমস্যায় পরিণত হয়নি। নাটক এ কাজগুলো করতে পারেনি। সমাজকে সচেতন করে কাজের প্রতি ঘৃণার উদ্ভেক করতে পারে। সে কাজটি এখন অনুপস্থিত। রাজনৈতিক সমস্যায় যে জনগণ প্রতিমুহুর্তে পীড়িত হচ্ছে, সেই সমস্যাগুলো নাটকে আসছে না। নাটক শেকড়ের কথা বলছে, সেখানে আখ্যান রচিত হচ্ছে কিন্তু মানুষের প্রাণের কথা উচ্চারিত না হলে, দর্শক কেন নাটক দেখতে আসবে। এখনো যেসব নাটকে জীবনের কথা আসে, সমসাময়িক ঘটনাপ্রবাহের কথা আসে, সেই নাটকগুলো দর্শকনিন্দিত হয়, মানুষ নাটক দেখে নতুন ভাবনায় উজ্জীবিত হয়।

নাটকের যে প্রবল শক্তি তা পরের দিন কবি ওমর কায়সারের বরণের কথকতায় স্পষ্ট হয়ে উঠল। তিনি গান্ধীর উদাহরণ দিয়েছেন—যে চরকরা পাশে গান্ধীর ছবিটি দেখা যায়, সেই গান্ধীর চরিত্রকে জীবন্ত করার জন্য একজন অভিনেতার প্রয়োজন হয়, তিনি বেন কিসলো। আবার আহমদ ইকবাল হায়দার যখন মঞ্চে দাঁড়িয়ে অসহ্য যন্ত্রণায় কাতর হন, সফেক্লিসের ইডিপাস শক্তির তখন প্রবল অনুভব করা যায়। মানুষ সেই চরিত্রকে দেখে যন্ত্রণায় পীড়িত হয়, তার অনুভবের মধ্যে প্রবিস্ত হয় একজন দুর্ভাগা মানুষের। নাটকের শক্তি সেখানেই। ১৯৩০ সালে নবাব সিরাজ উদ্দৌলাহ নাটকে একজন



নাট্যকর্মীরা নির্ভেজালভাবে নিজের খেয়ে বনের মোষ তাড়িয়েছেন। ছবি সৌজন্য : নাগরিক নাট্য সম্প্রদায়

অভিনেতা যখন বাংলার শেষ স্বাধীন নবাবের চরিত্রে মঞ্চে অথবা যাত্রার প্যাড্ডেলে আবির্ভূত হন, দর্শক তখন তাই দেখে দেশপ্রেমে উদ্ভূত হন।

প্রায় ৫০ বছরে আমাদের নাট্যমঞ্চে ও পথনাটকে অনেক চরিত্র মানুষকে শুধু বিমোহিত করেনি, অনুপ্রাণিত করেছে। বোঝা যায়, নাটকের শক্তিতা কোথায়? জীবনের রূঢ় সত্যকে যখন সাহসের সঙ্গে কোনো নাটক প্রকাশ করে, তখনই চিন্তার এক নবদিগন্ত সৃষ্টি হয়। এসব কথার মাঝে মলয় ভৌমিক বিশাল বাংলায় নাট্যচর্চার একটি খতিয়ান ও বিশ্লেষণ তুলে ধরেন। সেখানে মঞ্চনাটক প্রসারিত হয়ে পথনাটকের মুক্ত নাটকে রূপান্তর ঘটে। বিশাল বাংলার কার্যক্রমকে যখন তিনি তুলে ধরলেন, তখন মনে হয় ৫০ বছরে এ দেশের নাট্যকর্মীরা কত বিশাল কর্মকাণ্ড করেছেন। সেই বিশালতার কথা ভাবলে তার পেছনে কত কম পৃষ্ঠপোষকতা ছিল সরকারের। একেবারেই ছিল না বললে কোনো কোনো ক্ষেত্রে অতৃপ্তি হবে না, শুধু দর্শকের পৃষ্ঠপোষকতায় এত দূর এগিয়ে আসা।

৫০ বছরের সরকারি উদযাপনের জৌলুশ দেখে একেবারেই অনুমান করা ঠিক হবে না যে এমনি সরকারি অর্থের বিপুল ব্যয় দুদিনেই নিঃশেষিত হয়েছে। এই যে নাট্যকর্মীদের অসাম্য, জখণণের চোখে পড়েছে। আবার এ কথাও ঠিক, নাটকের লোকেরা চিরকালই শাসকগোষ্ঠীর চক্ষুঃশূল। তাঁরা প্রতিবাদী সেটাও পুঁজিবাদী ও

সমাজতান্ত্রিক—এ দুটি ব্যবস্থায়ই শাসকের রক্তচক্ষু দেখেছে। যে কারণে ১৮৭৬ সালে ব্রিটিশ অভিনয় নিয়ন্ত্রণ আইন চালু করেছিল। আজকের বাস্তবতায় অর্থ একটি বড় বিষয় হয়ে দাঁড়িয়েছে। নাটক করতে গেলে অর্থ লাগে, নাটকের কলাকুশলীরা অর্থ না নিলেও আরও অনেক খরচ আছে। সেগুলোর দায় মেটাতেই হয়, যে কারণে অতীতে নাটকের লোকেরা স্বীর গয়না থেকে শুরু করে ঘরবাড়ি বিক্রি করে সর্বস্বান্ত হয়েছেন।

চট্টগ্রামের থিয়েটার ইনস্টিটিউটে দুদিন কাটিয়ে নিজেকে খুব সুখী মনে হয়েছে। এত স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ, ভাববিনিময়, তর্কবিতর্ক এবং শিল্পীদের হৃদয়ের তাপ পেয়ে বারবারই একটা ভাবনা মনে এসেছে—থিয়েটার মানুষকে কত মুক্ত করে দেয়! মনে পড়ল, বহরমপুরের এক সেমিনারে একজন অভিনেত্রী বলে ফেললেন, “নাটক নারীকে মুক্তি দেয়।” শুনে একটু অবাক হয়েছিলাম। পরে তিনি ব্যাখ্যা করলেন এভাবে: নারীর শৃঙ্খল সর্বত্র—পরিবারে, সমাজে ও রাষ্ট্রে।

কিন্তু এই নারীই যখন অভিনয় করেন, নিজেকে প্রকাশ করেন, দর্শক যখন তাঁর অভিনয়ে প্রভাবিত হন, তখন অভিনেত্রী তাঁর শক্তিকে অনুভব করতে পারেন। যে অনুভবটা সংসারে হয় না, মাতৃত্বে হয় না, স্বামীর কাছে হয় না অথচ নাটকে হয়, যখন তিনি সেই উত্তাপ ছড়াতে পারেন এবং নিজেরও তা অনুভব করেন।

থিয়েটারে যাঁরা আসেন, তাঁরা কেমন হন? কবি

ওমর কায়সারের ভাষায়, আহমদ ইকবাল হায়দারকে ব্যাখ্যা করার সময় তিনি বলেন, তাঁর নাট্যব্যক্তিত্ব হওয়ার পেছনের গল্পটা এই ঘুড়ি ওড়ানোর বালকের মতো। মা-বাবার আদরের লালিত বালকের ইচ্ছে হলো ছেলে ঘুড়ি ওড়াবে, বাবা পকেট থেকে টাকা বের করে বললেন, ‘মা, বাজার থেকে সব কিনে নিয়ে আয়।’ না, না এ রকম কোনো সহজপ্রাপ্যতা হায়দারের হয়ে ওঠার মধ্যে নেই। মাটি কেটে কেটে সে পাহাড় করেছে। থিয়েটার কোনো একার সাধনা নয়, এটা আমাদের আদি সমাজের সংস্কৃতির মতো-যুথবদ্ধ মানুষের কর্মযজ্ঞ, তাদের সংগ্রাম, অস্তিত্ব চিকিয়ে রাখার সংগ্রাম। এর সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে সহস্র রকমের সীমাবদ্ধতা, শত শত বাধার ভেতরে যুথবদ্ধতা, ঐক্য চিকিয়ে রাখা। আমাদের মতো সমাজে থিয়েটারের দল মানে ঝঞ্ঝাবিক্ষুদ্ধ সাপারে ভাসমান এক একটি জাহাজ। সেই জাহাজকে সচল রাখতে ক্যাপ্টেনের যে কী অপরিসীম শ্রম, তা থিয়েটারের মানুষ ছাড়া আর কারও বোঝার উপায় নেই।

এত সব প্রতিকূলতা সত্ত্বেও আমাদের দেশে থিয়েটারে কোনো পেশাদারত্ব গড়ে ওঠেনি। কিছুদিন আগেও থিয়েটার শেখার জন্য কোনো একাডেমি ছিল না। এখন বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ে থিয়েটারের ডিপার্টমেন্ট হয়েছে। সেখানে অনার্স ও মাস্টারের ডিগ্রিও দেওয়া হয়। পাস করার পর তাঁদের অধিকাংশের আর থিয়েটার করা হয় না। জীবিকার জন্য

দু-একজন হয়তো শিক্ষকতার চাকরি পান। বছবার চেষ্টা করেছি স্কুল-কলেজে নাট্যশিক্ষা চালু করার। তাহলে চারুকলা থেকে পাস করা ছেলেরা যেমন স্কুলে ড্রয়িং শিক্ষকের চাকরি পান, তেমনি ড্রামা শিক্ষকেরও চাকরি হতো। উন্নত দেশগুলোয় এ ব্যবস্থা চালু আছে।

সরকারের শিক্ষা বিভাগ এ ব্যাপারে কানে ভালো করে তুলনা দিয়েছে। অথচ ধর্মীয় শিক্ষায় সব রকমের সুযোগ-সুবিধা দিতে তারা ভীষণ উদার। দুর্ভাগ্য, দেশে পেশাদারত্ব নেই বলে থিয়েটারের লোকদের জীবিকার জন্য অন্য একটি পেশায় কাজ করতে হয়। যদিও আহমদ ইকবাল হায়দারের মতো হাতে গোনা কয়েকজন সার্বক্ষণিক থিয়েটার চর্চায় যুক্ত আছেন। মুক্তিযুদ্ধের এক উজ্জ্বল ফসল এই থিয়েটার। থিয়েটারের লোকদের কাছে জীবন্ত হয়ে আছে মুক্তিযুদ্ধের চেতনা। যুদ্ধাপরাধীদের বিচারের দাবিতে, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে, গণতান্ত্রিক সংগ্রামে নাট্যকর্মীরা চিরজাগ্রত। মুক্তিযুদ্ধে পাশের যে যোদ্ধা প্রাণ দিলেন, তাঁর রক্তাক্ত দেহকে এখনো চোখের সামনে এনে আমরা বলি, তোমাদের এই রক্তদান বুখা যেতে দেব না। মঞ্চে মুক্তিযুদ্ধের বিরুদ্ধে একটি সংলাপও উচ্চারিত হতে দেব না। চট্টগ্রামের তির্ষকের আয়োজনে আহমদ ইকবাল হায়দারের অনুষ্ঠানে আবার সেই চেতনা নতুন করে জাগ্রত হলো।

মামুনুর রশীদ, নাট্যব্যক্তিত্ব

আপনি যদি এমন কেউ হন যিনি বইগুলোকে তার একটি সম্পদ মনে করেন, তাহলে আপনার বইগুলো হলুদ হয়ে যাওয়ার বিষয়ে আপনার অবসাদগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। টিভি কুইজের একটি খেলায় প্রশ্ন করা হয়েছিল— আপনার বাড়িতে আশুন লাগলে আপনি কোন একটি জিনিস রক্ষা করবেন? অনেকেই বলেছিলেন তাঁদের বইগুলো। আসলে বইপ্রেমীদের জন্য তাঁদের বই-ই সবকিছু। আমরা আমাদের বইগুলোকে নিরাপদ ও সুরক্ষিত রাখতে চাই। তবে বইয়ের একটি অনিবার্য প্রক্রিয়া রয়েছে, যা আমরা ঠেকিয়ে রাখতে পারি না এবং তা হলো— বইয়ের হলুদ হয়ে যাওয়া।

একটা মৌলিক বিজ্ঞান হলো কাগজ কাঠের তৈরি, যা সেলুলোজ এবং কাঠের উপাদান লিগনিন নিয়ে গঠিত। এখন লিগনিন এবং সেলুলোজ— উভয় উপাদানই অক্সিডেশনপ্রবণ। এবং এই অক্সিডেশনই কাগজটিকে প্রথমে হলুদ এবং অবশেষে বাদামী হওয়ার জন্য দায়ী। যাহোক, এমন কিছু টিপস রয়েছে যা ব্যবহার করে আপনি আপনার বইগুলোকে এমনভাবে সংরক্ষণ করতে পারেন, যা তাদের হলুদ হয়ে যাওয়ার অনিবার্য প্রক্রিয়াটিকে বিলম্বিত করবে: আপনার বইগুলো সূর্যালোককে ঘৃণা করে। অনেকেই বিশ্বাস করেন যে তাঁদের বইগুলোকে সূর্যের আলো পোহাতে দিলে সুরক্ষিত থাকবে এবং হলুদ হওয়া থেকে রক্ষা পাবে। তাঁদের জন্য ব্রেকিং নিউজ হলো—সূর্যের আলো আপনার বইগুলোকে মেরে ফেলবে!

সূতরাং দয়া করে নির্ভূর হবেন না। এখনই বইগুলোকে সূর্যের আলোতে রাখা বন্ধ করুন। সূর্যালোক অতিবেগুনী রশ্মি বিকিরণ করে, যা কাগজের জন্য খুবই বিপজ্জনক এবং আপনার বইয়ের জন্য মোটেও নিরাপদ নয়। উন্নত দেশের লাইব্রেরি, আর্কাইভ এবং জাদুঘর যেগুলো প্রাচীন এবং দুর্লভ বই সংরক্ষণ করে। তারা সেই মূল্যবান বইগুলিকে UV ফিল্টারসহ একটি ঘরে রাখে। কিন্তু আমরা ঘরে UV ফিল্টার বসাতে পারব না। কারণ এগুলো বেশ ব্যয়বহুল। তাই পড়ার শেষে বইগুলো বইয়ের আলমারিতে রাখুন এবং নিশ্চিত করুন যেন সূর্যের আলো আপনার বুকশেলফে না পৌঁছায়। এটি আপনার বইগুলোকে হলুদ হওয়া থেকে রক্ষা করার জন্য যথেষ্ট হবে।

বায়ুর নিয়ন্ত্রিত সঞ্চালন: আপনার কেনা শেষ কয়েকটি নতুন আসবাবপত্র বিবেচনা করুন — হয়ত চামড়ার ব্যাগ, কাঠের ফার্নিচার, নতুন গাড়ি—এগুলোতে প্রথম কয়েকদিন এক ধরনের গন্ধ পাওয়া যায়। এই গন্ধটি ফিনিশিং, পেইন্ট, আঠা এবং অন্যান্য পদার্থের রাসায়নিক কণা নির্গত হওয়ার ফলে হয়ে থাকে যাকে বলে অফ-গ্যাসিং। আপনার বইটি যে আলমারি বা সেলফে রাখছেন সেখান থেকেও এই অফ-গ্যাসিং হতে পারে, যা বইয়ের হলুদ হওয়াকে ত্বরান্বিত করে। অনেক সময় এই অফ-গ্যাসিংটা হয়ত টের পাওয়া যায় না। তাই এটি সামলানোর জন্য বই যেখানে রাখা হচ্ছে সেখানে পর্যাপ্ত বায়ু প্রবাহের ব্যবস্থা করুন। আবার ক্ষতিকারক গ্যাস থেকে আপনার



প্রিয় বইগুলো হলুদ হওয়া থেকে রক্ষার টিপস!

আবদুদ্বাহ জাহিদ

বইগুলোকে রক্ষা করার একটি ভাল উপায় হলো বইয়ের তাকগুলোতে প্রতিরক্ষামূলক আন্তরণের কাগজ রাখা এবং তারপর আপনার বইগুলো রাখা। আন্তরণের কাগজ কাঠ এবং বইয়ের মধ্যে একটি বাধা হিসাবে কাজ করে। তাই আপনার বইগুলোকে হলুদ হওয়া থেকে নিরাপদ রাখে। আপনি স্টেশনারি দোকানে, এমনকি বিভিন্ন ধরনের কাপড় বিক্রির দোকানগুলোতে সহজেই আন্তরণের কাগজ পাবেন। ভাগ করুন এবং শাসন করুন: হ্যাঁ, আপনার বইগুলো হলুদ হওয়া থেকে সুরক্ষিত রাখতে আপনাকে বিভাজকের ভূমিকা

পালন করতে হবে। যে বইগুলো ইতিমধ্যে হলুদ হয়ে গেছে সেগুলো বাকিগুলো থেকে আলাদা করুন। যে বইগুলো হলুদ হয়ে গেছে সম্ভবত সেগুলোর অফ-গ্যাসিং সত্যিই খারাপ এবং আপনি চান না যে, আপনার বাকি বইগুলো সেই ক্ষতিকারক গ্যাস শোষণ করুক। তাই শুধু হলুদ বইগুলো আলাদা করে রাখুন এবং আলাদা শেলফে রাখুন বা প্রয়োজনে আলাদা বইয়ের আলমারিতে রাখুন।

আর্দ্রতা সূর্যালোকের মতোই খারাপ: বাতাস আপনার বইয়ের জন্য ভালো। তবে তা কিন্তু খারাপও হতে পারে। বায়ু সম্পর্কে খারাপ দিকটা

হলো তা আর্দ্রতা বহন করে। আর কাগজ বাতাস থেকে জল শুষে নিতে পারে। আর এই আর্দ্রতা দ্রুত কাগজের ক্ষয় বৃদ্ধি করে। সূতরাং আর্দ্রতা আপনার বইয়ের জন্য অত্যন্ত ক্ষতিকারক। বইয়ের জন্য আদর্শ আর্দ্রতা হলো ৩০ শতাংশ থেকে ৫০ শতাংশ পর্যন্ত। সূতরাং আপনার বইগুলো একটি নিয়ন্ত্রিত আর্দ্রতার পরিস্থিতিতে রাখার চেষ্টা করুন।

তাপমাত্রার সামঞ্জস্যতা: তাপমাত্রার অত্যধিক ওঠানামা কাগজের জন্য ক্ষতিকর। বিশেষ করে তাপ। তাপ বইয়ের জন্য খুব খারাপ। তাপমাত্রা যদি ওঠানামা করতে থাকে তাহলে

নয়,ভয় দেখাবার জন্য অল্প কিছু পিল খেয়েছিল মেয়েটি। কৃতজ্ঞ নিমু রোগী নিয়ে যাবার সময় বাড়ির ঠিকানা দিয়ে অনুরোধ করে গেল বাসায়

যাবার। সে আমন্ত্রণে নিমুদের বাসায় যাওয়া। আস্তে আস্তে প্রকৃতিই দুজনকে বেঁধে দিলো একসাথে। চমৎকার স্বপ্নের মতো দিন কাটে, জেগে জেগে স্বপ্ন দেখে নিখুঁম রাতকাটে। রিক্সায় ছড় তুলে ঘোরা, রমনা পার্কের সবুজ ঘাসের গালিচায় বসে বাদাম খাওয়া, নিমু বাদামের খোসা ছাড়িয়ে না

ধক্ করে উঠলো সাতষটি বছরের বুকটা, ঠিক সেই তেইশ বছরের বুকের অনুভূতির মতো। সুবির ফোনে ধরিয়ে দিয়েছিল।
আবেগ সামলে স্বাভাবিক ভাবেই কথা বলেছিল রাজা। নিমু স্বাভাবিক উচ্ছল, যেন রোজই কথা হয় তাদের। প্রকৃতিই বোধহয় মেয়েদের এমন শক্তিশালী করে রেখেছে। রাঁদেভু ঠিক হয় তখনই।

অন্যমনস্ক হয়ে গিয়েছিল রাজা। আনমনে বুঝলো কেউ এসে দাঁড়িয়েছে। আস্তে আস্তে উঠে দাঁড়ায় রাজা। সরাসরি তাকায় নিমুর দিকে। বিপুল বিন্ময় প্রথমেই, নিমু পরেছে সেই স্বপ্নের মতো সময়ের রাজার পছন্দের কচি কলাপাতা রঙের শাড়ি,বটলগ্রীন রাউজ। একসময় রাজা বলতো ‘এই শাড়িতে তোমাকে দেবী প্রতিমার মতো লাগে নিমু’।

সময় ছাপ ফেলেছে, তবু চেনা যায়! চাহনি,হাসি তেমনি। গালের ঠোলটাও আছে। নিমু ভাবে,‘বাহ্ বয়স হলে কি হবে, আমার রাজপুত্রুরটা তো তেমনি আছে! তেমনি ধীরোদান্ত! তেমনি সুন্দর দেখতে!’

কথা হয় তাদের স্বামী-পুত্র-কন্যা নিয়ে। কথা হয় স্ত্রী-কন্যা-পুত্র নিয়ে। কথা হয় লস এ্যান্‌জেলিস ভারি চমৎকার শহর, চমৎকার এক আবহাওয়া। শরীর স্বাস্থ্যের খোঁজ খবর হল। ইটালিয়ান ফুড আসলেই ভালো। আর পুরনো পরিচিতরা কে কোথায় কেমন আছে তার কথা হলো। কথা বলতে বলতে রাজা সসের শিশি এগিয়ে দেয় নিমুর দিকে, নিমু পিজ্জার একটা টুকরো তুলে দেয় রাজার প্লেটে। যেমন তারা পরস্পরকে তুলে দিতো সেই স্বপ্নের মতো সময়ে চীনে রেষ্টোরাঁয় খেতে গেলে।

কোন প্রেমের কথা হলো না, কোন অভিযোগ উঠলো না, কোন আক্ষেপের উচ্চারণ হলো না। কোন হাহাকার শোনা গেল না। একজন সাতষটির আর একজন তেষটির মধ্যে যেভাবে কথা চলা উচিত, সেভাবেই কথা হলো।

এবার ফেরার পালা। দুজনেই উঠে দাঁড়ায়। রাজার আবেগের মুখে চাপা দেয়া পাথরটা বোধহয় একটু নেড়ি যায়, বলে “বড় খুশি হয়েছি নিমু, তুমি আমার প্রিয় সাজে এসেছো। কচি কলাপাতা রঙ শাড়ি, বটলগ্রীন রাউজ, তোমাকে দেবী প্রতিমার মতো লাগছে”!

আপনি যদি আপনার বইয়ের সংগ্রহকে **হলুদ হওয়া থেকে রক্ষা করতে চান তবে পাইরেটেড বইগুলোকে না বলুন। মনে রাখবেন অন্য সবকিছুর মতো বইয়ের বয়স বাড়়ে এবং এটি অনিবার্য মৃত্যুর মতো** যা আমরা এড়াতে পারি না। তাহলে কেন এমন কিছু নিয়ে উদ্বিগ্ন হব যা আমাদের নিয়ন্ত্রণে নেই, তাই না? এই সমস্ত টিপস চেষ্টা করে দেখুন।

আপনার বইগুলো হলুদ হয়ে যাবে এবং খুব দ্রুত দাগ পড়বে। এ কারণেই আপনার বইয়ের আলমারি শীতাতপ নিয়ন্ত্রিত ঘরে রাখা উচিত নয়। পরিবর্তে আপনার বইয়ের আলমারিটি একটি মাঝারি ঠাণ্ডা ঘরে রাখুন যা একই সময়ে শুষ্ক।

পাইরেটেড বইকে না বলুন: সেকেন্ড হ্যান্ড বই কেনা এক জিনিস এবং পাইরেটেড বই কেনা সম্পূর্ণ আলাদা। সেকেন্ড হ্যান্ড বই সম্ভবত হলুদ হতে চলেছে এবং এটি সম্পূর্ণ ঠিক আছে। অনেকের কাছে পুরোনো বইয়ের একটি স্বতন্ত্র আবেদন আছে। সূতরাং আপনি যদি সেকেন্ড হ্যান্ড বই কিনতে পছন্দ করেন তবে ঠিক আছে। শুধু তাদের একটি ভিন্ন বইয়ের আলমারিতে রাখুন। কিন্তু পাইরেটেড বই কেনা বন্ধ করুন। পাইরেটেড বইগুলো লোভনীয় কারণ তারা সস্তা। এগুলো সবসময় খারাপ মানের কাগজ দিয়ে তৈরি করা হয়। আর সেকারণেই তারা খুব দ্রুত হলুদ হয়ে যায়। সূতরাং আপনি যদি আপনার বইয়ের সংগ্রহকে হলুদ হওয়া থেকে রক্ষা করতে চান তবে পাইরেটেড বইগুলোকে না বলুন। মনে রাখবেন অন্য সবকিছুর মতো বইয়ের বয়স বাড়়ে এবং এটি অনিবার্য মৃত্যুর মতো যা আমরা এড়াতে পারি না। তাহলে কেন এমন কিছু নিয়ে উদ্বিগ্ন হব যা আমাদের নিয়ন্ত্রণে নেই, তাই না? এই সমস্ত টিপস চেষ্টা করে দেখুন। তবে নিশ্চিত করুন যে আপনি আপনার বইগুলোকে হলুদ হয়ে যাওয়ার জন্য বিষগ্ন হয়ে পড়ছেন না। আসলে আপনার বইগুলো হলুদ হয়ে গেলেও তাদের ভালোবাসার চেষ্টা করুন, আপনার দৃষ্টিভঙ্গি পরিবর্তন করুন। একটি বই যা এখন হলুদ হয়ে গেছে তা একসময় আপনার পছন্দ হয়েছিল এবং আপনি কত উৎসাহ নিয়ে সেটি পড়েছেন। এটা আপনার স্মৃতি বহন করে এবং ওয়াইনের মতোই আপনার বইগুলো যত পুরোনো হবে, সেগুলো তত মূল্যবান হবে। তাদের নতুন রাখার চেষ্টা করা বার্ষিকার স্বাভাবিক প্রক্রিয়ায় অস্বীকার করার মতো। সূতরাং মেনে নিন যে আমাদের মতো বইও পুরোনো হয়ে যায়। এটাই স্বাভাবিক।

আবদুদ্বাহ জাহিদ, কুইন্স লাইব্রেরি নিউইয়র্ক, হলিস শাখার ম্যানেজার myshathi@gmail.com



এক মন্দির অপরাহ্লে

কাজী ইসলাম

হিসেব করে ডা.রেজানুর রহমান রাজা, ঠিক তেতাল্লিশ বছর তিনমাস দুইদিন পর আজ তার দেখা হবে নিমুর সঙ্গে। পুরো নাম নাসিমা পারভীন নিমু সাতষটি বছরের রাজার সঙ্গে তেঘটি বছরের নিমুর আজ দেখা হবে সাত সন্মুদ্রের তের নদীর পারে প্রশান্ত মহাসাগরের তীরে আমেরিকার লস্ এ্যান্‌জেলিস শহরে। দেখা হবে একটা ইটালিয়ান রেষ্টোঁরায়। তাদের শেষ দেখা হয়েছিল ১৯৭৪ সালের ২৩শে জুন। তারিখটা মনে পের্থে আছে রাজার। দেখা কি হয়েছিল? দুজনের চোখই তো জলে ঝাপসা ছিল তখন। বয়স তখন একজনের তেইশ, আরেকজনের উনিশ।

একুশ-বাইশ-তেইশ বছরের রাজা আর সতেরো-আঠারো-উনিশ বছরের নিমু মাঝে মাঝে

চায়নিজ খেতে যেতো বাংচিনে। প্রথমদেখা হওয়ার সময় রাজার বয়স একুশ আর নিমুর সতেরো। বলাকা সিনেমার তিন তলায় ছিলো চিনে খাবারের রেষ্টোঁরাটা।আধো আলো, আধো আঁধারির মায়াবী পরিবেশ ঢাকার রেষ্টোঁরায় বোধহয় ওরাই প্রথম চালু করেছিলো।

সাতষটির রাজা বসে আছে এক ইটালিয়ান রেষ্টোঁরার রিজার্ভ করা টেবিলে। এখন দুপুর ১.১৫ মিনিট। নিমুকে ঠিকানা টেক্সট করে দেয়া আছে, উবার নিয়ে ঠিক চলে আসবে। ফেরার সময় পৌঁছে দেবে রাজ। আজ রাত দশটায় নিমুর ঢাকা ফেরার উড়ান। রাজা আজ পরেছে তাদের সেই স্বপ্নের মতো সময়ে নিমুর পছন্দের অফ হোয়াইট প্যান্ট, বক সাদা ফুল হাতা শাট। কি চমৎকার জীবন ছিলো

তাদের। রাজা ঢাকা মেডিকেল কলেজে পড়তো আর নিমু বদরুন্নেসা কলেজে। পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে। বদরুন্নেসায় পড়ার সময় মেডিকেল কলেজ আর শহিদ ডা. ফজলে রাব্বি ছাত্রাবাসে যাতায়াতের সময় কয়েকবারই চোখাচোখি হয়েছে মেয়েটির সাথে। প্রিয়দর্শিনী ছিলো মেয়েটি। বিশেষত্ব ছিলো, সব সময় শাড়ি পরতো। শাড়ি পরতো সেই সময়, যখন বাংলাদেশের মেয়েরা সালোয়ার কামিজে বুঁকেছে। সেদিন হাসপাতালের ইমার্জেন্সিতে ছিলো রাজা। তারপর ছড়মুড় করে একটা পরিবার ঢুকলো ইমার্জেন্সিতে। তাদের একটা মেয়ে নাকি অনেকগুলো স্লিপিং পিল খেয়েছে। সেই মেয়েটির খালাতো বোনছিলো নিমু। ছোট্টাছুটি করে স্ট্রোম্যাক ওয়াশের ব্যবস্থা করেছিল রাজা। বেশি

‘কবিতার এক পাতা’ সম্পাদকীয় নিজস্ব নীতিমালা অবশ্যই অনুসরণ করে। তার চলার নিজস্ব ধরন আছে, নির্দিষ্ট লক্ষ্য আছে। ‘কবিতার এক পাতা’ বাঁধা ছক মানে না। গণ্ডিবদ্ধ থাকে না। কবিদেরও থাকে চিন্তার জগতে অবাধ বিচরণের সুবিধা! পরীক্ষা-নিরীক্ষার সুযোগ তাঁরা করতে পারেন। আমরা তাঁদের সহযোগিতা পরম শ্রদ্ধাভরে গ্রহণ করি! যুক্তরাষ্ট্র, কানাডা ও বাংলাদেশের আটজন কবির কবিতায় সাজানো ‘কবিতার এক পাতা’ ডিসেম্বর সংখ্যা। সকলের প্রতি কৃতজ্ঞতা! আপনাদের জন্যে এক বুক ভালোবাসা! মহান মুক্তিযুদ্ধের বিজয়ের শুভেচ্ছা সকলকে। প্রাণপ্রিয় স্বদেশভূমিকে শত্রুমুক্ত করে বিজয় ছিনিয়ে আনতে যাঁরা আত্মোৎসর্গ করেছেন, সন্ত্রম দিয়েছেন তাঁদের জন্য আমাদের চির শ্রদ্ধা, চির ভালোবাসা!—ফারুক ফয়সল

ক বি তা র এ ক পা তা

নির্দিষ্ট ঋতু

মঈনুস সুলতান

নির্দিষ্ট ঋতুতে প্রজাপতির অন্তরে জাগে ভ্রমণ স্পৃহা
হয় তারা অভিবাসী,
আছে পঞ্জিকায় দিনক্ষণ ক্যানোপাস নক্ষত্রটি যখন
দিগন্ত রেখায় ওঠে উদ্ভাসি;

কোন কোন ঋতুতে বৃক্ষরা হয় পরিণত
সাবুজিক মস্ত্রে ফুকারে বর্ণের স্তব,
পারে না হতে পাপড়ি সমীরে সংযত
কিছু পুষ্প ছড়ায় বেপরোয়া সৌরভ;
নেই নির্দিষ্ট ঋতু কিংবা সঠিক লগ্ন
ভেতরে আমার চলে সর্বদা সহজিয়া আন্দোলন,
ভালোবেসে হৃদয় হয় বারংবার ভগ্ন,
বাগিচায় অযত্নে গড়িয়ে ওঠে আগাছার বন;

নেই নির্ধারিত মৌসুম— হয় না শেষ মায়ু-যুদ্ধের,
প্রব্রাজ্য সরণীর গুচ্ছাতে ধ্যানে জাগ্রত তারামুম,
শ্যাভাগন প্যাগোডার চত্বরে জমে সংলাপ— অমিতাভ বুদ্ধের।

গড়খাইয়ের ওপারে নেমে গেছে বিক্ষত চাঁদ

তমিজ উদ্ দীন লোদী

আশ্ফালনের কোনো পরিসীমা নেই। অন্ধকার মুঠোয় ধরেছে
তমসার পূজারিণী। যেন প্রেতসাধক আঁকড়ে ধরেছে প্রেতযোনি।
আহত সাপের মতো হিংস্র হয়ে উঠেছে সময়। কে তবে সামগান করে
তুলবে তাকে।

গড়খাইয়ের ওপারে নেমে গেছে বিক্ষত চাঁদ।
দুপুর আচ্ছন্ন ধুলিঝড়ে। মেঘমল্লের মতো উড়ছে বালি।
অন্ধতা জেঁকে বসে আছে। হাতড়ে চলেছে একাধিক ঘোড়সওয়ারি।

কে করবে মস্ত্রোচ্চারণ? কোথায় সেই ধ্যানস্থ পরিযায়ী?
কোথায় সেই জ্ঞানভারানত ধ্যানীপুরুষ, জ্ঞানরাজ্যে আশিরপদনখ
বিনয়াবনত?
কে ঝুঁড়ে তুলবে বলো একদার হারানো পাথর!

বাগান ও বসন্ত

জিলনুর রহমান

টিউলিপ জ্বলজ্বল করে, গোলাপেও লাল আভা—
ফুলের আত্মার বুকে জ্বলেছে চিরাগ।
সন্ধ্যায় বাগান থেকে কিছু দূরে সরে এলে
আপেলের সঙ্গ পায় প্রিয় পীচ ফল,
চূহনের আকাঙ্ক্ষায় গোলাপের কাছে ঘেঁষে জুঁই।

এসব বসন্ত কথা আমাদের সবটুকু জানা
কেবল চিরাগখানি অন্তর্হিত বুকের ভেতর থেকে
কলবে জ্বলে আলো জেগে উঠতো অনায়াসে
অমাবস্যার জোছনা বসন্তের মাঝরাতে...

হৃদয়ে গোলাপ রেখে নত হলে শুভ্র নম্রতায়
বাগানে বসন্ত নামে অস্রাণের শুকনো বাতাসে



যমজ কবিতা

তুষার গায়েন

(এক)
কতদূর গিয়েছ তুমি ছায়াচ্ছন্ন পথে
যেখানে নদী আর কাশফুল জড়াজড়ি করে থাকে
ধূসর কুয়াশার সাদা নদীপটে নরম কাশফুল
বিস্তৃত হতে ডাকে নীলাকাশ অনেক উঁচু মাথার উপরে
তুমি এলে নারী, গায়ে দিয়ে আকাশের নীল শাড়ি
বিন্ময়ভরা দু’চোখের গাঢ় দৃষ্টিপাতে...
নদী, নারী আর কাশফুল তারা যে নারীত্রয়ী
সৃষ্টির বেদনাকে রূপ দিতে জানে!
(দুই)
অনেক রাত হয়েছে এখন অনেক রাত
যখন নিঃশেষ সব উদ্যম, অবসাদ
তন্দ্রাচ্ছন্ন ঘুমিয়ে পড়ার আগে
কথা হ’ল পৃথিবীর উল্টো পাড়ে
যে এখন ছুটিছে উর্ধ্বশ্বাস, অনেক
কাজ তার ওখানের তপ্ত রোদে
দূরত্ব ঘুচিয়ে দেয় আমাদের মাঝে
শব্দগুলো ছড়িয়ে দেয়া অদৃশ্য মাধ্যমে
অবসাদ আর উদ্যমে তবে কী আর
পার্থক্য থাকে, যখন শব্দগুলো আমাদের
গাঁথে অসীম দূরত্ব জলের মতো মুছে দিয়ে



একা আমি ধানগাছ

ওবায়েদ আকাশ

একবার একটু বসতে দিন
জুতোগুলো বেজায় হিংসুটে
পুরোটা শহরকে অনাত্মীয় করে ছেড়েছে
গাভর্তি রাজপ্রাসাদ, ধুলোময়লা, কলোনি, বন্দর

একটু আগেই আজান শুনতে পেয়েছি
শব্দের ধ্বনি
শপিংমলে জনস্রোত, সমীপবর্তী উপকূলে গর্জন
অথচ পৃথিবীর গোরস্থানগুলো এত বেশি চুপচাপ কেন?

কতজন, নিকটজন, দূরজন দেশ-দেশান্তর গেল
সহাস্যে বলে গেল, Coming soon, Bye ...
অথচ কেউ অতটা স্মার্ট করে বলে না
কাল আমার জন্য নিক্রপলিস, সিমেন্ট্রি...

অথবা আমিইবা কী করে বলি
আজ আমার জন্য নির্জনতা, অন্ধকার
অথবা ওই যে অনর্থ মায়ী, ঔরসের মুখ
আমার জন্য অভিমান, সকল ছাড়িয়ে যাওয়া
শূন্যসহান, বাউকুড়ানি ঝড়
অতঃপর বানের জলে হাওয়া
যেখানে তারারা ছিল
উর্ধ্বমুখে পা তুলে ঝুলে আছে সংসারের
হাত,পা, নাভি...

একা আমি ধানগাছ
পৃথিবীর গভীর প্রত্যন্তে বারবার রূপান্তরের নেশা

দুঃখের দিনে

রিমঝিম আহমেদ

ভালো না লাগলে কার কাছে যেতে হয়?
কোন নদীর জলে দেখা যায় আরাধ্য শামুক
সকাল-দুপুর-বিকেল মেখে নখগুলো কালো হয়ে আসে

এই ভরসন্ধ্যায় হু হু উচ্ছৃঙ্খল ঢুকে পড়ছে রাত

কোন গানের পাশে মরে পড়ে আছে একটা মাছি!
তাকে আলগোছে সরিয়ে ঘন হয়ে বসবে কি
তোমার ছায়া— আমার নতমুখের কাছে?

তুমি কি সে-ই দুঃখের পারিজাত?
আমি যাকে ফুটিয়ে তুলেছি প্রার্থনার মতো করে!

নদী কথা

পারভীন শাহনাজ

ঠোঁটের কিনারে রাখা ছিল এক
নদী
চেউ ভেঙেভেঙে আরও কাছে এলে
যদি
বিস্তৃত পাড় লিখেছিল সেই কথা
অনুভবে মেশে রাত্রির নীরবতা
জলের অতলে জল খোঁজে বুঝি
কেউ!
নদীর বেদনা বুকে ধরে রাখে চেউ

নাবিক জেনেছে স্রোতের দীর্ঘশ্বাস
মহাকাল বলে সব নদী ইতিহাস!

বিবর্ণ হলুদ

জেবুন্নেছা জোৎস্না

তোমার বুঝি মন খারাপ? দ্যাখোনি কি আকাশ বহুদিন?
এখানে মায়ার অরণ্যে ছায়ার গুম্ব-লতা নেই!
মর্ত্যের মর্গে, শুকনো পাতার মর্মর উদাসে
তাই যাও তুমি চলে! আহা পারিনি ফিরিয়ে দিতে
তোমার বিবর্ণ হলুদ বিষন্নতাকে ফের সবুজে!

যাও তুমি উড়ে, অতি উচ্চে ওজনের নীলে!
শাসনের অষ্টোবাছ যখন আমায় শ্বাসরোধে—
ভুঁইফোড়ের গজদন্তে বাঁচার অধিকারে
হাইড্রা হয়ে গঁজাই মাথা আমি বারংবারে-

জানো তো, বিলীন হওয়া শব্দরাও অনুদৈর্ঘ্য তরঙ্গে
ভাসে-
তাই তুমি চলে গেলেও, কম্পনাণু বাজে নির্জনে এশ্রাজে!



*May the Joy of Christmas bring
Happiness and Prosperity in your Family*
Wishing you Happy New Year 2022

			
Sukhen Joseph Gomes Club President	Francis Gomes Club President Elect	Cornelious D' Rozario Club Secretary	Promode Allen Gomes Y's Men
			
Angel Fraser, Y's Men	Aldrin Fraser Y's Men	Elias Rozario Y's Men	Linus Tolantinu Y's Men
			
Andrew S. Bulbul Gomes Y's Men	Bobby P. Rebeiro Y's Men	Sinthia Smita Gomes Y's Menette	Maria A. Gomes Y's Menette
			
Anny S. Costa Y's Menette	Rosy Anarose Gomes Y's Menette	Runu Mary Fraser Y's Menette	Snigdha Gomes Y's Menette
			
Lucky Magdeline Rozario Y's Menette	Purnima Anne Gomes Y's Menette	Bithi Maria Gomes Y's Menette	Priyanka Magdeline Gomes Y's Menette



Y Service Club of New York-Jackson Heights

"To acknowledge the duty that accompanies every right"



GOLDEN AGE

HOME CARE

Licensed Home Health Care Agency



CDPAP
Service

**HHA/
PCA**
Service

Skilled
Nursing

Most Popular Home Care Agency

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন

**MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING**

JACKSON HEIGHTS HEAD OFFICE

71-24 35th Avenue Jackson Heights, NY 11372

Ph: **718-775-7852**, Fax: **917-396-4115**

BRONX OFFICE

831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

BROOKLYN OFFICE

509 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115

JAMAICA OFFICE

164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115



Shah Nawaz MBA
President & CEO
Ph: **646-591-8396**


Email: info@goldenagehomecare.com

www. **goldenagehomecare.com**



Marks Home Care

মার্কস হোম কেয়ার



Bronx

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

Brooklyn

413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

Queens

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

Hicksville

217 Bethpage road
Hicksville
NY 11801

Buffalo

1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

- ✓ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট
ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✓ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ
স্বাস্থ্যসেবা
- ✓ আকর্ষণীয় সাম্ভাব্যিক আয়ের
নিশ্চয়তা

আমরা নতুন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

We Welcome
Agency Transfers
and New Clients.



বিস্তারিত জানতে কল করুন

718-697-7707

E-mail : info@markshhc.com | www.markshhc.com

